

একালীকিঙ্কর চক্রবর্ত্তি কর্তৃক

মুদ্রিত।

नकाका ३१३७।

বিজ্ঞাপন।

প্রায় ছাব্বিশ ব্ৎসর পূর্ব্বে ব্রাহ্মসমাজ গৃহে শ্রীযুক্ত বাবু অক্ষয়কুমার দত্ত ও আমি আমরা তুইজনে তত্ত্বোধিনী সভার কার্য্য করিতাম ইহা ১৭৯৪ শকের ফাল্লণমাসে হঠাৎ একদিন মনে পড়িল। বোধ হইল আমরা যেন সেই প্রকাণ্ড ডেক্সের সম্মুখে এখনও চুই জনে কার্য্য করিতেছি। এইরূপ পূর্ব্বকার বন্ধুতার ব্যাপার হঠাৎ স্মৃতিপথে জাগরুক হওয়াতে অক্ষয়বাবুর সন্দর্শন জন্ম মন ব্যাকুল হইল। তৎপরে একদিন শ্রীযুক্ত বাবু দিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের সমভিব্যাহারে তাঁহার সহিত বালীতে সাক্ষাৎ করিতে গেলাম। সাক্ষাতের সময় নানা-বিধ প্রদঙ্গ উপস্থিত হইল। অক্ষয়বাবু প্রস্তাব করিলেন যে, সেকালের দঙ্গে একাল তুলনা করিয়া যদি কেহ একজন প্রবন্ধ লিখেন তাহা হইলে বড় ভাল হয়। আমি ঐ বিষয়ে প্রবন্ধ লিখিতে ইচ্ছা প্রকাশ করিলাম। ইংরাজী শিক্ষার ইফ বিষয়ে অনেক প্ৰবন্ধ লেখা হইয়াছে. তাহা হইতে যে সকল অনিষ্ট উৎপত্তি হইতেছে তদ্বিষয়ে কেহ প্রবন্ধ লেখেন নাই, আমি সে বিষয়ে একটি প্রবন্ধ লিখি, পূর্বেব

আমার এইরূপ মানদ ছিল। অক্ষয়বাবুর প্রস্তাবিত বিষয় আর এই বিষয়টী প্রায় সমান। পূর্বের মনে মনে এইরূপ ইচ্ছা থাকাতে সহসা অক্ষয়বাবুর প্রস্তাবে সন্মত হইলাম। তৎপরে জাতীয় সভায় ঐ শকের ১১ চৈত্র দিবদে সেকালের সঙ্গে একাল তুলনা করিয়া একটি বক্তৃতা করি। আমার প্রিয় বন্ধু ও ছাত্র শ্রীযুক্ত বাবু ঈশানচন্দ্র বস্থ ঐ বক্তৃতার নোট্ লিখিয়াছিলেন। সেই সকল নোট্ হইতেই বর্ত্তমান প্রবন্ধের উৎপত্তি হয়। প্রবন্ধটি লিখিয়া অক্ষয়বাবুকে দেখান হইয়াছিল। তিনি যে সকল স্থান পরিবর্ত্তন অথবা বে সকল স্থানে নূতন বিষয় সংযোগ করিয়া দিতে বলিয়া-ছিলেন তাহার অধিকাংশ স্থানে তাহা করিয়া দিয়াছি। এই প্রবন্ধ রচনাতে আমার বর্ত্তমান অপটু শরীরে যতদূর পরিশ্রম কুরিতে পারি তাহা করিতে ক্রটি করি নাই; এক্ষণে যাঁহার প্রক্তাকে এই প্রবন্ধ রচিত হইয়াছে তিনি স্নেহের, এবং সাধারণবর্গ অনুগ্রহের, কোমল করপল্লবে ইহা গ্রহণ করিলে আমার পরিশ্রম সার্থক জ্ঞান করিব ইতি।

কলিকাতা, মের্জাপুর, ২২ আধিন, ১৭৯৬ শক।

শ্রীরাজনারায়ণ বহু

ত্র কাল।

কিছু দিন হইল, আমি জাতীয় সভায় হিন্দুধর্মের শ্রেষ্ঠতা বিষয়ে বক্তৃতা করিয়াছিলাম! অদ্য "সে কাল আর এ কাল" এ বিষয়ে কিছু বলিবার মানস করি! "সে কাল আর এ কাল" এই নামটিই কোতৃকজনক। বস্ততঃ আমি আপনাদিন্যের সহিত কোঁতুক ও আমোদ করিব বলিয়াই অদ্য এখানে আগমন করি-রাছি। যেমন সমস্ত দিবস কঠিন পরিশ্রম করিয়া, লোকে সন্ধ্যার সময় প্রিয় বন্ধুদিগের সহিত বিশুদ্ধ আমোদ উপভোগ করিয়া শ্রান্তি দূর করে, তদ্ধপ আমি হিন্দুধর্মের শ্রেষ্ঠতা বিষয়ক বক্তৃতার নিমিত বিবিধ শাস্ত্রান্ত্রেষণ প্রভৃতি কঠিন পরিশ্রম করিয়া, আপনাদের সহিত বিশুদ্ধ আমোদ উপভোগ করিবার জন্য অদ্য এই প্রদক্ষের উত্থাপন করিতেছি। কিন্তু ভরসা করি, অদ্যকার বক্তৃতা কেবল আমোদ জনক হইবে এমন নহে, ইহাতে উপকারও লাভ হইতে পারিবে। কোতৃকছেলে কতক গুলি হিতকর বাক্য বলা আমার অদ্যকার বক্তৃতার প্রধান উদ্দেশ্য।

অদ্যকার বক্তার বিষয় "দে কাল আর এ কাল"। ১৮১৬
খৃষ্টাব্দে হিন্দুকলেজ এই মহানগরে সংস্থাপিত হয়। ১৮৩০
সালে ঐ বিদ্যালয়ের প্রথম ফল ফলে। ঐ বংসরে কতকগুলি
যুবক ইংরাজীতে ক্তবিদ্য হইয়া বিদ্যালয় পরিত্যাগ করেন।
ভাহারী সেই সময়ে ইওরোপীয় বিদ্যার আলোক লাভ করিয়া

সমাজসংস্কার কার্য্যে প্রবৃত্ত হয়েন। সেই সময়ে একটা কুর্তন ভাব হিন্দুসমাজে প্রবিষ্ট হয়। ইংরাজী আমলের প্রথম হইতে হিন্দুকালেজ সংস্থাপন পর্য্যন্ত যে সময় তাহা সে কাল এবং তাহার পরের কাল এ কাল শব্দে নির্দ্ধারণ করিলাম।

প্রথমতঃ আমি নে কালের সংক্ষেপ বিবরণ করিব ও তৎপরে এ কালের সংক্ষেপ বিবরণ করিব । এ কালের বিবরণের সময় সে কালের সঙ্গে তুলনায় এ কালে কোন্ কোন্ বিষয়ে প্রকৃত উন্নতি হইতেছে আর কোন্ কোন্ বিষয়ে প্রকৃত অবনতি হইতেছে তাহা প্রদর্শন করিতে চেষ্টা করিব ।

কোন কাল বর্ণনা করিতে হইলে প্রথমতঃ সেই কালের প্রধান প্রধান প্রেণীর লোকের চিত্র প্রদর্শন করিয়া সেই কালের লোকেরা সাধারণতঃ দৈনিক জীবন কিরপে যাপন করিতেন ও জীবনের প্রধান কার্য্য যথা, ধর্মসাধন, বিষয়কার্য্য সম্পাদন ও আমোদ সম্বোগ কি প্রকারে নির্মাহ করিতেন তাহা বর্ণন করিলে সেই কালের প্রহৃত ছবি মনে প্রতিভাত হইতে পারে ! আমি সে কালের এই রূপ বর্ণনা করিয়া পরে বর্ত্তমান কাল বর্ণনা করিব ! যে সকল আঁচার ব্যবহার ইংরাজী শিক্ষার প্রভাবে ক্রমে তিরো-হিত হইতেছে অথচ এখনও কিছু কিছু আছে তাহা সে কালের আচার ব্যবহার বলিয়া গণ্য করিব !

সে কালের বিষয় বলিতে হইলে সে কালের সাহেবদের বিষয় আথ্রে বলিতে হয়। আপনার। জিজ্ঞাসা করিতে পারেন, যে বাঙ্গালীদের বিষয় বলিতে গিয়া সাহেবদের কথা প্রথমে বলা হয় কেন ? তাহার বিশিষ্ট কারণ আছে। সাহেবেরা আমাদিগের শাষনকর্তা ও তাঁহাদের সহিত আমাদের ঘনিষ্ট সম্বন্ধ।

শহেবদের সহিত আমাদের ঘনিষ্ট সম্বন্ধ থাকা জন্য সে কালের সাহেবেরা কি প্রকৃতির লোক ছিলেন ও সে কালের বাঙ্গালিদের সঙ্গে কি রূপ ব্যবহার করিভেন ভাহা না জানিলে সে কালের বাঙ্গালিদের অবস্থা ভাল জানা যাইতে পারে না, অতএব সে কালের সাহেবদিগকে বর্ণনা করা কর্ত্তব্য 1 সে কা-লের সাহেবদিগকে সর্বাত্যে বর্ণনা করা কর্ত্তব্য। সাহেবরা আমা-দিগের রাজা ৷ রাজার সন্মান অগ্রে রক্ষা করা কর্ত্ব্য ৷ সে কালের সাহেবেরা অর্দ্ধেক হিন্দু ছিলেন! মুসলমানেরা এই ভারতবর্ষকে আপনাদের গৃহস্তরপ জ্ঞান করিতেন। তাঁহাদের অনুরাগ এই খানেই বদ্ধ থাকিত ৷ ইংরেজের আমলের প্রথমে সাহে-বেরা অনেক পারিমাণে ঐ রূপ ছিলেন! তাহার এক কারণ এই. তখন বিলাতে যাতায়াতের এমন স্থবিধা ছিল না ৷ যাঁহারা এখানে আসিতেন ভাঁহাদের সর্বনা বাটি যাওয়া ঘটিয়া উঠিত আর এক কারণ এই, তাঁহারা অতি অপ্প লোকই এখানে থাকিতেন স্নতরাং এখানকার লোকদিগের সহিত তাঁহার। আত্মীয়তা না করিয়া থাকিতে পারিতেন না । তাঁহারা অনেক পরিমাণে এ দেশীয়দের আচার ব্যবহার পালন করিতেন ৷ তখন সকাল বিকাল কাছারী হইত, মধ্যাহ কালে সকলে বিশ্রাম করিত ৷ মুগ্যাহ্ন কালে কলিকাতা দ্বিপ্রহরা রজনীর ন্যায় নিস্তব্ধ হইত। তখনকার সাহেবেরা পান খেতেন, আলবোলা ফুঁক্তেন, বাইনাচ দিতেন, ও ভুলি খেল্ডেন !*

[্]র এধানে যে বর্ণনা করা গেল তাহা ইংরাজী আমলের প্রথম সময়ের ।প্রতি পাটে।

खे हार्ड नार्य अक अन श्रधान रेमनिक मार्टिय हिलन, हिन्दूधर्यात প্রতি তাঁহার বিলক্ষণ শ্রহ্মা ছিল! তজ্জন্য অন্যান্য সাহেবেরা ভাঁহাকে হিন্দু ইনুয়ার্চ বলিয়া ডাকিত ৷ ভাঁহার বাটীতে শালগ্রামশিলা ছিল! তিনি প্রত্যহ পূজারি ত্রান্মণের দ্বারা তাহার পূজা করাইতেন ৷ বাল্যকালে শুনিতাম, কালীঘাটের কালীর মন্দিরে প্রথম কোম্পানির পূজা হইয়া তৎপরে অন্যান্য লোকের পূজা হইত ৷ ইহা সত্য না হইতে পারে, কিন্তু ইহা দ্বারা প্রতীত হইতেছে যে তৎকালের সাহেবেরা বাঙ্গালীদের সহিত এতদূর ঘনিষ্ঠতা করিতেন যে তাঁহাদিগের ধর্মের পর্য্যন্ত অনুমো-দন করিতেন ! এ কালেও গবর্ণর জেনেরল লর্ড এলেনবরা সাহেব বাহাছর আফগানিস্থানের যুদ্ধে জয়ী হইয়া ফিরিয়া আসিবার সময় বৃন্দাবন মথুরা প্রভৃতি স্থানের প্রধানঃ দেবালয়ে দান করিয়া আসিয়াছিলেন। সে কালের সাহেবেরা আমলাদের উপর এমন সদয় ছিলেন যে, শুনা গিয়াছে, তাঁহারা তাঁহাদের দেওয়ানদের বাটীতে গিয়া ভাঁছাদের ছেলেদিগকে হাঁচুর উপর বনাইয়া আদর করিতেন ও চন্দ্রপুলি খাইতেন ৷ তাঁহারা অ-ন্যান্য আমলাদের বাসায়ও যাইয়া কে কেমন আছে জিজ্ঞাসা করিতেন ৷ এখন সে কাল গিয়াছে ৷ এখনকার সাহেবদিগকে দেখিলে, তাঁহাদিগকে সেই সকল সাহেবদের হইতে এক সতন্ত্র জাতি বলিয়া বোধ হয় 1 ইহঁ। দের আর এ দেশীয়দের সহিত সে-রূপ ব্যথার ব্যথিত্ব নাই, ভাঁহাদের প্রতি ভাঁহাদিগের সেরূপ স্নেহ নাই, সেরপ মমতা নাই ! অবশ্য অনেক সদাশয় ইংরাজ আছেন যাঁহার। এই কথার ব্যভিচারস্থল স্বরূপ। কিন্তু আমি যেরূপ বর্ণনা कतिलाभ अब्रथ मारहरहे अधिक । शृत्स य मकल हे दाक भहा-, পুৰুষেরা এখানে আসিয়া এদেশের যথেষ্ট উন্নতি করিয়া গিয়া-ছেন তাঁহাদের নাম এদেশীয়দের হৃদয়ে অন্ধিত রহিয়াছে। কোন উদ্ভট কবিতাকার হিন্দুদিগের প্রাতঃশারণীয় দ্রীলোকদিগের নাম যে শ্লোকে উল্লেখিত আছে তাহার পরিবর্ত্তে দে কালের কতিপয় ইংরাজ মহাত্মার নাম উল্লেখ করিয়া একটি শ্লোক প্রস্তুত করিয়াছিলেন। আদর্শ ও নকল ছুইটি শ্লোকই নিম্নেলিখিত হইল।

जामर्ग !

অহল্যা দ্রোপদী কুন্তী তারা মন্দোদরীতথা। পঞ্চ কন্যা স্থরন্নিত্যং মহাপাতক নাশনং॥

নকল 1

হেয়ার কলিন্ পামরদৈচব কেরি মার্শমেনস্তথা। পঞ্চ গোরা স্মূর্মিত্যং মহাপাতক নাশনং॥

এই সকল মহাপুৰুষদিগের বিষয় মহাশয়েরা অনেকেই অবগত আছেন। ডেবিড হেয়ার এই দেশে ঘড়ির ব্যবসায় দ্বারা লক্ষ টাকা উপাজ্জন করিয়াছিলেন; তিনি তাঁহার স্বদেশ ক্ষটিলও ফিরিয়ানা গিয়া সেই সমস্ত অর্থ এতদেশীয় লোকের হিত্তলাধনে ব্যয় করিয়া পরিশেষে দরিদ্রদশায় উপনীত হইয়াছিলেন। তাঁহাকে এতদেশীয়দের ইংরাজী শিক্ষার প্রথম সৃষ্টিকর্তা বলিলে অত্যুক্তি হয় না! তিনি হেয়ারক্ষ্ল সংস্থাপন করেন ও হিন্দুকলেজ সংস্থাপনের এক জন প্রধান উদ্যোগীছিলেন! আমি এক জন তাঁহার ছাত্র ছিলাম! আমি যেন দেখিতেছি তিনি ঔষধ হস্তে লইয়া পীড়িত বালকের শেষ্যার

পার্থে দণ্ডায়মান রহিয়াছেন, অথবা যেখানে যাত্রা হইতেছে তথায় হঠাৎ আসিয়া অভিনেতা বালককে নীচ আমোদক্ষেত্ৰ হইতে বল পূর্ব্বক লইয়া যাইতেছেন! কলিন্ সাহেব এই কলিকাতা নগরের এক জন প্রধান সতদাগর ছিলেন ৷ তিনি অত্যম্ভ পরোপকারী ও সদাশয় ব্যক্তি ছিলেন! ভাঁহার পুত্র উত্তর পশ্চিমাঞ্চলের লেফ্টেনন্ট গবর্ণর হইয়া-हिला । जिनि मिशोरेए त विद्यारित मगत जानक करें ভোগ করিয়া অকালে কালগ্রাসে পতিত হইয়াছিলেন ! তিনিও একজন অতি দয়াশীল ও সদাশয় ব্যক্তি ছিলেম! এতদ্দেশীয়দের প্রতি তাহার বিলক্ষণ স্নেহ ছিল ৷ জন পাম-রকে লোকে "Prince of Merchants" অর্থাৎ সওদাগরদের রাজা বলিয়া ডাকিত ৷ তাঁহার মৃত্যুর পর তাঁহার গোরের উপরে "Here lies John Palmer, friend of the poor," "এখানে দরিদ্র বন্ধু জন পামর আছেন," কেবল এই বাক্যটী লিখিত হইয়াছিল। কেরি ও মার্শমেন সাহেব খৃফীয় ধর্ম প্রচারক ছিলেন। তাঁহারা জীরামপুরে বাস করিতেন। তাঁ-হারা বাঙ্গালা অভিধান, বাঙ্গালা সংবাদ পত্র ও উন্নত প্রণা-লীতে বাঙ্গালা পাঠশালার ব্যক্তিকর্তা ছিলেন ৷ তাঁহারা অনেক প্রকারে বঙ্গ দেশের মহোপকার সাধন করিয়া গিয়া-ছেন ৷ সে কালের এই সকল মহদন্তঃকরণ সাহেবেরা চিরকাল বান্দালীদিগের স্তিক্ষেত্রে বিদ্যমান থাকিবেন ভাষার সন্দেহ नाई।

অতঃপর সে কালের বাঙ্গালীদের বিষয় বলিতে প্রবৃত্ত অইতেছি । সে কালের বিশেষ বিশেষ শ্রেণীর লোকদিগকে

বর্ণনা করিতে গেলে আমাদের দৃষ্টি গুরু মহাশয়ের উপর প্রথম পতিত হয়। গুৰু মহাশয়দিগের শিক্ষাপ্রণালী উন্নত ছিল না এবং তাঁহাদের অবলম্বিত ছাত্রদিগের দণ্ডের বিধানটা বড় কঠোর ছিল ৷ নাড়ুগোপাল অর্থাৎ হাঁঠু গাড়িয়া বসাইয়া হাতে প্রকাণ্ড ইফক অনেক ক্ষণ পর্যান্ত রাখানো, বিছুটি গায়ে দেওয়া ইত্যাদি অনেক প্রকার নিদ য় দণ্ড প্রদা-নের রীতি প্রচলিত ছিল ! পাঁচ বৎসর বয়স হইতে দশ বৎসর বয়স পর্যান্ত তাল পাতে; তার পর পনের বৎসর বয়স পর্যান্ত কলীর পাতে; তার পর কুড়ি বৎসর বয়স পর্য্যন্ত কাগজে লেখা হইত। সামান্য অঙ্ক কষিতে, সামান্য পত্ৰ লিখিতে ও গুৰু দক্ষিণা ও দাতা কৰ্ন নামক পুস্তক পড়িতে সক্ষম করা গুৰু মহাশয়দিগের শিক্ষার শেষ দীমা ছিল! গুৰু মহাশয় অতি ভীষণ পদার্থ ছিলেন ৷ আমার স্মরণ হয়, আমি যথন গুৰু মহাশয়ের পাঠশালায় পাঠ করিতাম তখন রামনারায়ণ নামে আমার এক জন সহাধ্যায়ী ছিলেন। তিনি কোন দোষ করিলে, গুৰু মহাশয় যখন রামনারায়ণ! বলিয়া ডাকিতেন, তখন তাঁহার ভয়স্থচক একটা শারীরিক ক্রিয়া হইত!

গুৰু মহাশয়ের পর আখন্জীকে বর্ণনা করা কর্ত্তর ৷ আখন্জী অতি অন্তু পদার্থ ছিলেন ৷ মনে কৰুন হিন্দুর বাটীর একটী ঘরে মুসলমানের বাসা ৷ তিনি তথায় বৃহদাকার বদনা ও স্তুপা-কার পোঁয়াজ লইয়া বিসিয়া আছেন ৷ সাগরেদ্রা নিয়ত বশবর্তী ৷ চাকর দ্বারা জল আনয়ন কার্য্য করিয়া লওয়া আঁখনজীর মনঃপূত হইত না ৷ তাঁহার সাগরেদ্দিগকে কলসী লইয়া জল আনিয়া দিতে হইত ৷ তখন পারশী পড়ার বড় ধুম ৷ তখন পারশী পড়াই এতদ্দেশীয়দিণের উচ্চতম শিক্ষা বলিয়া পরিগণিত হইও । এই পারশী ভাষা সকল আদালতে চলিত ছিল ৷ ১৮০৭ খৃষ্টাদ্দে তাহার ব্যবহার আদালতে রহিত হয় ৷ পদ্দ নামা, গোলেস্তা, বোস্তা, জেলেখা, আলামী প্রভৃতি পুস্তক সাধারণ পাঠ্য পুস্তক ছিল ৷ কেহ কেহ আরবি ব্যাকরণ একটু একটু পাঠ করিতেন ৷ আখন্জীরা পারশীর উচ্চারণ অতি বিক্তত করিয়া ফেলিয়াছিলেন ৷

[এই খানে বক্তা হাফেজের একটী কবিতা আখন্জীদিগের মত প্রথম উচ্চারণ করিয়া পরে তাহার প্রকৃত ইরাণী উচ্চারণ
শ্রোতাদিগকে শুনাইলেন। সে কবিতার অর্থ এই "যদি সেই শিরাজের
প্রণয়নী আমার উপহারদত্ত চিত্ত তাঁহার হস্তে গ্রহণ করেন তাহা হইলে
তাঁহার মুখের একটি মাত্র ক্লাঞ্চবর্ণ তিলের জন্ম আমি সমর্কন্দ ও বোধারা
নগরন্বয় প্রদান করিতে পারি"।

অতঃপর সে কালের ভটাচার্য্যগণ আমাদিগের বর্ণনাব বিষয় হইতেছেন। তখনকার ভটাচার্য্যগণ অতি সরলস্বভাব ছিলেন। এখনকার ভটাচার্য্যগণ যেমন বিষয় বুদ্ধিতে বিষয়ীলোকের ঘাড়ে যান সে কালের ভটাচার্য্যগণ যেমন বিষয় বুদ্ধিতে বিষয়ীলোকের ঘাড়ে যান সে কালের ভটাচার্য্যরা সে রূপ ছিলেন না। তাঁহারা সংস্কৃত শাস্ত্র অতি প্রগাঢ় রূপে জানিতেন এবং অতি সরল ও সদাশয় ছিলেন। সে কালের রাজা রুফ্চন্দ্রের সমকালবর্ত্তী রামনাথ নামে এক জন পণ্ডিত ছিলেন। তিনি নবদ্বীপের নিকট্বস্থ একটা গ্রামে বাস করিতেন। তিনি রাজসভাবিচরণকারী চাটুকার ভটাচার্য্যদিগের ন্যায় সভ্যতার নিয়ম পরিজ্ঞাত ছিলেন না। এই জন্য লোকে তাঁহাকে বুনো রামনাথ বলিয়া ডাকিত। এক দিন রাজা রুফ্চন্দ্র গ্রমাভ্যু

সহিত তাঁহার সহিত সাক্ষাৎ করিতে গেলেন ৷ রাজা তাঁহার অবস্থা দেখিয়া তাঁহাকে কিছু অর্থসাহায্য করিতে ইচ্ছু ক হইলেন! কিন্তু তাঁহার কি প্রয়োজন তাহা জানিতে হইবে, এজন্য ইঙ্গিতে জিজ্ঞাসা করিলেন, "মহাশয়ের কিছু অনুপপত্তি আছে?" এখন, ন্যায় শান্তে অনুপপত্তির অর্থ যাহার কোন সিদ্ধান্ত হয় না ! ভটাচার্য্য তাহাই বুঝিয়া লইলেন এবং বলিলেন, "কৈ না, আমার কিছুই অনুপপত্তি নাই'। রাজা তাহা বুঝিতে পারিয়া অপেক্ষা-কত স্পাফী করিয়া জিজ্ঞাদা করিলেন, "মহাশয়ের কিছু অসঙ্গতি আছে ?" এখন অসঙ্গতি শদের ন্যায়শান্তোলিখিত অর্থ অসম-म्ना। ভটাচার্য্য বলিলেন, "না, কিছুই অসঙ্গতি নাই, সকলই সমন্বয় করিতে সমর্থ হইয়াছি"। রাজা দেখিলেন, মহা মুদ্দিল। তখন তিনি স্পষ্ট করিয়া জিজ্ঞাসা করিলেন, "সাংসারিক বিষয়ে আপনার কোন অন্টন আছে?" ত্রান্ধণ উত্তর করিলেন, "না, কিছুই অনটন নাই ; আমার করেক বিঘা ভূমি আছে ভাহাতে যথেষ্ট ধান্য উৎপন্ন হয়, আর সন্মুখে এই তিস্তিড়ি রক্ষ দেখিতে-ছেন, ইহার পত্র আমার গৃহিণী দিব্য পাক করেন, অতি স্থন্দর লাগে, আমি সচ্ছন্দে তাহা দিয়া অন্ন আহার করি।" আমি আশ্চর্য্য হই যে এমন সরল সাধু সন্তুষ্টিতিত্ত ব্যক্তিকে লোকে বুনো বলিত ৷ ইনি যদি বুনো তবে সভ্য কে? আর এক ভটাচার্য্য ছিলেন, তাহার স্ত্রী ডাইল পাক করিতেছিলেন ৷ তিনি স্বামীকে রস্কনশালায় বসাইয়া পুকরিণীতে জল আনিতে গেলেন! এ দিকে ডাইল উথলিয়া উঠিল । ভটাচার্য্য দেখিলেন, বিষম বিপদ । ডাইল উথলিয়া পড়া কি প্রকারে নিবারণ করিবেন কিছুই স্থির করিতে ,না পারিয়া হাতে পইতা জড়াইয়া পতনোমুখ ডাইলের অব্যব-

হিত উপরিস্থ শ্ন্যে তাহা স্থাপন করিয়া চণ্ডীপাঠ কয়িতে লাগিলেন কিন্তু তাহাতেও তাহা নিবারিত হইল না। এমন সময় তাঁহার ত্রান্ধানী পুকরিনী হইতে কিরিয়া আইলেন। তিনি কহিলেন, "এ কি? ইহাতে একটু তেল ফেলিয়া দিতে পার নাই?" এই বলিয়া তিনি ডাইলে একটু তেল ফেলিয়া দিলেন। ডাইলের উথলিয়া পড়া নিবারিত হইল। এই ব্যাপার দেখিয়া ভট্টাচার্য্য গললগ্নীকতবাসা হইয়া কর্যোড়ে ত্রান্ধণীকে বলিলেন, "তুমি কে আমার গৃহে অধিষ্ঠিতা বল; অবশ্য কোন দেবী হইবে, নতুবা এই অন্ত ব্যাপার কি প্রকারে সাধন ক্রিতে পারিলে?"। যদ্যপি এই গলেপ বাহুল্য বর্ণনার স্থান্ধটার্যিদেগের অসামান্য সারল্যের পরিচয় প্রদান করিতেছে তাহার আর সন্দেহ নাই।

অতঃপর দে কালের রাজকর্মচারীদিগের বর্ণনা করিতে প্রায়ন্ত হইতেছি। ইংরাজের আমলের প্রথমে আমলাদিগের বড় প্রায়ন্তাব ছিল। এক এক জন আমলার উপর অনেক কর্মের ভার থাকিত। তাঁহারা অনেক টাকা উপার্জ্জন করিবারেন। এক এক জন দেওয়ান বিপুল অর্থ উপার্জ্জন করিয়া গিয়াছেন। ঢাকা নগরের এক জন দেওয়ানের কথা এই রূপ শুনা যায়, তিনি আহারের সময় একটি প্রকাণ্ড ঘটা বাজাইয়া দিতেন, নগরের সমুদয় বাসাড়ে লোক সেই ঘণ্টার রব শুনিয়া তাঁহার বাসায় আদিয়া আহার করিত। তখন ঐ সকল পদ এক প্রকার বংশপরম্পরাগত ছিল। এক জন দেওয়ানের মৃত্যু হইলে প্রায়ই তাঁহার সঞ্জান জখবা অন্য কোন ঘনিষ্ট সম্প্রক্রিয়

লোক দেওয়ান হইত 1 শুনা আছে, কলিকাতার নিকটবর্ত্তী কোন প্রামবাসী এক দেওয়ানের মৃত্যুর পর জাঁহার সপ্তদশ বৎসর বয়ক্ষ কনিষ্ট জাতা কানের মাকড়ি ও হাতের বালা খুলিয়া দেওয়ানী করিতে গোলেন 1 সাহেবেরা ভাঁহাদিগের দেওয়ান দিগের প্রতি কি রূপ ব্যবহার করিতেন, তাহা পূর্কেবলিয়াছি ৷ সে সময়ে উৎকোচ লইবার বাড়াবাড়ি ছিল ৷ শুন্ধ বাঙ্গালীরা যে উৎকোচ লইতেন এমন নহে, বড় বড় সাহেবরাও উৎকোচ লইতেন এমন নহে, বড় বড় সাহেবরাও উৎকোচ লইতেন । এখন সেরপা নাই ৷ এ বিষয়ে অবশাই উন্নতি দেখিতেছি ৷ এই বিষয়ে পরে আরো বলিব ৷

পরিশেষে সে কালের ধনী লোকদিগকে বর্ণনা করা হই-তেছে। ইহাঁরা অত্যন্ত বদান্য ছিলেন। পুক্রিণী খননাদি পূর্ত্তকর্মে তাঁহারা বিশেষ মনোযোগী ছিলেন। তাঁহারা সম্যাসী ও দরিদ্রদিগকে বিলক্ষণ দান করিতেন। তাঁহারা অতিথি-স্ক্রোয় তৎপর ছিলেন। তাঁহারা গুণী লোকদিগকে বিলক্ষণ রূপে পালন করিতেন। আক্ষণ পণ্ডিত ও প্রসিদ্ধ গায়ক দিগকে বিশিষ্ট অর্থানুক্ল্য করিতেন। কোন কোন হলে উপযুক্ত পাত্রে তাঁহাদিগের দানশীলতা প্রযোজিত হইত না বটে কিন্তু তাঁহারা যে অত্যন্ত বদান্য ছিলেন তাহার আর সন্দেহ নাই।

সে কালের ভিন্ন ভিন্ন শ্রেণীর লোকদিগকে সংক্ষেপে বর্ণনা করিলাম। এক্ষনে ইহাঁরা সাধারণত দৈনিক জীবন কি প্রকারে যাপন করিতেন ও জীবনের প্রধান কার্য্য সকল অর্থাৎ ধর্মানু-ঠান, বিষয় কর্ম ও আমোদ সম্ভোগ কি রূপে করিতেন, ভদ্বিষয়ে বলিলেই সে কালের চিত্র সম্পূর্ণ হয়।

দে কালের রাজকর্মচারী ব্যতীত অপর সাধারণ লোকে কি

রূপে দৈনিক জীবনষাপন করিত তাহা বর্ণনা করা যাইতেছে। জীবনোপায়ের স্থলততা প্রযুক্ত তাঁহারা দলাদলি, ক্রীড়া ক্রোতুক ও কথকতা প্রবণে কাল যাপন করিতেন। কথকতা অতি প্রবণ্যাগ্য ব্যাপার ! ভালং কথকের আশ্চর্য্য ক্ষমতা দেখা গিয়াছে। বড় বড় তাঁত কাটা এজুকে রামধন ও শ্রীধর কথকের কথা শুনিয়া অশ্রুপাত করিতে দৃষ্ট হইয়াছে। ইওরোপে স্কুলে বাগিনুতা বিষয়ে শিক্ষা দেওয়া হয়। আমাদিগের মধ্যে পূর্কে কথকতা শিখিলেই বাগিনুতা শিখা হইত ! কথকতা প্রকৃত বাগিনুতার কার্য্য! ছঃখের বিষয় এই যে এই কথকতার ক্রমে লোপ হইতেছে! কথকতা রীতি থাকিয়া বিষয় ও প্রণালীতে তাহার উৎকর্ষ সাধিত হয় ইহাই বাঞ্জনীয়!

এক্ষণে সে কালের লোকেরা জীবনের প্রধান কার্য্য সকল অর্থাৎ ধর্মানুষ্ঠান, বিষয়কর্ম ও আমোদ সম্ভোগ কিরূপে করি-তেন তাহা বর্নিত হইতেছে।

সে কালের লোকদিগের ধর্মের প্রতি বিশেষ আহা দৃষ্ট হইত। তাঁহারা যে রূপ বিশ্বাস করিতেন তদনুরূপ কার্য্য করিতেন। তাঁহারা হিন্দুধর্মের নিয়ম সকল ফরপূর্কক পালন করিতেন—প্রাণপণে পালন করিতেন। হিন্দুধর্মের নিয়ম না ভঙ্গ হয় এ বিষয়ে তাঁহারা বড় সাবধান ছিলেন। রাজ্যা সর রাধাকান্ত দেব বাহাত্তর পূজার সময় সাহেবদিগকে আহারের নিমন্ত্রণ করিতেন বলিয়া অন্যান্য হিন্দুগণ তাঁহার উপর বড় বিরক্ত হইয়াছিলেন। সে কালে ধর্মবিষয়ে ভিতরে একখান বাহিরে একখান এরপ ছিল না। এক্ষণে যেমন দালানে পূজা হইতেছে, বৈঠকখানায় মদ্যপান ও

^{* &}quot;এজু" শব্দ ইংরাজী "Educated" শব্দের অপভংশ i

উইলসনের দোকানের খানা চলিতেছে, অন্তরে দেব দেবীতে বিশ্বাস নাই, কিন্তু সন্তুম রক্ষার জন্য বাহ্য ঠাট বজায় রাখিতে হইবে, সে কালে এবড়ত ব্যাপার দৃষ্ট হইত না।*

সে কালের বিষয়ী লোকেরা কি রূপ বিষয় কর্ম সম্পাদন করি-তেন তাহা সে কালের বিষয়ী লোকদিগের বর্ণনায় বর্ণিত হইয়াছে। এখানে আর তাহার পুনৰুল্লেখ করিবার আবশ্যক করে না !

সে কালের আমোদ বর্ণনে আমি এক্ষণে প্রবৃত্ত হইতেছি! কঁবি, বাত্রা, পাঁচালি প্রভৃতি সে কালের প্রধান আমোদ ছিল। তাহার মধ্যে কবি প্রধান ! হক ঠাকুর, নিতে বৈষ্ণব, রামু নর্সিং, বাম বস্থ, ভবানী বেণে, ইহাঁদিগের কবিতা সর্বত্ত বড় আদরের বস্তু ছিল! কবিবর ঈশ্বরচন্দ্র গুপ্ত মহাশয় বহু যত্তে ইহাঁদের অনেক গুলি কবিতা সংগ্রহ করিয়া প্রভাকরে প্রকাশ করিয়া-ছিলেন! তিনি নিতে বৈষ্ণব অর্থাৎ নিতাইদাস বৈরাগী সহম্বে লিখিয়াছেন!

"ধনী লোক মাত্রেই কোন পর্বাহ উপলক্ষে কবিতা শুনিবার ইচ্ছা হইলে অগ্রেই নিতাই দাসকে বায়না দিতেন; ইহার সহিত ভবানী বেণের সঙ্গীতযুদ্ধ ভাল হইত ৷ যথা—প্রচলিত কথা—'নিতে বৈফবের ল্ডাই'! এক দিবস ও ছই দিবসের পথ হইতেও লোক সকল নিতে ভবানের লড়াই শুনিতে আসিত ৷ যাহার বাটীতে গাহনা হইত তাঁহার গৃহে লোকারণ্য

[ু] গত পূজার সময় (এই বক্তৃতা করিবার সাত মাস পরে) এই অদ্ভূত বিজ্ঞাপন একটি সম্বাদ পত্রে প্রকাশিত হইয়াছিল। Prime York hams in canvas just in time for the Poojah.

হইত, তিতের মধ্য ভেদ করিয়া প্রবেশ করিতে হইলে প্রাণান্ত **इरें**छ, ज्थकाल यिन्छ जन्याना मल किल किन्छ रक ठीकुत, নিতাই দাস, এবং ভবানী বণিক এই তিন জনের দল সর্বাপেকা প্রধান রূপে গণ্য ছিল! এই নিজ্যানন্দের গোড়া কত ছিল ভাছার সংখ্যা করা যায় না ৷ কুমারহউ, ভাটপাড়া, ত্রিবেণী, বালী, ফরাশডাঙ্গা, চুঁচুড়া প্রভৃতি নিকটস্থ ও দূরস্থ সমস্ত গ্রামের প্রায় সমস্ত ভদ্র ও অভদ্র লোক নিভায়ের নামে ও ভাবে গদ গদ হইতেন ! নিতাই দাস জয়লাভ করিলে ইহাঁরা যেন ইন্দ্র পাইতেন ৷ পরাজয় হইলে পরিতাপের সীগা থাকিত না। বেন হতসর্বস্ব হইতেন এমনি জ্ঞান করিতেন। অনেকের আহার নিদ্রা রহিত হইত ৷ কত স্থানে কত বার গোঁডায় গোঁডায় লাঠালাঠী কাটাকাটি হইয়া গিয়াছে ৷ অন্যে পরে কা কথা, ভাটপাডার ঠাকুর মহাশয়েরা নিত্যানন্দকে 'নিত্যানন্দ প্রভু' বলিয়া সম্বোধন করিতেন! ইহাঁর গাহনার প্রাক্তালে প্রভু উঠেছেন বলিয়াই গোঁডারা চল চল হইত। নিতায়ের এই এক প্রধাণ গুণ ছিল যে ভদ্রাভদ্র তাবল্লোককেই সমভাবে সম্ভুষ্ট করিতে পারিতেন !"

কবিওয়ালাদিগের এক একটী কবিতা এমন যে শুনিলে আশ্চর্য্য হইতে হয় ৷ হৰু ঠাকুরের একটী কবিতাতে এই রূপ উক্তি দেখা যায়—

"নাম প্রেম তার, সাকার নহে, বস্তুটী সে নিরাকার, জীবন, যে বন, ধন কিবা মন, প্রাণ বশীভূত তার। স্থাখে লোক বলয়ে পিরিতি স্থাখের সার; প্রাণের বাহিরও হয় সে যখন জীবনে যেন মরে রই॥" কি চমৎকার ভাব! ইছা প্লেটো অথবা কোল্রিজের উপ-যুক্ত! কোল্রিজ এক ছানে বলিয়াছেন—

> "All thoughts, all passions, all delights, Whatever stirs this mortal frame Are all but ministers of love And feed his sacred frame."

হৰু ঠাকুরের কবিতাটী ইহা অপেক্ষা নিরুফ বোধ হয় না l রাম বস্ন এক স্থানে কোন সাধ্বী স্ত্রীর বিরহযন্ত্রণা বর্ণনা করিয়াছেন—

"ग्राम देवल महे ग्राम दिलना। প্রবাদে যখন যায় গো সে. তারে বলি বলি, आंत वला हत्ला ना ! সরমে মরমের কথা কওয়া গেল না 1 যদি নারি হয়ে সাধিতাম তারে, निर्मञ्जा तम्भी वत्न शंनिए लाक । नथी थिक थिक जांचाद्य, थिक तम विधाजाद्य, নারী জন্ম যেন করে না! একে আমার এই যৌবন কাল, ভাছে কাল বসন্ত এলো. এসময় প্রাণনাথ প্রবাসে গোলো ! यथन शांति शांति तम आंति तल, সে হাসি দেখিয়ে ভাসি নয়নজলে. ভারে পারি কি ছেডে নিতে, মন চায় ধরিতে, लड्डा वल हि हि धरता ना"॥ কি বিশুদ্ধ দাম্পত্য প্রেম! সাধ্বী কুলকামিনীদিগের লজ্জার

কি মনোহর চিত্র! রাম বস্থ কোন জ্রীর উক্তিচ্ছলে বলিয়াছেন

"বসন্তে শুধাও সখি নাথের মঁকল কি?
কাল আসিব বলে নাথ করেছে গমন,
ভাগ্যনোষে যদি সে হল মিথ্যাবাদী চারা কি এখন?
পতি গতি মুক্তি অবলার, স্থখ মোক্ষ সে গো আমার,
ভাহার কুশল শুনে কুশলে কুল রাখি।"
রাম বস্থ অন্য এক স্থানে লম্পট স্বামীর প্রতি স্ত্রীর উক্তিফলে বলিয়াছেন,

"প্রাণ! তুমি আপনার নহ, আমার কি হবে!"
এই সামান্য বাক্যে কি গভীর মানব-স্বভাব-তত্ত্ব নিহিত রাইয়াছে! নিতাই দাস বৈরাগী এক স্থানে বলিয়াছেন—

"বিধি এক চিতে, ভাবিতে ভাবিতে, এ তিন অক্ষর, করিল সংযোগ রসিকের স্থুখ আশ্রয়' 1

সে তিন অক্ষর পি, রী, তি। যে ব্যক্তি এই কবিতাটি উক্ত করিয়াছেন, তিনি বিশুদ্ধ প্রেমের মহত্ত্ব ও দেবভাব অবশ্যই পরিজ্ঞাত ছিলেন। এ কবিতাটি ঈশ্বরচন্দ্র গুপ্তের সংগ্রহে নাই; কোন লোকের মুখে পাইয়াছি। মধ্যে মধ্যে কবিতা-ওয়ালারা উচ্চ দার্শনিক ভাবেও আরোহণ করিতেন। গোঁজুলা গুইনামে একজন কবিওয়ালা স্বামীর উক্তিছলে বলিয়াছেন,

"ভোমাতে আমাতে একই অন্ধ,
তুমি কমলিনী আমি সে ভৃঙ্গ,
অনুমানে বুঝি আমি সে ভুজন্গ,
তুমি আমার তায় রতনমণি!
ভোমাতে আমাতে একই কায়া,

[59]

আমি দেহ, প্রাণ ! তুমি লো ছায়া, আমি মহাপ্রাণী, তুমি লো মায়া, মনে মনে ভেবে দেখ আপনি।"

কবিওয়ালারা কেবল আমোদজনক কবিতা গান করিতেন এমন নহে, কবি গাইবার সময় পরমার্থভাবপূরিত সঙ্গীতও গাইতেন ৷ হৰু ঠাকুরের রচিত এইরূপ একটি গান আছে— "হরিনাম লইতে অলস করো না রসনা, যা হবার তাই হবে 1 ভবের তরঙ্গ বেড়েছে বলে কি ঢেউ দেখে লা ডুবাবে" (পাঠান্তর) "এছিকের মুখ হলো না বলে কি ঢেউ দেখে লা ড্বাবে" · কবিবর ঈশ্বরচন্দ্র গুপ্ত এই গীত সম্বন্ধে বলিয়াছেন "কি মনো-হর! কি মোহহর! কি মোহকর! প্রবণ অথবা কীর্ত্তন মাত্রেই অশ্রুপতন ও রোমাঞ্চ হইতে থাকে ৷ অতি মূঢ় পাষ্ঠ ব্যক্তি-त्र इत्र आर्ज रहा। आवालवृद्धवनिजागाट हरे पूक्ष रहेए ज থাকেন। নকলেরই অস্তঃকরণে প্রেমের উদয় হয়, সকলেই চমকিত হইয়া মরণ স্মরণ করে; মনের সমুদয় মোহ বিকার হরণ পূর্মক ভাব ভক্তি ও জ্ঞানের প্রভাবে মরণ-হরণ-চরণ-মরণ করিতে থাকে ৷ যেখানে যে বাঙ্গালী মহাশয় বিরাজ করিতে-ছেন, তিনি সেই খানেই বিশেষ বিবেকের অবস্থায় ঐ নাম-সংকীর্ত্তন কীর্ত্তন করিয়া থাকেন ৷ ঐ নাম কত ভিক্ষুকের উপ-जीवा इरेग्नाइ, जारांत मः था रम्न ना । कि रेज्त, कि एत, ভাবতেই এতৎ গানে প্রেমিক হইয়া থাকেন। ইহার মধ্যে কি এক নিগুঢ় মধুরত্ব আছে, তাহা আমি বচনে ব্যক্ত করণে जमक रहेनाम"। जेयत्राज्य शास्त्र এই कथा अंकि यथार्थ !

' এই সকল কবিওয়ালারা তথনকার বিশেষ প্রতিপন্ন ব্যক্তি

ছিলেন। ইহাঁদের মধ্যে এক জন অন্ত ব্যক্তির কথা উল্লেখ করা হয় নাই। তাঁহার নাম আণ্টুনি ফিরিঙ্গী। এক জন ফিরিঙ্গী হিন্দু-কবিওয়ালাদিগের দলে প্রবিষ্ট হইয়া খ্যাতি লাভ করিয়াছিল এই আকর্ষ্য! শুনা গিয়াছে, আণ্টুনি ফরানভাঙ্গার এক জন সন্ত্যান্ত ফরানিসের পুত্র। তিনি যৌবনের প্রারম্ভে ফরাসভাঙ্গার বিখ্যাত গাঁজিয়ালদিগের সংসর্গে পড়িয়া বয়ে গিয়াছিলেন। তৎপরে কবিওয়ালাদিগের দলে প্রবিষ্ট হইয়া একজন বিখ্যাত কবিওয়ালা হইয়া উটিয়াছিলেন। তিনি হুর্গার প্রতি উক্তি করিয়া বলিয়াছিলেন—

"যদি দয়া করে তার মোরে এ ভবে, মাতঙ্গী! ভজন সাধন জানি না, মা! জেতেতে ফিরিঙ্গী"

পুনরায়-

"আণ্টুনি ফিরিকী বলে, নিদান কালে মা, দিও চরণ ত্রখানি দিও চরণ ত্রখানি !"

যখন বঙ্গদমাজ এই রূপে চলিতেছিল, তখন ইহা পরিবর্ত্তন করিতে এক ব্যক্তি বিশেষ চেফীম্বিত ছিলেন ৷ তিনি কে, না, ক্ষুলমাইর ৷ প্রথমে তাঁহার বেশ ভূষা অন্তুত, ইংরাজী উচ্চারণ কদাকার, শিক্ষাপ্রণালী অপরুই ছিল ৷ রাজা সর রাধাকান্ত দেব বাহাত্বরকে একজন ইংরাজী পড়াইতেন ৷ তিনি যখন পড়াইতে আসিতেন, তখন জরির জুতা ও মতির মালা পরিয়া আসিতেন ৷ থখন একবার মনে করে দেখুন দেখি, প্রেসিডেপি কলেজের একজন বাঙ্গালী অধ্যাপক মতির মালা গলায় ও জরির জুতা পায় দিয়া বসিয়া পড়াইতেছেন, কি চমৎকার বোধ হয় ! সর্বপ্রথমে লোকের ইংরাজী পড়িতে ইইলে টাম্স ডিয়

প্রনীত স্পেলিং বুক্, স্কুলমাইর, কামরূপা ও তুতিনামা এই সকল পুত্তক পাঠ क तिए इहेंछ। "कु न गांधेत" পুত্তকে সকলই ছিল, গ্রামর, স্পেলিং ও রীডর। কামরূপাতে এক রাজপুত্রের গম্প লিখিত ছিল ৷ তুতি নামা ঐ নামের পারসিক পুস্তকের ইংরাজী অনুবাদ! কেহ যদি অত্যন্ত অধিক পড়িতেন, তিনি ष्यात्रवि नार्रेष्ठे পড়িতেন। যিনি রয়ল আমর পড়িতেন, লোকে মনে করিত তাঁহার মত বিদ্বান আর কেহ নাই! Grammar, Logic ও Rhetoric অর্থাৎ ব্যাকরণ, ন্যায় ও অলক্ষার এই তিন বিষয়ে তখন কতকগুলি উত্তম পুস্তক রচিত হই-'য়াছিল ৷ তাহাদের নাম Port Royal Grammar, Port Royal Logic ইত্যাদি! লোকে বলিত "রয়েল আমর ময়া-লসাপ"; যেমন ময়াল সাপ বৃহৎ সাপ, তেমনি রয়ল আমার পড়া অনেক বিছার কর্ম ৷ তখন স্পৈলিংএর প্রতি লোকের বড় মনো-_্যোগ ছিল ৷ বিবাহ সভায় এই বিষয়ে বড় পীডাপীডি হইত ৷ কেই জিজ্ঞানা করিতেন, How do you spell Nebuchadnezzar? কেহ জিজ্ঞাসা করিতেন, How do you spell Xerxes? ঐ সকল শব্দ ও Xenophon, Kamschatka প্রভৃতি শব্দের বানান জিজ্ঞাসা দারা লোকের বিছার পরীক্ষা হইত ! সভায় ইংরাজীওয়ালারা প্রক্পর এই বলিয়া নাম জিজ্ঞাসা করিতেন, "What denomination put your papa ?" ! তখন শব্দের অর্থ মুখস্থ করিবার বিবিধ প্রাণালী ছিল ৷ যথা—(এক একটী শব্দের এক একটি অর্থ) 1

গাড (God) স্থার । "লাড (Lord) স্থার । কম্ (Conie) আইস!
গো (Go) যাও!
আই (I) আমি !
ইউ (You) তুমি।

এক একটী ইংরাজী শব্দের কতকগুলি অর্থও একেবারে সাধিতে হইত। যথা; Well--আচ্ছা-ভাল-পাতকো, Bear—সহ-বহ-ভন্ন ক। সেকালের লোকেরা যাহার উচ্চারণ সমান মনে করিতেন এমন কতকগুলি ইংরাজী শব্দের ভিন্ন ভিন্ন অর্থ একবারে অভ্যাস করিতেন। যথা—ফুোর (Flower) ফুল ; ফোর (Flour) ময়দা, ফোর (Floor) মেজে 1 তাঁহারা "Flower" "Flour" ও "Floor" এই তিন শব্দ এক রক্ম উচ্চারণ করি-তেন। তখন লোকে ডিক্ষনরি মুখস্থ করিত। তাঁহারা এক এক জনে Walking Dictionary অর্থাৎ সচল অভিধান ছিলেন ! মনে কৰুন ডিক্ষনরি মুখস্থ করা কি বিষম ব্যাপার! তখন ঘোষাণোর রীতি ছিল। ঘোষাণোর অর্থ পয়ার ছদ্দে এথিত কোন দ্রব্য শ্রেণীর অন্তর্গত সমস্ত দ্রব্যের ইংরাজী নাম স্কুর করিয়া মুখস্থ বলা! আপিনি এক স্কুল দেখিতে গেলেন; স্কুলমান্টর আপনাকে জিজ্ঞাসা করিলেন, "কি ঘোষাব ? গেডেন্ (Garden) ঘোষাৰ, না স্পাইস্ (Spice) ঘোষাৰ ?" ইহার অর্থ, উছান-জাত সকল দ্রব্যের নাম মুখহ বলাব, না সকল মশলার নাম মুখস্থ বলাব ? যদি স্থির হইল গের্ডেন ঘোষাও তবে সন্দার পোড়ো চেঁচিয়ে বলিল; "পম্কিন্ (Pumpkin) লাউ কুমুড়ো;" অমনি আর সকলে বলিয়া উচিল, "পান্কিন্—লাউ কুনুড়ো" !— সন্ধার পোড়ো বলিল "কোকোম্বর (Cucumber) শসা', আর সকলৈ অমনি বলিল "কোকোশ্বর শসা" । সর্দার পোড়ো বলিল "ব্রেঞ্জেল (Brinjal) বার্ত্তাকু; " আর সকলে অমনি বলিল "ব্রেঞ্জেল বার্ত্তাকু" । সর্দ্দার পড়ো বলিল "প্লোমেন (Ploughman) চাষা;" আর সকলে অমনি বলিল "প্লোমেন চাষা" । এই সকল শব্দ গুলি একত্র করিলে একটী কবিতা উৎপন্ন হয়।—

প্যকিন্ লাউ কুণ্ডা, কোকোদর শসা ! ব্রিঞ্জেল বার্ত্তাকু, প্লোমেন্ চাসা ॥

কখন কখন সঙ্গীত আকারে ইংরাজী শব্দের বান্ধালী অর্থ বস্ত্তীন হইত ৷ যথা—

খামাজ রাগিণী, তাল ঠুংরি।

নাই (Nigh) কাছে, নিয়র (Near) কাছে, নিয়রেই (Nearest) অতি কাছে !

কট্ (Cut) কাট্, ক (Cot) খাট্, ফলোয়িং (Following)
_প্ৰাছে !

এ ছাড়া আবার "আরবি নাইটের পালা" হইত, অর্থাৎ তবলা ঢোলক মন্দিরা লইয়া ইংরাজী পয়ারে লিখিত আরবিয়ান্ নাইটের গণ্প বাসায় বাসায় গান করিয়া বেড়ান হইত।

> "The chronicles of the Sassanians That extended their dominions."

এই রূপ পয়ারে উল্লিখিত আরবি নাইটের পালা রচিত হইত।

ইংরাজদিগের যে সকল সরকার থাকিত তাহাদের ভাষা ও কথোপকথন আরো চমৎকার ছিল ! এক জন সাহেব তাঁহার সরকারের উপার ক্রেদ্ধ ইইয়াছেন ৷ সরকার বলিল—মাউর

ক্যান লিভ্, মাইর ক্যান্ ডাই! (Master can live, master can die) অর্থাৎ মনিব আমাকে বাঁচাইয়া রাখিতে পারেন, অথবা মারিয়া ফেলিতে পাবেন ! সাহেব "What, master can die ?" এই কথা বলিয়া সরকারকে মারিবার জন্য লাঠি উচাইলেন ! সরকারের তখন মনে পডিল, "ডাই" শব্দের অন্য অর্থ আছে, তখন 'ষ্টাপ্ দেয়ার" "(Stop there)' অর্থাৎ প্রহার করিতে লাচি উঠাইও না এই বলিয়া হাত উচু করিল, তৎ-পরে অঙ্গলি দ্বারা আপিনাকে দেখাইয়া বলিল, "ডাই মি" (Die me) অর্থাৎ আমাকে মারিয়া ফেলিতে পারেন ! "ইফু মাঠির ডাই দেন আই ডাই, মাই কো ডাই, মাই ব্লাক ফৌন্ ডাই, মাই ফোরটীন জেনেরেষণ ডাই"। "If master die then I die, my cow die, my blackstone die, my fourteen generation die!" "যছাপি মনিব মরেন, তবে আমি মরিব, আমার কো অর্থাৎ গৰু * মরিবে, আঁমার বাক ফৌন অর্থাৎ বাড়ীর শালগ্রাম ঠাকুর মরিবেন,আমার ফোরটিন জেনেরেষণ অর্থাৎ চোদ্দ পুৰুষ মরিবে"। একবার রথের দিবস এক সরকার কামাই করে ৷ পর দিন সে আইলে সাহেব জিজ্ঞাসা করিলেন, "কাল কেন আইদ নাই" ? সরকার রথের ব্যাপার কিন্তপে বুঝাইবে ভাবিয়া আকুল ! শেষে বলিয়া উঠিল, "চচ্চ'" (Church) ! রথের আকার গিছ্জার মত, তাই এই কথাটি বুঝাইবার পক্ষে বড উপায় হইল ! কিন্ত চচ্চ বলিলে ইটের গাথুনি বুঝায়, এজন্য পরক্ষণেই বলা হইল "উডেন চর্ক" অর্থাৎ কাষ্টের গিরজা। তাহা হইলেও

[্]র এই দেশে কাউ শব্দের ভাগ্য তিন বার পরিবর্ত্তিত হয়। প্রথমে উহার উচ্চারণ কো ছিল পরে কৌ হয় তাহার পর এক্ষণে কাউ হুইয়াছে।

বুঝা গেল না; তখন তাছাকে আরো ব্যাখ্যা করিতে হইল—
"খু ফারিস্ হাই।" "Three stories high," "গাড আলমাইটা
সিট্ অপন" (God Almighty sit upon) অর্থাৎ জগরাথ দেব
বিসয়া আছেন, "লাং লাং রোপ" (Long long rope) "থৌজও
মেন ক্যাচ (Thousand men catch), "পুল পুল পূল) Pull,
pull, pull), "রনাওয়ে রনাওয়ে" (Run away run away),
"হরি হরি বোল—হরি হরি বোল"।

ইংরাজি শিক্ষার এই ছর্দ্দশা হিন্দুকলেজ সংস্থাপিত হইলে বিমোচিত হইল ! ১৮১৬ খৃষ্ঠাদে সর জন হাইড ইউ (Sir John Hyde East) এবং ডেবিড হেয়ার (David Hare) এই মহাঝাদ্রর প্রথমে ঐ কলেজ সংস্থাপিত করেন ! উহার অন্য নাম মহাবিদ্যালয় ! হিন্দুকলেজ বস্তুতঃ মহাবিদ্যালয় নামেরই উপযুক্ত ছিল ! সর জন হাইড ইউ স্থপ্রীম কোর্টের জজ ছিলেন ৷ ডেবিড হেয়ারের সংক্ষেপ রুত্তান্ত পূর্কে বলিয়াছি ! এই ছই লোক-হিতৈবী উদারাশয় মহাঝা ব্যক্তির যত্নে হিন্দুকলেজ সংস্থাপিত হয় ! ঐ বিদ্যালয় এতদ্দেশীয়দিগের টাকায় সংস্থাপিত হয় ! প্রথমতঃ কেবল এতদ্দেশীয়দগের টাকায় সংস্থাপিত হয় ! প্রথমতঃ কেবল এতদ্দেশীয়দগের টাকায় সংস্থাপিত হয় ! প্রথমতঃ কেবল এতদ্দেশীয়দগের টাকায় তাহার অধ্যক্ষ ছিলেন ! কেবল তাহারাই উহার তত্ত্বাবধান করিতেন ! তাহারা উপযুক্ত রূপে উহার অধ্যক্ষতা কার্য্য নির্কাহ করিতেন ! পরে গবর্গমেন্ট ভাহাদিগের হস্ত হইতে উহার কার্য্যভার বিশেষ ইংরাজী কোশল প্রয়োগ দ্বারা কাড্য্যা লইয়া স্বহস্তে গ্রহণ করেন !

এই সময় হইতে ইংরাজী শিক্ষার প্রভাবে নব ভাব হিন্দু সমাজে প্রবিষ্ট হয় ও নেই ভাব এখনও কার্য্য করিতেছে ! কিন্তু হিন্দুসমাজের বর্ত্তমান পরিবর্ত্তনের মূল কারণ অনুসন্ধান করিতে গেলে, কেবল ইংরাজী শিক্ষার প্রবর্তনা যে উহার এক যাত্র কারণ বলিয়া নির্দেশ করা যাইতে পারে, এমত নহে! আর একটি ঘটনা উহার একটি প্রধান কারণ স্থরপ গণ্য করা কর্ত্তব্য অর্থাৎ রামমোহন রায় দ্বারা ত্রাহ্মসমাজ সংস্থাপন! সমুদায় হিন্দু শাস্ত্র হইতে প্রমাণ উদ্ধৃত করিয়া রামমোহন রায় এই সত্য প্রতিপাদন করিয়াছিলেন যে ঈর্মার এক মাত্র নিরাকার! তাহাতে অনেকে এই রূপ মনে করিলেন, ইহাতে হিন্দুধর্ম একেবারে নই হইবে! কিন্তু তাঁহারা বুঝিতে পারেন নাই যে ইহা দ্বারাই হিন্দুধর্ম প্রকৃত রূপে রক্ষিত হইবে!

এক্ষণে ইংরাজী শিক্ষা হিন্দুসমাজে কিরপ কার্য্য করি-য়াছিল তাহার বিবরণ করা যাইতেছে !

হিন্দুকলেজ হইতে প্রথম যে যুবকদল বহির্গত হয়েন, তাঁহারা প্রাচীন হিন্দুধর্মে ও হিন্দু রীতি নীতিতে অনেক দোষ অনুভব করিতে সমর্থ হইয়াছিলেন। ইহার প্রধান কারুণ হিন্দু কলেজের শিক্ষক ডিরোজিও সাহেবের উপদেশ। ডিরোজিও সাহেবের উপদেশ। ডিরোজিও সাহেবের উপদেশ। ডিরোজিও সাহেব একজন ফিরিঙ্গী ছিলেন। তিনি কলেজের চতুর্থ শিক্ষক ছিলেন। কিন্তু ছাত্রেরা তাঁহাকেই অধিক চিনিত, প্রধান শিক্ষককে তত চিনিত না। তিনি প্রগাঢ় বিদ্যা ও অকিত্রিম স্বেহ দ্বারা ছাত্রদিগকে এমন বলীভূত করিয়াছিলেন যে তাঁহাকে তাহারা ছাড়িতে চাহিত না। তিনি অতি প্রিয়্ম স্বন্ধ ও স্কবি ছিলেন। হিন্দু কলেজের ভিতর এক বার একটি তামাসা হইতে ছিল। একটা বালক তাঁহার সমুখে তাঁহাকে আড়াল করিয়া ভামাসা দেখিতেছিল। তিনি বলিলেন, "My boy! you are not transparent" "প্রিয় বালক! তুমি

ষদ্ধ পদার্থ নহ।" তাঁহার এই দেশে জন্ম ছিল। কিন্তু অন্যান্য ফিরিন্সী যেমন বলে, "মোদের বিলাত," তিনি সেরপ বলিতেন না। এই দেশকে তিনি স্বদেশ জ্ঞান করিয়া ইহার প্রতি যথেষ্ট মমতা করিতেন। তাঁহার একটী কবিভাতে ভাঁহার স্বদেশানুরাগের অত্যুৎকৃষ্ট পরিচয় প্রাপ্ত হওয়া যায়। সে কবিভাটী তাঁহার রচিভ ভারৎবর্ষের একটি পুরাতন-আখ্যান-মূলক কাব্যের মুখবন্ধ।

"My country! in thy days of glory past A beauteous halo circled round thy brow, And worshipped as a deity thou wast-Where is that glory, where that reverence now? Thy eagle pinion is chained down at last And grovelling in the lowly dust art thou: Thy ministrel hath no wreath to weave for thee. Save the sad story of thy misery! Well-let me dive into the depths of time And bring from out the ages that have rolled A few small fragments of those wrecks sublime Which human eye may never more behold; And let the guerdon of my labour be, My fallen country! one kind wish for thee" "সদেশ আমার। কিবা জ্যোতির মণ্ডলী ভূষিতো ললাট তব; অত্তে গেছে চলি সে দিন ভোমার; হায়! সেই দিন যবে

Ħ

দেবতা সমান পূজ্য ছিলে এই ভবে!
কোথায় সে বন্দ্যপদ! মহিমা কোথায়!
গগণবিহারী পক্ষী ভূমিতে লুটায়!
বন্দীগণ বিরচিত গীত উপহার
হুংখের কাহিনী বিনা কিবা আছে আর?
দেখি দেখি কালার্নবে হইয়া মগন
অবেষিয়া পাই যদি বিলুপ্ত রতন!
কিছু যদি পাই তার ভগ্ন অবশেষ
আর কিছু পরে যার না রহিবে লেশ!
এ শ্রমের এই মাত্র পুরক্ষার গণি,
তব শুভ ধ্যায় লোকে, অভাগা জননি!

হংখের বিষয় এই যে একজন ফিরিন্সী ভারতবর্ষকে এমন প্রেমের চক্ষে দেখিতেন কিন্তু এক্ষণকার কোন কোন হিন্দু-সন্তানকে সেরপ করিতে দেখা যায় না! ডিরোজিওর ছদেশ্য-সুরাগ, তাঁহার সনাশয়তা, তাঁহার প্রগাঢ় বিছা ও জ্ঞান দেখিয়া তাঁহার কতগুলিছাত্র এমন মুগ্ধ হইয়াছিল যে তাহারা সর্কদাই তাঁহার সহবাদে থাকিতে ভাল বাসিত! তিনি কলেজে ধর্ম ও সমাজ বিষয়ে উপদেশ দিতেন, তজ্জন্য কলেজের অধ্যক্ষেরা তাঁহার প্রতি বিরক্ত হওয়াতে তিনি রাত্রিতে আপনার ইটালিস্থ বাসায় উপদেশ দিবার নিয়ম করিলেন! তাঁহার ছাত্রেরা তাঁহাকে এমনি ভাল বাসিত যে অন্ধকার রাত্রি ঝড় বৃষ্টি

এই অন্বাদের জন্য প্রীযুক্ত বারু ছিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের ক্রিকট আমি খণী আছি।

ইব্যোগ হইলেও তাহাদিগের মধ্যে কেহ কেহ বাগবাজার হইতে ইটালী যাইতে সঙ্কোচ করিত না। ভিরোজিওর শিষ্যেরা তাঁহার নিকট হইতে যে পাশ্চাত্য আলোক প্রাপ্ত হইয়াছিল, তাহা তাহাদিগের মন্তক ঘূর্নিত করিয়া দিয়াছিল। তাহারা হিন্দুসমাজের নিয়ম নকল অবহেলা করিতে লাগিল। ভিরোজিওর শিষ্যগণের আচরণ হেতু তাঁহার অত্যন্ত নিন্দা হইতে লাগিল এজন্য মহাবিদ্যালয়ের অধ্যক্ষেরা তাঁহাকে কর্ম্যচূত করেন। হিন্দুকলেজ হইতে বহিক্ষত হইবার নিছুদিন পরে ভিরোজিও সাহেবের মৃত্যু হয়। যখন তাঁহার মৃত্যু হয় তখন

তথনকার সময়গুণে ডিরোজিওর যুবকশিব্যদিগের এমনি সংক্ষার হইয়াছিল যে, মদ খাওয়া ও খানা খাওয়া অসংকৃত ও জ্ঞানালোকসম্পন্ন মনের কার্য়। তাঁহারা মনে করিতেন, এক এক প্লাস মদ খাওয়া কুসংকারের উপার জয়লাভ করা। কেহ কেহ উদ্ধৃত বেশে দোকানদাযদের নিকটে গিয়া বলিতেন, "গোৰু খেতে পারিস ? গোৰু খেতে পারিস ?" এই রূপে প্রচলত রীতি নীতির মস্তকে পদাযাত করিয়া তাঁহারা মহা আক্ষালন করিয়া বেড়াইতেন। একবার তাঁহাদের মন্ত্রণা হইল, মুসলন্যানের দোকানের বিক্ষৃতি খেতে হবে। কয়েক দিন মন্ত্রণাই হয়, কাজে কেহ অগ্রসর হইতে পারেন না। একদিন, অদ্য এই কার্য্য সমাধা করিতেই হইবে, এইরপ স্থিরপ্রতিজ্ঞ হইয়া তাঁহারা গৃহ হইতে বহির্গত হইলেন। মুসলমানের দোকানের সমুখে আইলেন কিন্তু তাহার ভিতর প্রবেশ না করিয়া পথের উপরে সকলে দাঁড়াইয়া ভাবিতে কাগিলেন। এগিয়ে গিয়ে কিন্তু ট

কিনিয়া লইয়া আইসেন, তা কাহারও সাহস হয় না! শেষে এক জন অপেক্ষাকৃত অধিক সাহসী পূৰুষ এগুলেন। কিন্তু তাঁহার পা কাঁপিতে লাগিল। আন্তে আন্তে দোকানের ভিতরে গিয়া বিষ্ণু ট নিয়ে যেমন তিনি বেৰুলেন অমনি তাঁহার সঙ্গিণ তিন বার গাগণভেদী হরে "Hip! Hurrah!" বলিয়া উঠিলেন ৷ তাঁহারা ঐ কাজকে কুসংস্কারের উপর অসামান্য जग्न मत्न कतिशा এই क्रथ कतिशाहित्नन। এक मिन छामनी রাত্তি, কয়েক জন নব্য-সম্প্রদায়ের লোক ঠনঠনিয়ার মন নিরীক্ষণ করিতেছেন, দৃষ্ট হইল। কাছে আসিতে দেখা গেল দে একজন ক্ষেরিত মন্তক শাক্রাধারী ব্যক্তি মাথায় চেঙ্গারী করিয়া উইলসনের দোকান হইতে ৰুটী বিস্কৃট কেক্ লইয়া আসিয়াছে ৷ যেমন সে মাথার ঝড়িটা নামাইল, এবং তাহার কামান মাতা চাঁদণীতে চিক্ চিক্ করিতে লাগিল, অমনি সেই জগলাথের প্রসাদের জন্য কাড়াকাড়ি পডিয়া **॰ शिल ।** स्म प्लिथ हैं। करत अवोक हर स में फिर स तिहल ।

উপরে বর্ণিত আচরণ দ্বারা ডিরোজিওর ছাত্রেরা জাতির বন্ধন শিথিল করেন। তাঁহারাই যে প্রথমতঃ তাহা শিথিল করেন এমৎ নহে। তাহার পূর্ব হইতে ঐ বন্ধন বিলক্ষণ শিথিল হইয়াছিল। ইহার প্রমাণ কালীপ্রসাদী হেকাম।

হাটখোলার বিখ্যাত দত্তবংশীয় কালীপ্রসাদ দত্ত সর্বানীতি-বিৰুদ্ধ বিশেষতঃ হিন্দুনীতিবিৰুদ্ধ এক কার্য্য করেন তাহাতে তিনি জাত্যস্তারিত হয়েন ও তাঁহার পক্ষীয় লোকেরা তাঁহাকে সমন্বয় করিয়া জাভিতে তুলেন তাহাতেই কালীপ্রসাদী

ইফামের উৎপত্তি হয়। ঐ কার্য বিবী আনর নামক এক জন পরমা স্বন্দরী মুসলমানীকে উপপত্নী রাখিয়া তাহার গৃহে কিছুদিন বাস করা! এই কার্য্যটী দ্বারা হিন্দুধর্মবিহিত জাতির নিয়ম বিলক্ষণ ভঙ্গ করা হয় ৷ এই হেঙ্গামাতে হিন্দুসমাজ ভয়ানক আন্দোলিত হইয়াছিল। এক পক্ষে শোভাবাজারস্থ রাজগণ, অপরপক্ষে মৃত রামহুলাল সরকার প্রভৃতি কলিকাতার তদানীম্বন অনেকগুলি সম্ভ্রাম্ব লোক प्रधारमान इहेरा अ^{के} जात्मालन कतिशाहित्तन । अहे घर्षना উপলক্ষে রামহুলাল সরকার বলিয়াছিলে, "জাতি আমার বাক্সের ভিতর" ও অকাতরে অর্থ ব্যয় করিয়াছিলেন ৷ এই হেন্সাম সময়ে একটা গীত রচিত হইয়াছিল, তাহার প্রারম্ভে আছে,—"গেল গেল গেল হিন্দুয়ানী।" সেই প্রথম এই রব উন্ধিত হয়, এখনও সেই রব শ্রুত হওয়া যাইতেছে৷ কিন্ত প্রাকৃত হিন্দুয়ানী, অর্থাৎ ঈশ্বর-ভক্তি, ঈশ্বরের সহিত যোগ সাধন, সর্বভৃতে দয়া এবং সর্ব ধর্মের প্রতি ঔদার্য্য ভাব কখন যাইবার নহে 1

কালীপ্রসাদী হেক্কাম এবং হিন্দু কলেজের প্রথম ছাত্রদিগের মদ খাওয়া ও খানা খাওয়া জাতির বন্ধন শিথিল
করিয়া ঐ বিষয়ে বর্ত্তমান সামাজিক পরিবর্ত্তন অনেক পরিমাণে
প্রবর্ত্তিত করিয়াছে! কিন্তু এ সকল নিরুক্ত প্রবৃত্তির কার্যা!
আমাদিগের দেশের ধর্ম ও সমাজ্ব সংস্থারের প্রকৃত কারণ
ইংরাজী শিক্ষার স্থির ও স্থায়ী কার্যা ও ত্রাহ্মসমাজের
উপদেশ! ইংরাজী শিক্ষা ও ত্রাহ্মসমাজের উপদেশ সাধারণ
লোককৈ এখনও তত কার্য্যে প্রবৃত্ত করিছে পারে নাই,

যত মতের পরিবর্ত্তন করিয়াছে ! মত পরিবর্ত্তন যত শীত্র হয়, কার্ব্যের পরিবর্ত্তন তত শীত্র হয় না! কিন্তু ডিরোজিওর শিষ্যদিগকে একটা বিষয়ে অত্যন্ত প্রশংসা করিতে হয়, তাঁহারা রাজকার্য্যে উৎকোচ গ্রহণ না করার প্রথম দৃষ্টান্ত প্রদর্শন করেন।

এই রূপে হিন্দু সমাজে যে পরিবর্ত্তন আরম্ভ হয়, তাহা
এক্ষণে কতদূর আসিয়া দাঁড়াইয়াছে ! বিদ্যা শিক্ষার বিষয়ে
দেখ,—তখন কাঁলিকাতাতে একটি কি ছুইটা বিদ্যালয় ছিল,
এখন নগরে নগরে প্রামে প্রামে বিদ্যালয় প্রতিষ্ঠিত হইয়াছে !
সামাজিক সংস্কার বিষয়ে দেখ,—এক্ষণে স্ত্রীলোকদিগের
শিক্ষা হইতেছে, তাহাদিগের অপেক্ষারুত অধিক বয়সে বিবাহ
দেওয়া হইতেছে, লোক বিলাত যাইতেছে, বিধবার বিবাহ
হইতেছে, অসবর্ণ বিবাহ হইতেছে, স্ত্রীলোকদিগকে বহির্গমন
বিষয়ে স্বাধীনতা দেওয়া হইতেছে ! এক্ষণকার কালে চতুর্দিকে.
পরিবর্ত্তন বই আর কথা নাই ৷ কান্ কোন্
হইলেই যে উন্নতি তাহার নিক্ষয়তা নাই ৷ কোন্ কোন্
বিষয়ে প্রকৃত উন্নতি হইতেছে, কোন্ কোন্ বিষয়ে প্রকৃত
অবনতি হইতেছে, তাহা বিচার করা আমাদিগের কর্ত্ব্য !)

এক্ষণে যে যে বিষয়ে বন্ধ সমাজের প্রকৃত উন্নতি বা অব-নতি হইতেছে, তাহা বলিতে প্রবৃত্ত হইলাম। আমি নিম্নে লিখিত বিষয় সম্বন্ধীয় উক্ত সমাজের উন্নতি ও অবনতির বিষয় বিবেচনা করিব।

-)। भंजीत।
- २। विमा भिका।

- ৩। উপজীবিকা।
- 81 नगंखी
- ৫ ৷ চরিতা ৷
 - ৬। রাজ্য।
- १। धर्मा

প্রথমতঃ। শারীরিক বলবীর্ষ্য !—এ বিষয়ে পূর্কাপেক্ষা বিল-ক্ষণ অবনতি দৃষ্ট হইতেছে! প্রত্যেক ব্যক্তিকে জিজ্ঞাসা কর, তিনি বলিবেন, আমার পিতা ও পিতামহ বড় বলবান্ ছিলেন ! শৈ কালের লোকের সহিত তুলনা করিলে করমান লোক-**फिरागत किছूरे वल नारे विलाल रहा।** आगि जानि, किलका-তার নিকটস্থ কোন আমে একটা বাঘ আসিয়াছিল, সেই আমের একজন ভদ্রে ব্যক্তি ভাঁহারই মত বলবান একজন নাপি-**एक मक्ट्र** लहेश लांकि हाट कतिशा वांच भातिए विकल्पन । বিবেচনা কৰুন, লাঠি দ্বারা বাঘ মারা কত বড় সাহসের কর্ম ! তিনি তাহাতে কতকার্য্য হয়ে ঘরে ফিরে এলেন ৷ ভূতপূর্ব্ব গবর্ণর জেনরেল সর্জন্লরেশ উত্তর পাডার স্বলের বালক-দিগকে দেখিয়া বলিয়াছিলেন, সে কালের বাকালীদের তুল-নায় এ কালের বাঙ্গালীরা নিভান্ত ক্ষীণ ৷ চল্লিশ বৎসরে চালসে ধরে, এই সকলে জানেন, এক জনকে আমি দেখিলাম, তিনি ভাল দেখিতে পান না ৷ আমি জিজ্ঞাসা করিলাম, মহা-শায়ের কি চালদে ধরেছে? তিনি বলিলেন, "না, পায়তারা ধরেছে।" অর্থাৎ পঁয়ত্তিশ বৎসর বয়স হইয়াছে । "এ বয়সে দৃষ্টির খর্কতা হইলে, ভাহাকে আর চালসে কেমন করে বলা যায়, পায়তারা বলিতে হয় !" কি আৰু্ধ্য ! ইহার পর আমাদের

দেশের লোকেরা কি সত্য সত্য বেগুন গাছে আঁকুষি দিবে না কি? এক শত বৎসর পুর্বেষ যে সকল লোক জীবিত ছিলেন, তাঁহারা যদি ফিরিয়া আইসেন, তাহা হইলে আমাদিগকে খর্ম-কায় দেখিয়া আশ্চর্য্য হয়েন, সন্দেহ নাই । ছেলেবেলা সে কালের জ্রালোক কর্ত্বক ডাকাইত তাড়ানোর গণ্প সকল শুনা গিয়াছিল। এক্ষণে জ্রীলোকের কথা দূরে থাকুক, পুরুষের এরপা সাহসের কার্য্য শুনা যায় না! এক্ষণকার পুরুষেরা একটা শিয়াল তাড়াইতেও সক্ষম নহে! এই শারীরিক বলবীর্য্য হানির কয়েকটা কারণ নির্দেশ করিতে পারা যায়। সেই সকল কারণ নিমে উল্লিখিত ইইতেছে। বাল্য বিবাহাদি যে সকল কারণ সে কাল এ কাল ছই কালে সাধারণ তাহা এখানে ধরা গেল না, কেবল এই কালে যে সকল কারণের উৎপত্তি হইয়াছে, তাহাই ধরা গেল।

১। এ কালের লোকের বলবীর্য্য ক্ষয়ের ও অণপায়ুর প্রথম কারণ, দেশের নৈস্থির প্রকৃতির পরিবর্ত্তন বলিতে হইবে। এইরপ পরিবর্ত্তনের এক প্রধান প্রমাণ এই যে, পূর্কে শীতকালে যেরপ শীত হইত, এক্ষণে সেরপ হয় না। পূর্কে সামান্য গৃহস্থকেও শীতকালের অধিকাংশ দিন আহারের পর গারম জলে আঁচাইতে হইত। কিন্তু এক্ষণে কেহ সেরপ করে না। বাইট সোত্তর বৎসর বয়ঃক্রমের নবদ্বীপবাসী ব্যক্তিরা বলিতন যে, তাঁহারা বাল্যকালে ঘরের চালের উপর খড়ি ওঁড়ার ন্যায় এক পদার্থ পড়িতে দেখিতেন, তাহাকে তাঁহারা পালা বলিতেন। সেই পদার্থকে ইংরাজীতে Frost বলে, তাহা ক্ষত্যন্ত শীতের চিহ্ন। পূর্কে লোকে কলিকাতা হইতে জিবেগী,

শান্তিপুর প্রভৃতি প্রামে জল বায়ু পরিবর্ত্তন জন্য যাইত কিছা একণে ঐ সকল স্থান মেলেরিয়া অর্থাৎ দূষিত বাক্ষা নিবন্ধন অস্বাস্থ্যকর হইয়া উঠিয়াছে। উত্তর পশ্চিম অঞ্চলে প্রয়াগ, কানপুর প্রভৃতি স্থান পূর্বে যেরপ স্বাস্থ্যকর ছিল একণে সেরপ দৃষ্ট হয় না । এই সকল স্থানে পূর্বে শীতকালে যেরপ শীত হইত একণে সেরপ হয় না । নানা কারণে বোধ হইতেছে যে ভারতবর্ষে একটি মহা নৈস্বর্গিক পরিবর্ত্তন চলিতেছে । এরপ পরিবর্ত্তন লোকের শারীরিক বল বীর্ষ্যের প্রতি স্বীয় প্রভাব প্রদশ্ন করিবে ইহার আশ্রুষ্য কি ?

২৷ এক্ষণকার লোকের শারীরিক বল বীর্য্য হ্রাসের আর এক কারণ অতিশয় পরিশ্রম ও অকালে পরিশ্রম! এতদেশে ইংরাজী সভ্যতা প্রবেশের সঙ্গে সঙ্গে যে পরিশ্রম অভ্যস্ত রন্ধি হইয়াছে তাহার আর সন্দেহ নাই! ইংরাজেরা যেরূপ পরিশ্রম করিতে পারেন আমরা সেরূপ কখনই পারি না! কিন্ত ইংরাজেরা চাহেন যে আমরা তাঁহাদের ন্যায় পরিশ্রম করি ! ইংরাজী পরিশ্রম এ দেশের উপযুক্ত নহে! অভিশয় পরিশ্রম যেমন শারীরিক বল বীর্য্য ক্ষয়ের কারণ তেমনি অকালে পরিশ্রম তাহার আর এক কারণ ৷ এখনকার রাজপুরুষেরা যে দশটা ছইতে চারিটা পর্য্যন্ত কর্ম, করিবার নিয়ম করিয়াছেন ইহা এদে-শের পক্ষে কোন রূপে উপযোগী নছে ! প্রথর রেডির সময় কর্ম করিলে শরীর শীত্র অবসন্ন হইয়া পড়ে ৷ বিশেষতঃ বাল-কেরা যে আহারের পরেই তাড়াতাড়ি ক্ষুলে যায় এবং তথায় বন্ধ বায়ুতে এক গৃহে শত শত ব্যক্তি গলদুঘর্ম কলেবরে থাকে ভাছাতে ভাছাদের বিলক্ষণ ঝান্থাডক হয়। পাদরি লংসাহেব

শার ওক্ষার ভার সাহেবকে লইয়া কোন কুল দেখিতে গিয়ার ছিলেন। ঐ ভার সাহেবটি কুলের ভিতরে চুকিয়া ছাত্রদিগের নিশাসের গরম বাতাস ও ঘর্মের গন্ধ অনুভব করিয়া বলিয়া উচিনেন "This is hell" অর্থাৎ নরক হরপ।

০৷ ব্যায়াম শিক্ষার অভাব ৷ – পূর্বেণ গুলিদাতা কপাটি লামক যে সকল ক্রীড়া প্রচলিত ছিল, তাহাতে বিলক্ষণ অঙ্গ ছালনা হইত ৷ পুর্বে প্রত্যেক গ্রামে এক এক কুন্তির আড্ডা ছিল; ছেলে রুড়ো সকলে কুন্তি করিত ৷ এখন বয়ক্ষদিগের কথা দুরে থাকুক্, পোনের যোল বৎসরের বালকেরা পর্যান্ত অঙ্গ চালনা করিতে বিমুখ ৷ কোন জেলা ক্ষুলে দেখিলাম, নিম্ন শ্রেণীর ছেলেরা খেলা করিতেছে এবং প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বালকেরা শ্বির হইয়া দাঁড়াইয়া আছে। আমি তাহাদিগকে জিজ্ঞাসা করিলাম, "তোমরা খেলিতেছ না কেন ?" তাহারা কিছু উত্তর कतिल ना ; आभि जांशांनिगरक विल्लाम, "जांमानिरगत रथला করা কর্ত্তব্য, এত সকাল সকাল বিজ্ঞ হইলে চলিবে না" ! ছোট ছোট বালকেরা পর্যন্ত যাহাতে অঙ্গ চালনা না করে, তাহার জন্য আমাদিগের দেশীয় লোকেরা বিশিষ্ট উপায় অবলম্বন করিয়া থাকেন ৷ এখন একটা ছেলে সমস্ত দিন গড গড করিয়া পড়া मूथेय कतित्न जोशांक भांख ছেলে वना रहा। এই य भांख नाम हेहा मर्सनात्मत शाएा। हेश्त्रां फिक वरलन, "All work and no play makes Jack a bad boy"; কোন ক্রীড়া নাই, কেবল পরিশ্রম ইহাতে বালকের অপকার হয়। যে পরিমাণে মান্সিক পরিক্রমের আধিক্য, সেই পরিমাণে শারীরিক বলের कालि ! क्टूब्ल भीना भीना वर्षि बात्रिया पत्र, क्टूब्सिमाटक के सम

পুখন্ত করিতে হয় তাহারা দিন রাভ কেবল তাহা করে, শারীরিক উন্নতির প্রতি কিছুমাত্র মনোযোগ দেয় না। যাহারা বাঙ্গালা ছাত্রবৃত্তির পরীক্ষা দেয় তাহাদের বয়ংক্রেম হক্ষো দল এগার হৎদর ৷ এই অলপ বয়স্ক বালকদিগকে এত পুত্তক পভিতে হয় যে, ক্রীডা ও আরাম করিবার অবকাশ পায় না ! के জন্য ফলও সেইরূপ ফলিতেছে। ছাত্রেরা কণ্ন ও অকর্মণ্য ইইয়া পড়ে ৷ এক্ষণকার ছাত্রেরা বিশ্ব-বিদ্যালয়ের যে সকল উপাধি পায়, আমি তাহা পাওবদিগের স্বর্গারোইণের সহিত কুলনা করিয়া থাকি। পাওবেরা পাঁচ ভাই ও ভৌপদী श्वर्तात श्राय वाहरू वाहरू श्रथम र्त्जाशनी, श्रात महरनव,श्रात নকুল, পরে অর্জ্জুন, পরে ভীম, এক জনের পর এক জন পড়িয়া গেলেন ৷ সর্কশেষে কেবল একা যুগিষ্ঠির স্বর্গারে ছণ করিলেন ৷ তেমনি যে সকল ছাত্র প্রথমতঃ এণ্ট্রেস কোর্স পড়ে তাহার মধ্যে কতকগুলি এণ্ট্রাপ পরীক্ষা না দিতে দিতে পড়িয়া যায় ৷ ফাট আর্টস পরীক্ষা না দিতে দিতে আর কতকণ্ডলি পডিয়া যায় ! বি, এ, পরীকা না দিতে দিতে আর কতকগুলি পডিয়া যায়। এম, এ, উপাধি প্রাপ্তি অর্থাৎ স্বর্গারোহণ অতি জম্প লোকেরই ভাগ্যে ঘটে! এক হিদাবে বর্ত্তমান ইংরাজি শিক্ষার প্রশালী মানুব মারিবার কল বলিলেও অত্যুক্তি हरा मा ।

৪। অতিশয় পরিশ্রম, অসময়ে পরিশ্রম ও ব্যায়াম চর্চার ছ্রাস নিবন্ধন এখনকার লোকের ভোজন শক্তির হ্রাস হইরা আসিভেছে। এটি শারীরিক বল বীর্ষ্য ক্ষয়ের উত্তর কার্য্য ও কারণ। পূর্বকার লোকেয়া বিলক্ষণ আহার করিতে পারি- তেন, ইহার ভূরি ভূরি দৃষ্ঠান্ত আমরা বাল্যকালে দেখিয়াছি ও
ভানিয়াছি। এক্ষণকার লোকে সেরপ পারে না। পূর্ব্বকালে
যখন কেবল গুরুমহাশয়ের পাঠশালায় শিক্ষা প্রদন্ত হইত,
তখন বালকেরা তিনবার ভাত খাইত। পূর্ব্বকালে ভদ্র
লোকেই কতকগুলা ঝুনা নারিকেলের শাঁস ও চিড়েই চিবাইয়া
খাইয়া ফেলিয়া হজম করিতেন। ইহা যে অত্যন্ত পূর্ফিকর
আহার তাহার সন্দেহ নাই। কিন্তু এক্ষণকার অধিকাংশ
লোকে এরপ পুর্ফিকর আহার খাইয়া হজম করিতে পারে না।
ইংরাজেরা যে পরিমাণে আহার করিতে পারেন, তাহার সঙ্গে
তুলনা করিলে বাক্ষালীদিগের আহার নাই বলিলেই হয়।
অধিক আহার করিয়া অনায়াসে জীর্ন করিতে পারা শারীরিক
বলের একটী প্রধান কারণ।

৫। পুর্ফিকর দ্রব্য ভক্ষণের হ্রাসতা একালের লোকদিগের শারীরিক বল বীর্য্য ক্ষয় ও অলপায়ুর আর এক কারণ।
আমাদিগের বৈদ্য প্রন্থে লিখিত আছে, "আরোগ্যং কটুতিক্তেয়ু বলং মাংসপয়ঃস্প চ"; কটু ও তিক্ত দ্রব্য স্বাস্থকর এবং
মাংস ও হ্রন্ধ বলকর। এক্ষণকার সম্পন্ন মনুষ্যদিগের মধ্যে
মাংসাহার পূর্বাপেক্ষা অধিকতর প্রবল হইয়াছে বটে
কিন্তু অধিকাংশ লোকের সম্বন্ধে মাংস জুটিয়া উঠা
ভার। এক একটী জাতির এক একটী প্রধান আহার
আছে। গোমাংস যেমন ইংরাজদিগের প্রধান আহার, গোল
আলু যেমন আইরিশ্দিগের প্রধান আহার, দাল কটী যেমন
হিন্দুস্থানী দিগের প্রধান আহার, তেমনি দাল, ভাত, হুদ, মাছ
বান্দালী দিগের প্রধান আহার। এই চারি দ্রব্যের মধ্যে হ্লা

ষেমন পৃষ্ঠিকর এমন অন্য পদার্থ নতে ৷ পূর্বের আপামর সাধারণ সকলেই যেমন হ্রন্ধ খাইতে পাইত একণে হ্রন্ধ মহার্য্য হওয়াতে সেরপ পায় না! কোন ব্যক্তির সঙ্গে কথোপ-কথনের সময় আমি বলিয়াছিলাম, যখন হ্রশ্ধ এত মহার্ঘ্য হইয়া উচিল তখন আর দেশের কিলে উন্নতি হইবে? তিনি হাসি-লেন। কিন্তু আমার কথার তাৎপর্য্য আছে। वाञ्चाली पिरागंत भंतीत तका ও भांतीतिक वल विधान शरक अत्राप উপযোগী যে তদভাবে আমাদের শারীরিক উন্নতির আশা নৰ্ই ৷ এই হ্ৰশ্ব কিব্ৰূপে স্থলভ হইবে তাহার কোন উপায় দেখিতে পাই না! সাহেবেরা গোমাংস ভোজী; ত্রুংখের বিষয় এই ষে বান্ধালীরাও তাহাদের সঙ্গে এবিষয়ে যোগ দেন ! বান্ধালীরা গোমাংস ভোজী হইলে আরো ভয়ানক হইয়া উঠেন। এ বিষয়ে একটা গম্প আছে ৷ একবার উইলসনের হোটেলে তুই বাঙ্গালী বাবু আহার করিতে গিয়াছিলেন ! এক বাবুর গোৰু ভিন্ন চলে না, তিনি খানসামাকে জিজ্ঞাসা করিলেন, "ভীল 🛪 হ্যায় ?" খানসামা উত্তর করিল, "নহি হ্যায় খোদাওন্দ," বাবু পুনরায় জিজ্ঞাসা করিলেন, "বীফ্টিক্ † হ্যায়?" খানসামা উত্তর করিল "ওভি নহি হ্যায় খোদাওন্দ!" বাবু পুনরায় জিজ্ঞাসা করিলেন, "অক্সূটং ‡ হ্যায় ?" খানসামা উত্তর করিল, "ওভি নহি হ্যায় খোলাওল।" বার পুনরায় জিজাসা করিলেন "কাফ্স্ফুট্জেলি গ

Veal অর্থাৎ বাছুরের মাংস । † Beefsteak অর্থাৎ গোকর বড় বড় রাখা টুগরো। ‡ Oxtongue অর্থাৎ গকর জিব। ¶ Calf's foot jelly অর্থাৎ বাছুরের খুর দ্রব করিয়া যে খাল প্রস্তুত হয়। ইংরা-জের। গোকর খুরটী পর্যান্ত ছাড়েন না, তাহা দ্রব করিয়। খাওয়া হয়।

ছ্যার ?" খানসামা উত্তর করিল "ওভিনহি ছ্যার খোদাওক " वांद् विलालन, "शोकका कूछ शांस निह?" धरे कथा अनिया ৰিতীয় বাবু যিনি এত গোমাংস প্রিয় ছিলেন না, তিনি বিরক্ত ছইয়া বলিলেন "ওরে! বারুর জন্য গোরুর আর কিছু না খাকে ल शानिक है। शादांत अपन एना ?"। अविषय याँ होता है आकी জানেন না, তাহারাও ইংরাজীওয়ালাদিগের অনুগামী হয়েন। একজন পাড়াগেঁয়ে জমিল্লার কিছু দিন কলিকাতায় বাস করিয়া-ছিলেন। তিনি ঠিক ইয়ং বেঙ্গালের মত পোষাগ পরিভেন ও উইলসনের দোকানে সর্বদা যাইতেন ! আপাততঃ দেখিলে কাহার সাধ্য যে বলে যে তিনি ইংরাজী জানেন না ! তাঁহার পক্ষে ইংরাজীর এ অক্ষর গোমাংস ছিল! কিন্তু প্রকৃত গোমাংস গোমাংস ছিল না! হোটেলের নিয়ম এই, যাহারা প্রভাষ সেই খানে আহার করে তাহানিগকে প্রত্যেক দিনের আহারের খরচের এক হিসাব হোটেলওয়ালা দেয়। সেই नंकल हिमान निलात विहारत कार्या करत । डेलिथिड जभीमात विलात छाका निवात मगत हिमाव वृत्तिवात स्विधात निशिष्ठ প্রত্যহিক কর্দের পৃষ্ঠে, কি আহার করিলেন, তাহা প্রভ্যই লিখিবার সংকল্প করিয়া এক দিন সেই দিনের ফর্দ আপনার ইয়ং বেঙ্গাল সহচরের নিকট বুঝিয়া লইয়া তাহার পৃষ্ঠে "অদ্ধ-সের গোমাংস" এই বাক্যটা বান্ধালায় লিখিয়া রাখিলেন ৷ তাহাতে সেই সহ্চর তাহার প্রতি আপনার আন্তরিক ছণা আর লুক্কায়িত রাখিতে না পারিয়া বলিলেন, "তোর সকল মাফ্ করিলাম, ইজের পেণ্টেলুন পরিলি তাহা মাফ্ করিলাম, ক্যাপ মাতার দিলি তাহাও মাক করিলাম, কেটিং উড়িলি

ভাষাও মাড় করিলাম, ফের এর উপর আবার অর্ক্সের পোষাৎস?'' ৷ এদেশের লোকের পক্ষে গোমাংস অত্যন্ত উফবীর্য্য ও অস্বাস্থ্যকর দ্রব্য । একজন প্রদিদ্ধ ইয়ংবেন্ধাল বলিতেন যে প্রত্যহ এবেলা অদ্ধিসের আর ওবেলা অদ্ধিসের গোমাংস ভক্ষণ बा कतिरल वाकाली जां कि कथनरे विलर्ध हरेरव ना धवर शांश ৰলিভেন কাৰ্য্যে তাহাই করিতেন। কিন্তু পরিখেষে তাঁহার এক ত্বাচ রোগ উপস্থিত হইয়া শরীর এমনি অস্তুত্ব হইয়া পডিল যে পাচক ত্রান্ধণ রাখিয়া ভাত ডাইল ধরিতে বাধ্য হইলেন। কিন্ত উপরে যে ভয়ানক গোখাদকদিগের কথা বলিলাম এরপ ভয়ানক शांचाहक पृद्ध थाकूक, मामाना शांचाहकरे वामानीत मधा কয়ন্ত্রন আছে ? অতি অপেই আছে। প্রধান গোখাদক আমাদিগের ইংরাজরাজপুক্ষেরা ও মুসলমানেরা ৷ তাঁহারা পুৰু খাইয়া উজাড় করিয়া ফেলিলেন এই জন্য হ্ৰন্ধ মহাৰ্য্য হইয়া উঠিয়াছে। প্রাচীনতম হিন্দুরা গোমাংস ভক্ষণ করিতেন শাস্ত্রে এমন উদাহরণ পাওয়া যায়। কিন্তু মধ্য সময়ের হিন্দুগণ গোৰুর উপকারিত্ব ও এনেশে তাহার মাংস ভক্ষণের অস্বাস্থ্যকর দোষ প্রতীতি করিয়া গোমাংসভক্ষণ শাস্ত্রে নিষেধ করিয়া গিয়াছেন। গোৰু যেরপ উপকারী জন্ত, তাহার সহত্তে এই রূপ ব্যবহারই নিতান্ত কর্ত্তব্য ! আকবর বাদশাহ তাঁহার রাজ্য মধ্যে গোহত্যা নিবারণ করিয়াছিলেম। তাহাতে তিনি সমুদয় হিন্দুবর্গের বিশেষ প্রদ্ধাভাজন হইয়াছিলেন। কিন্তু ঐ মহা অনিষ্টকর ও নির্দায় প্রথা এক্ষণে নিবারিত হইবার কিছুমাত্র জাশা নাই ! হৃদ্ধ মহার্য্য হওয়াতে বাঙ্গালীরা ক্রমশঃ কীণ ভইয়া শড়িতেছে। শরীরের অসম্পূর্ণ পোষণ বর্ত্তথান বাঙ্গালী

দিগের অম্পায়ুর কারণ বলিয়া একজন ইংরাজ সংবাদপত্তি সম্পাদক স্থির করিয়াছেন *! একে ইংরাজী সভ্যতা জনিত প্রভূত পরিশ্রমের চাপ তাহার উপর ভোজন শক্তির হ্রাস ও পুর্ফিকর দ্রব্য ভক্ষণের হ্রাসতা ইহাতে কি রক্ষা আছে?

৩ ৷ ক্তিম খাদ্য দ্রব্যের ব্যবহার ৷ আমরা বাল্য কালে মৃত ত্রন্ধ তৈল প্রভৃতি দ্রব্য যেরূপ অক্তরিম পাইতাম, এখন আর সেরপ পাই না ! জিনিসের মূল্য বৃদ্ধির সঙ্গে সঙ্গে ভাহার ক্লবিমতা বাডিয়াছে । এটি একটা সভ্যতার চিহ্ন। বিলাতে এরপ ক্রতিমতা বিলক্ষণ চলে। এখন খাদ্য দ্রব্যের সঙ্গে কি ছাই ভদ্ম মিশায়, পূর্বেষ যে সব জিনিশ স্বান্ন লাগিত, তাহা আর সেরপ স্বাত্র লাগে না। কেবল ছাইভন্ম মিশায় এমন নহে, বিষবং দ্রব্য সকলও মিশায়, তাহা শরীরের পক্ষে অত্যন্ত অনিষ্টকর। স্কুতরাং দেই সকল দ্রব্য ব্যবহারে যে আয়ু ও বলের ক্ষয় হইবে তাহার আশ্চর্য্য কি? অকৃত্রিম খাছাদ্রব্য কিছু व्यमाधातन পानार्थ नरह, जेश्वरतत हेका य जोश कि नतिज कि ধনাত্য সকলেই ব্যবহার করিতে পায়। কিন্তু এখন এমনি হইয়া দাঁডাইয়াছে যে অফ্তিম খান্য দ্রব্য অসাধারণ পদার্থ, কেবল ধনাত্য ব্যক্তিরা ব্যবহার করিতে পারেন। জিনিশ ভেজাল করা क्विल हेरताकी आंभरल पृष्ठे हहेर्डि । पूमलभानिप्रित आंभरल এরপ ছিল না ৷ আমাদিগের বর্ত্তমান রাজপুরুষদিগের আমলে मकल्लाउरे जिलाल, मकल्लाउरे थाम, मकलरे शिल् हि । यानूरा-তেও ভেজাল, মানুষেতেও খাদ, মানুষও গিল্টি !

৭। পানদোষের প্রবলতা। ত্রান্তিরপ আগ্নেয় জলে এদে-

[·] Friend of India.

শের কত অনিষ্ট সাধন হইতেছে তালা অনেকেই বোধগায়া করিতে পারিতেছেন। গত ত্রিশ বৎসরের মধ্যে এই অগ্নিতে কত ধনী মানী ও বিদ্বানের প্রাণ আত্তিস্ক্রপ নিক্ষিপ্ত হইল তাহার ইয়তা করা যায় না। এত দিন ভাঁহারা জীবিত থাকিলে লোকসমাজের কত মঙ্গল সাধিত হইত! সাজ্যের দৃষ্টিতে দেশীয় মদ্য বিলাতি মদ্য অপেক্ষা অলপ অনিষ্টকর, কিন্তু ধর্মের দৃষ্টিতে সকল প্রকার মদ্যপানই একেবারে পরিত্যাগ করা কর্ত্তবা। এ বিষয়ে আরো পশ্চাৎ বলিবার অভিলায রহিল।

் ৮। শরীর সম্বন্ধীয় ইংরাজী আচার ব্যবহার অবলহন শারী-রিক বলবীর্যা হানির এক প্রধান কারণ! আমরা ইংরাজী পড়িয়া শরীর রক্ষা সম্মনীয় অনেক মঙ্গলকর পুরাতন প্রথা পরিত্যাগ করিতেতি ও এদেশের উপযুক্ত কি না ভাহা না বিবে-চনা করিয়া অনেক ইংরাজী রীতি অবলম্বন করিতেছি ৷ ইংরাজী রীতি এদেশের পক্ষে উপযুক্ত নহে! ইংরাজী রীতি অবলম্বন ও দেশীয় রীতি পালন, এই ছুয়ের ফলাফলের প্রতেদ দেখাইবার জন্য আমি প্রথম প্রথা অবলম্বনকারী রন্ধ মনুষ্কোর নহিত দ্বিতীয় .প্রথা অবলম্বনকারী রহ্ম মনুষ্টের তুলনা করিব। বাঙ্গালা ভাষায় ইংরাজী শব্দ মিশাইয়া কথা কছার আমি সম্পূর্ন রূপে বিরোধী কিন্ত কে তুকের অনুরোধে আমি বর্ত্তমান উপ-লক্ষে চুইটী বিমিশ্র বাকা ব্যবহার না করিয়া থাকিতে পারিলাম না ! সে ফুটী বাক্য বর্ণ্যাকিউলর (Vernacular) বুড়ো ও এংগ্লিসাইজ্ড (Anglicized) বুড়ো! এংগ্লিসাইজড বুডো অপেক্ষা বর্ণ্যকিউলর রড়োর বহুঃক্রম অধিক; কিন্তু এংগ্লি-সা**ইজঙ বুডো অপেকা**কত অপেবয়সেই বুডো হইয়া পত্তি-

য়াছেন। বর্ণাকিউলর বুডোর রাত্রি থাকিতে নিক্রা ভঙ্গ হয় ৷ নিদ্রা ভঙ্গ হইলে বিছানাতে শুইয়া শুইয়া ধর্ম সঙ্গীত গান করেন,—ইহা কেমন চিত্ত প্রফল্লকর । তৎপরে শ্যা হইতে উঠিয়া প্রাতঃস্থান করেন—ইহুংতে শরীর কেমন ভাল থাকে ৷ ভাছার পর স্থান করিয়া ফুলের বাগানে গিয়া ফুল ভুলে জানের --- জেপর স্থান্ধ শরীরের পাক্ষে কেমন হিতকর ! ফুল । হরণ করিয়া দেব পূজা করেন, ভাষা মনের প্রফালতা সঞার করিয়া শরীর মন উভয়ের বল সাধন করে ৷ এক জন ইংরাজ সংশয়বাদী, সংশয়বাদী হইয়াও আমাকে বলিয়াছিলেন যে উপা-সনা যেমন মনের টনিক অর্থাৎ বলকর ঔষধ এমন আর দ্বিতীয় গ নাই। এইত গেল বর্ণাকিউলর বুডোর কথা। আর থিনি এংগ্রিসাইজড বডো, তিনি খানা থাইয়া ও ত্রাণ্ডি পান করিয়া ज्यत्नक दन्ना शर्याख निजा यान ; ष्ट्रियान स्व क्रमन करत इस, তা কখন দেখেন নাই ও প্রাতঃকালের সুন্নিগ্ধ বায়ু কখন সেবন করেন নাই! অনেক বেলায় ঘুন ভাঙলো, কিন্তু এমন সহজ কাজ যে, চক্ষু সম্পূর্ণ রপে খোলা ইহাও তাঁহার পক্ষে তুদ্র কার্য্য বোগ হয় । শারীরিক প্লানি অত্যন্ত, খোঁমারি হইয়াছে, বিপদ উপস্থিত!! এইরূপে ইংরাজী আহার পানে ও অন্যান্য ইংরাজী রীতি পালনে এংগ্লিদাইজড্ বুডোর শরীর নানা রোগের আধার হয় ৷ আমি এই স্থলে তুই পক্ষের তুইটী একুশেষ দৃষ্টান্ত প্রদর্শন করিলাম! সাধারণতঃ বলিতে গেলে, इरताजी उत्रालाता शाहीन-ती जि-शालनकाती वाकि निरगत नात्र ভাটো ও সুস্কায় নহেন! ইহার কারণ তাঁহারা অনেক পরিমাণে ইংরাজী আচার ব্যবহারের অণুনরণ করিয়া থাকেন।

ইংরাজীওয়ালার। যত কর ও অলপায়ু টোলের অধ্যাপকেরা দেরপ নহেন, তাহার কারণ বোধ হয় এই যে, ইংরাজী-ওয়ালারা অনেক পরিমাণে ইংরাজী আচার ব্যবহার অনুসারে চলেন, টোলের অধ্যাপকেরা সেরপ চলেন না। আমাদিগের দেশের প্রকৃতি বিবেচনা করিয়া আমাদিগের চলা কর্ত্ব্য!

১। মুর্ভাবনা বৃদ্ধি। পৃর্ধকালের লোক এক্ষণকার লোকের ন্যায় সুখপ্রিয় ও বিলাদপরায়ণ ছিলেন না; তাঁহাদিগের অভাব অপ ছিল, এই জন্য তাঁহারা সর্মদা আনন্দে থাকিতেন ! একিণে যেমন সকল লোকের মুখে ত্রভাবনার চিহ্ন সকল পরি-🌡 লক্ষিত হয়, সে কালের লোকদের সেরূপ লক্ষিত হইত না ৷ তাঁহারা দিব্য করে প্রফুল্লচিত্তে পিড়ি ঠেস দিয়ে চণ্ডীমণ্ডপে বসে থাকিতেন; যে কেছ আসিত, আপনি চক্মকি ঠুকে তামাক খাওয়াইতেন ও তাহার সঙ্গে মিষ্টালাপ করিতেন ৷ তাঁহারা আমাদিগের অপেক্ষা মনের স্থুখ অধিক ভোগ করিতেন সন্দেহ্ নাই। তাঁহার। অনায়াদে জীবিকা লাভ করিতেন ও অলেপ সম্ভুট থাকিতেন! একণে জ্ব্যাদি মহার্ঘ হইয়াছে, .জীবিকা লাভ করা কঠিন হইয়া উঠিয়াছে ও সম্ভ্রম রক্ষার জন্য লোকে অল্পে সম্ভুষ্ট হইতে পারে না। লোকের ভাবিতে ভাবিতে অস্থি প্রয়ন্ত শুক্ষ হইয়া ফাইভেছে! একণে ইউরোপীয় সভ্যতা আমাদের দেশে এসে চকেছে. দেই সভ্যতার দক্ষে দক্ষে ইউরোপীয় অভাব, ইউরোপীয় প্রয়োজন ও ইউরোপীয় বিলাদিতা এদে দুকেছে, অথচ দেই সকল অভাব ও বিলাসেছা পূরণের ইউরোপীয় উপায় অর্থাৎ শিশ্প ও বাণিজ্য বিশিষ্ট রূপে অবলন্ধিত হইদেছে

না! লোকের হুর্ভাবনা বৃদ্ধি যে তাছাদের আয়ুও শারীরিক বলবীর্ঘ্য ক্ষয়ের এক প্রধান কারণ তাহার আর সন্দেহ নাই।

>০। বাবুগিরির বৃদ্ধি। সেকালে এতদেশে ছুএকটী বাবুছিল; একণে সকলেই বাবু। পূর্ব্বে মোটা চালচলন সাধারণ ছিল; একণে বাবুয়ানা চালচলন সাধারণ ও মোটা চালচলন বিরল। একণে কি ভদ্ধ কি ইতর লোক উপার্জ্জনশীল হইলেই গাড়ী পাল্কি ব্যতীত এক পাও চলিতে পারে না। পূর্ব্বকার অধিকাংশ ভদ্ধ লোকও এরপ শারীরিক-পরিশ্রম-বিমুখ ছিলেন না। ইহাতে তাঁহারা এক্ষণকার লোক অপেক্ষা স্বস্থ ও বলিষ্ঠকায় হইতেন।

উপরোক্ত কারণ সকলে এদেশের লোকে বিশেষতঃ ভদ্র-লোকে ক্রমে ক্ষীণ, কর ও অম্পায়ু হইরা পড়িতেছে। পালিগ্রামের রীতি, ভদ্র লোক সকল নিজে বাজার করিয়া থাকে।
কিন্তু এক্ষণে পরিপ্রামের বাজারে ভদ্র লোক বৃদ্ধ অধিক
দেখা যায় না। ছোট লোক বৃদ্ধই অধিক দেখা যায়। ইহাতে
প্রমাণ হইতেছে যে, ভদ্র লোক অম্পায়ু হইয়া পড়িতেছে।

শারীরিক বলবীর্ব্যের বিষয়ে এই পর্যান্ত বলা হইল। অতঃ-পর বিছাশিক্ষা ও মানসিক উন্নতির বিষয়ে কিছু বলিতে প্রবৃত্ত হইতেছি। বিছাশিক্ষার বিষয় বলিতে হইলে প্রথমতঃ আমাদিগের মাতৃতাবা শিক্ষা বিষয়ে বলা কর্ত্তব্য। পূর্ব্বাপেক্ষা এখন বাঙ্গালার আদর বেদী অবশ্যই বলিতে হইবে। আমরা যথন কলেজে পড়িতাম তখন বাঙ্গালা পড়ার প্রতি কাহারো মনোযোগ ছিল না। আমাদের যিনি পণ্ডিত ছিলেন তাঁহার সঙ্গে আমরা কেবল গণ্প করে সময় কাটিয়ে দিতাম। স্ক্তরাৎ যখন আমরা কালেজ থেকে বেকলেম তখন আমাদের বাঙ্গালা

ভাষায় কিছু ব্যুৎপত্তি জন্মে নাই! সে সময়কার ছাত্রদিগের পক্ষে বাঙ্গালা ভাষা অতি ভীষণ পদার্থ ছিল! আমাদিগের সময়ের কলেজের প্রথম শ্রেণীর একটি ছাত্রকে এক দিন কলেজে যাইবার সময় রাস্তায় একজন সামান্য লোক একটি বাঙ্গালা লেখা পড়িয়া তাহার মর্ম তাহাকে বুঝাইতে অনুরোধ করে। তিনি সে লেখাটি বুঝিতে না পারিয়া তাহার এতদুর লজ্জা উপস্থিত হইল যে ললাটে খেদ বিন্দু নিঃসৃত হইতে লাগিল! ইহাতে উল্লিখিত ব্যক্তি তাঁহার নিকট হইতে কাগজ ফিরাইয়া লঁইয়া বলিল "বাবু! এ ইডিবিডি করা নয়, বাঞ্চলার ঘানি।" একবার এই সময়ের শিক্ষিত আমার একটা বন্ধু বয়ক্ষ অবস্থায় আমার বাসায় একদিন আসিয়া বলিলেন 'আজ একটা বড় শুভ সমাচার শুনিলাম।" আমরা আন্তে ব্যক্তে জিজ্ঞাসা করিলাম, "কি সমাচার?" তিনি বলিলেন, "সোমপ্রকাশাদি সম্বাদ পত্রে না কি আন্দোলন হচ্ছে যে তিনটা 'স' উঠে গিয়ে একটা 'দ' হবে তা হলেই আমার বাঙ্গালা লেখার স্থবিধা হবে!" তিনি একবার এক সভায় "অভিনন্দন পত্র" শব্দের পরিবর্ত্তে "রম্বনদন পত্র" বলে ফেলেভিলেন। ঐ সময়ে কলেজে শিক্ষিত কোন ব্যক্তি কোন প্রধান বিছালয়ের বাঙ্গালা ভাষার অধ্যাপ-কের পদে নিযুক্ত হইয়াছিলেন! তিনি তাঁহার সহকারী পণ্ডি-তকে ব্যাত্র শব্দ সম্বন্ধে জিজ্ঞাশা করিয়াছিলেন, "পণ্ডিত মহাশয়! এই শব্দের উচ্চারণ ত্রাঘ্য না?" পণ্ডিত মহাশয় বলিলেন "উহার উচ্চারণ ব্যান্ড l'' অধ্যাপক মহাশয় বলিলেন "আমি তাইত বলুছি—ত্যাঘ্য, ত্যাঘ্য!" উল্লিখিত সময়ের আর এক স্তিকৈ কোন প্রয়োজন উপলক্ষে বক্ষু খানসামা নামক কোন

খানদামার নাম লিখিবার প্রয়োজন হইয়াছিল; তিনি "বকুমু" শব্দ কি প্রকারে লিখিবেন ভাবিয়া আকুল ৷ যদি "বক্ষু" लिएथन जांका कहेरल लांकि गरन कतित्व त्य कि मूर्थ! "कर" এইরপ না লিখিয়া "ক" লিখিলেই হইত আর যদি "বক্ষু" লিখেন তাহাছইলে লোকে 'বক্খু 'উচ্চারণ করিবার সম্ভাবনা এইরপ সাত পাঁচ ভাবিয়া তিনি ইংরাজী অক্ষর X এর সাহায্য লইয়া "বংু'' এইরূপ লিখিলেন! প্রথম প্রথম যাহাঁরা কলেজে পড়িতেন তাঁহাদিগের বাঙ্গালা বিছা এইরূপ ছিল ৷ এখন সে দিন গিয়াছে ৷ বাঙ্গালা ভাষার অনেক প্রাবৃদ্ধি হইয়াছে ৷ কিন্তু এ বড় ছু:খের বিষয় যে সংক্ষ্তের চর্চা তদ্ধেপ হইতেছে না! বাদেবী সরস্থতী গঙ্গাতীর পরিত্যাগ করিয়া রাইন নদীর তীরে আশ্রয় লইয়াছেন! বাদেবীর এরপ অন্তর্গানের জাজ্জল্যমান প্রমাণ, ভটাচার্য্যদের ত্রন্দশা ৷ তাঁহাদের তুরব-স্থার প্রতি দৃষ্টিপাত কৰুন ৷ তাঁহাদের জ্রীর ছিল্ল বস্ত্র, চালে খড নাই, বাডে মাটী নাই; এক এক লোকের হয়ত অনেকগুলি ছেলে; কি করিয়া তাহাদিগকে মারুষ করিবেন, ভাবিয়া অন্থির! এই উৎকট দণ্ড তাঁহারা কেন প্রাপ্ত হইতেছেন ? কেবল সংস্কৃত চর্ক্তা করেন বলিয়া। জগতের মধ্যে সংস্কৃত ভাষা অন্ধিতীয় ভাষা ৷ সর উইলিয়ম্জোপ বলিয়া গিয়াছেন, যে সংস্ত ভাষা "More copious than the Latin, more perfect than the Greek and more exquisitely refined than either."—এই সর্বোৎক্রম্ভ ভাষা শিক্ষা করান বলিয়া ভটাচার্য্য মহাশয়েরা আমাদিদের নিকট হইতে এই ঘারতর শাস্তি প্রাপ্ত इहेर जुरून। मर्यार्शका हेश्तां की ভाষा भिकात औद्रिक्त रहिं।

কিন্তু আমি বলিতে বাণ্য হইতেছি যে ইহার দ্বারা যথার্থ বিদ্যা উপাৰ্জ্জন যাহাকে বলে তাহা হইতেছে না! শিক্ষা প্ৰাণনীর দোষ ইহার প্রধান কারণ ৷ যে রূপে ছাত্রদিগকে শিক্ষা দেওয়া হয়, তাহাতে এ অপেক। উৎকৃষ্ট ফল হইতে পারে না। আমি স্বয়ং কোন স্কুলের হেড্মাইটর ছিলাম! আমি করিতাম কি, না, নিজে বালকদিগকে পুস্তকের কোন স্থানের অর্থ একেবারে বলে দিতাম না, প্রশ্ন কেশিলে সেই স্থানের প্রকৃত অর্থটি তাহা-দিগের মুখ দিয়া বাহির করাইতাম ৷ আর কেবল এইরূপ করিয়া কীন্ত হইতাম না ৷ উপস্থিত পাঠ্য বিষয় সম্বন্ধীয় আকু-সঙ্গিক প্রাসন্ধ পাড়িয়া ছাত্রদিগের বহুজ্ঞতা যাহাতে জন্মে এমন চেষ্টা করিতাম ৷ কিন্তু এরপে পড়ানোতে পরীক্ষার ফল মন্দ হইতে আরম্ভ হইল। ইহাতে আমার নিন্দা হইতে লাগিল। আমার একটা বন্ধু, তিনিও নিজে একজন শিক্ষক ছিলেন ; তিনি অামাকে দাদা দাদা করিতেন! তিনি আমাকে এক দিন বলি-লেন, "দাদা! তুমি ভাল কচ্ছো না, তোমার তুর্নাম হচ্ছে— ছেলেদের গেডিয়ে দেও," (অর্থাৎ ক্রমিক মুখস্থ করাও) "আজকাল না গেডাইলে কোন মতে পরিত্রাণ নাই !'' মানসিক রুত্তি পরিচালনা না করিয়া পড়ার পক্ষে (Key) কী গুলি বড় স্থবিধা জনক ৷ এই কী মুখন্থ করা বহুল অনিষ্টের কারণ হইয়াছে। আমি বলি, বরং বিছামন্দিরে সিঁদ কেটে ঢুকা ভাল ভবু এইরূপ চাবি দিয়া তাহার দার খোলা কর্ত্তব্য নয় 1 ছেলেরা যাহা কীতে আছে, তাহাই অবিকল মুখস্থ করে ! পরীক্ষা দিয়া আদিয়া দেখে, যাহা লিখিয়াছে ভাষা কীর সহিত মিলিয়াছে कि না ? একবার এক বালক এইরূপ মিলাইবার সময় দেখিল,

একটা "The'' ভুল গিয়াছে তাহার জন্য মহা ছংখিত'। ভূগোল এত্তে অনেক সমান বর্ণনা থাকে বলিয়া Ditto শব্দ লিখিত থাকে। একবার প্রবেশিকা প্রীক্ষার সময়, যাহার Ditto দে বিষয় লইয়া প্রশ্ন দেওয়া হয় নাই ; কিন্তু যে বিশেষ ভত্তীর পার্শ্বে Ditto লিখিত আছে কেবল সেই তত্ত্ব সম্মীয় প্রশ্ন দেওয়া হইয়াহিল ৷ ইহাতে একটা বালক Ditto এই উত্তর লিথিয়াছিল! আমাদিগের দেশের একজন প্রধান ব্যক্তি वालन (य. इंट्राला श्रीका निया आहेरम ना विभ कतिया আইদে৷ কথাটি শুনিতে কিছু অশ্লীল কিন্তু বস্তুতঃ ঠিক৷ মেন্ সাহেব এই গেডানো রীতির পোষকতা করিতেন ! মেনু সাহে-বের একটা চম্ফার গুণ ছিল ! যাহা ত্রিজগতের লোক কেইই ভাল বলিত না, তিনি তাহার পক্ষ সমর্থন করিতেন ! তিনি यां वा वलून (गंडांता तीं जिट अत्नक अनिष्ठे इत्र, मर्पर नाहे! পুর্বে হিন্দুকলেজে কোন নির্দিষ্ট পুস্তক হইতে প্রশ্ন দেওয়া হইত না ও এ প্রন্থের একটু ও প্রন্থের একটু এরূপ করিয়া পড়ানো হইত না. ছাত্রদিগকে নিজে কতই পড়িতে হইত, ভাহার দীমা নাই ! ভাঁহারা নিজে যাহা পাঠ করিতেন, ভাহার সঙ্গে তুলনা করিলে শিক্ষক যাহা পড়াইতেন, তাহা অতি अ भ विति इहेरत । अक्षाकात अधीम कार्म, कार्य आर्थिम कार्म अ वि এ कार्म ममञ्ज अ क ब क क क व उ व है है रित ? ইহাতে ইংরাজী সাহিত্যে কি বিছা হইতে পারে?

শিক্ষাবিষয়ক আর একটী অভাব আছে, সে অভাব নীতি
শিক্ষার অভাব। কোন ক্ষুলে ভাল করিয়া নীতি শিক্ষা দেওয়া
হয় না! হেলেরা তুর্নীতিপরায়ণ হইয়া উঠিতেছে। নীভি

শিক্ষা না হইলে, আমি বলি কোন শিক্ষাই হইল না । ঈশ্বরের প্রতি আমাদিণের কর্ত্তর কি, অন্য মনুষ্যের প্রতি আমাদিণের কর্ত্তর কি, জীবনের উদ্দেশ্য আমরা কিরপে সম্পাদন করিতে পারি, কি প্রকারে পবিত্রমনা ও মহৎ হইয়াজীবনের সার্থকতা সম্পাদন করিতে পারি, ইহা জানা নীতিশিক্ষা ব্যতীত কি প্রকারে সম্ভবে? কলেজ ও ক্ষুলে বিশেষ করিয়া নীতিশিক্ষা দেওয়া হয় না ও বালকেয়া সন্ধীতি পালন করে কিনা এবিষয়ে তত তত্ত্বাবধান নাই, ইহা অত্যন্ত আক্ষেপের বিষয় বলিতে ইইবে 1

উপরে পুরুষদিগের শিক্ষার বিষয়ে বলিয়া স্ত্রীদিগের শিক্ষার विষয়ে किছू ना विलया थाकिए भाति ना। खीलारकता मन বার বৎসর বয়স অবধি বালিকা বিছালয়ে পডে, ভাহাতে কেবল বর্ণ পরিচয় ও শব্দ পরিচয় মাত্র হয়, তাহার পর আর লেখা পড়ার কোন চর্চ্চাই থাকে না । "স্ত্রীশিক্ষা বিধায়ক" প্রান্থের রচয়িতা রাজা সর্ রাধাকান্ত দেব আমাদিগের দেশে ন্ত্রীশিক্ষার প্রথম প্রচারক কিন্তু তাঁহার ঐ গ্রন্থে তিনি যে বিছাবতী জ্রীর উদাহরণ দিয়াছেন, আমাদিগের কোন স্বীলোক অদ্যাপি দেরপ বিছাবতী হইতে পারেন নাই! আপনাদিগের, অবশ্য দে দিবস বেশ স্মরণ হয়, যে দিবস পূর্বকুত্ত স্থাপন ও অশোকর্ক্ষ রোপন পূর্বক মহামহোৎ-সবের সহিত বীটন বালিকাবিছালয় স্থাপন করা হয় এবং 'কন্যাপেবং পালনীয়া শিক্ষনীয়াতিবত্বতঃ' মহানির্বাণতদ্বের এই শ্লোক দারা আলিখিত যান সকল স্থাল বালিকা লইয়া ধাইবার জন্য ছারে ছারে ভ্রমন করিত ! মহাঝা বীটন সালেব

যে অভিপ্রায়ে ঐ বিছালয় স্থাপন করেন এত দিনে এত যতে ভাষা সিদ্ধ হইল না। স্ত্রীলোকেরা এতদিনে উত্তম শিক্ষা লাভ করিতে পারিল না ৷ আমাদিগের স্ত্রীলোকেরা উচ্চতর বিছায় পার-দর্শিতা লাভ করিতে সক্ষম তাহা হটাবিছালক্ষারের * দুফান্ত ছারা বিলক্ষণ প্রমাণিত ইইতেছে। স্ত্রীলোকদিণের অপ্প বিছা হওয়া অপেক্ষা আদোবে বিছা না হওয়া ভাল ৷ ইংরাজ কবি পোপ বলিয়াছেন "Little learning is a dangerous thing" 1 একণে স্ত্রীলোকদিগকে যেরপ শিক্ষা দেওয়া হইতেছে তাহা ভাহাদিগকে কেবল অশ্লীল গণপ ও নাটক পাঠে পারগ করে ! আমি বলি, হয় জ্রীদিগের রীতিমত শিক্ষা দেও, নতুবা শিক্ষা দেওয়ায় কাজ নাই। বয়কা জ্রীলোকদিগকে - অন্তঃপুরে বিশিষ্টরপে শিক্ষা দিবার নিমিত্ত কোন উৎকৃষ্ট প্রণালী আমাদের দারা অবলম্বিত হওয়া কর্ত্তব্য, কিন্তু এবিষয়ে আমরা কোন চেফা করি না ৷ আমরা এবিবয়ে অন্য ধর্মা-বলম্বীদিগের উপর নির্ভর করিয়া নিশ্চিত্ত আছি! গের শিশ্প শিক্ষা এক প্রধান শিক্ষা; তাহাও ভাল রূপে হইতেছে না ! তাহারা কেবল কার্পেটই বুনুছে, কার্পেটই বুন্ছে ৷ যদি তাহা না করিয়া পিরাণ শেলাই করিতে শিথে, তাহা হইলেও জানিলাম যে, কিছু উপৃকারে আইল ! একণে ক্রীশিল্প কেবল বয়ে যাইবার একটা উপায় হইয়া উঠিয়াছে।

হট্টা বিদ্যালকার একজন বিদ্যাবতী বান্ধালী ব্রাহ্মণ কন্যা।
 ইট্রার জন্ম দান বর্দ্ধান জিলার সোঞাই গ্রাম। ইনি বৈধবা অবহায় রন্ধবয়সে কালীতে টোল করিয়া সভায় ন্যায়শাস্তের বিচার
করিতেন ও পুক্ষ ভট্টাচার্যাদিগের ন্যায় বিদায় লইতেন।

ক্সীশিক্ষার বিষয় এই যৎকিঞ্চিৎ বলিয়া পুনরায় পুরুষদিগের শিক্ষার বিষয়ে বলিতে প্রবৃত্ত হইতেছি !

একণে স্কল, কলেজে যে শিক্ষা প্রদত্ত হইতেছে, তাহাতে কৈ বিশেষ উপকার দর্শিতেছে? কই অছাব্ধি চুই একটী লোক ব্যতীত সাহিত্য কিমা বিজ্ঞান বিষয়ে কেহ কিছু মুত্র রকম লিখিতে অথবা মূত্র আবিক্রিয়া করিতে সমর্থ হই-লেন না। ইহার প্রধান কারণ এই যে, ऋ ল কিম্বা কলেজ পরিত্যাগ করিয়া লেখা পড়ার চর্চ্চা অধিকাংশ লোক ছাড়িয়া "দেয়। আমি স্বীকার করি, জীবিকা উপার্জ্জনের জন্য ঘাঁহা-দিগকে সমস্ত দিবস আফিসে কঠিন পরিশ্রম করিতে হয়, তাঁহারা সন্ধ্যার পরে আসিয়া যদি কিছু না করিতে পারেন, তাঁহাদিগের কতকটা ওজর আছে; কিন্তু বাঁহাদের সময় আছে, উপায় আছে, তাঁহারাও যে কলেজ পরিত্যাগ করিয়া পড়া শুনা একবারে ত্যাগ করিয়া বদেন, ইহা অতিশয় ছুঃখের বিষয় ৷ কোন নুতন বৈজ্ঞানিক আবিজ্ঞা কিন্তা কোন মুতন ভাবের কাব্য রচনা না হইবার বিশেষ কারণ এই! কলেজ অথবা ऋ न ছাড়িয়া লেখাপড়ার চর্চা একবারে পরি-ত্যাগ করিলে কি প্রকারে এই প্রকার আবিচ্ছিয়া বা কাব্য রচনা প্রত্যাশা করা যাইতে পারে? যে অপ্প সংখ্যক ব্যক্তি লেখা পড়ার চর্চা রাখেন, তাঁহারা আবার কেবল হীন অনু-করণে রত ৷ প্রাচীন কবি কবিকঙ্কণ, ভারতচন্দ্র, রামপ্রসাদ, রামবস্থ ইহাঁদের কবিতা যেন চিক স্বভাবের হস্ত হইতে বাহির হইয়াছে ! এক্ষণকার অধিকাংশ কাব্যে সেরূপ সহাদয়তা **(मथा याम्र ना । अक्न**नकांत्र अधिकाः न काट्या इंश्ताकी इंश्ताकी গদ্ধ কৰে! এক্ষণকার কোন কোন কাব্যে পূর্বকার কাব্য অপেক্ষা কোন কোন বিষয়ে অধিক ক্ষমতা প্রকাশিত আছে বটে; কিন্তু জাতীয়তাব, সারল্য ও সন্থানয়তা বিষয়ে হীন বলিতে হইবে! এই ত গেল লেখার বিষয়, কথোপক্ষণে এই হীন অনুকরণ আরো স্পষ্ট দেখা যায় ৷ তাহার প্রধান চিহ্ন ইংরাজী বাঙ্গালা শব্দ একত্র মিশাইয়া বলা ৷ আমরা এক্ষণে যেরপ কথা কহি, তাহা শুনিলে ইংরাজেরা কিয়া অন্য কোন বিদেশীয় লোক হাস্য না করিয়া থাকিতে পারেন না। সে কালের লোক কোতুকের জন্য ইংরাজীণ বাঙ্গালা শব্দ মিশাইয়া ছড়া প্রস্তুত করিতেন ৷ যথা :——

শ্যাম going মথুরায়, গোপীগণ পশ্চাৎ ধায়, বলে your Okroor uncle Is a great rascal."

আমরা কেতিকের জন্য নহে, গন্তীর ভাবে ঐরপ ভাষায় কথা কহি! কিন্তু আমরা নিজে বুঝিতে পারি না যে, তাহা কত হাস্থাস্পদ। "আমার father yesterday কিছু unwell হওয়াতে Doctorক call করা গেল, তিনি একটা physic দিলেন! Physic বেস্ operate করেছিল, four five times motion হলো, অন্ত কিছু better বোধ কচ্চেন।" এ বিজ্বনা কেন? সমস্তটা বাঙ্গালায় না বলিতে পার, কেবল ইংরাজীতে কেন বল না? তাহা অপেক্ষাক্ত ভাল। কোন কোন হলে ইংরাজী শন্ধ ব্যবহার না করিলে চলে না, যথা;—ডেক্ষ, বেঞ্চ, টাউনহল, গবর্ণর জেনরেল প্রভৃতি। কিন্তু ষেন্থলে বাঙ্গালা শন্ধ জনায়াসে ব্যবহার করা যাইতে পারে, সে হলে ইংরাজী শন্ধ ব্যবহার করা অন্যায়! যাহারা ইংরাজী কিছু জানেন না,

ইংরাজী ভাষাজ্ঞতা জানাইবার জন্য তাহার৷ বাঙ্গালার সঙ্গে আরো ইংরাজী শব্দ মিশাল করিয়া বলেন ৷ কোন কোন ভটাচার্য্য এইরপ করিয়া থাকেন, তাহাতে আরো হাসি পায়। रेश्तीकी धारुक्डा मिन (Southey) वनिয়ाছেন, "আমাদি-গের ভাষা অতি মহৎ ভাষা, অতি স্থব্দর ভাষা ৷ ইংরাজী ও জর্মাণ ভাষার পরস্পর জ্ঞাতিত্ব অনুরোধে জর্মাণ ভাষোৎ-পান্ন শব্দ বাবছার আমি ক্ষমা করিতে পারি, কিন্তু যেখানে একটী খাঁটি ইংরাজী শব্দ ব্যবহার করা যাইতে পারে, সেখানে ষে ব্যক্তি লাটিন অথবা ফ্রেঞ্চ শব্দ ব্যবহার করে, মাতৃ-ভাষার ুপ্রতি বিদ্রোহাচরণ জন্য তাহাকে ফাঁশি দিয়া তাহার শরীর খণ্ড বিখণ্ড করা উচিত ।" বাহারা বাঙ্গালা কথোপকথনের সময় ইংরাজী শব্দ ব্যবহার করেন, তাঁহাদিগকে একবারে এরপ উৎকট দও না করিয়া একটা ভদ্র উপায় প্রথম অবলম্বন করিলে ভাল হয় ৷ যদি দেখা গেল, ভদ্রতায় কিছু হইল ना, भारत मिन-विश्लि-मध आहि। मि उम् उपाय बरे-यथन **(कर रे** श्ताकी मिनिस्त कथा कहिरवन ज्थनरे वला यारेरित, **"ভাষায় আজা হউক"!** এ বিষয়ে একটা গণ্প আছে! এক ভাকাণের একটা শ্রামা ঠাকুরাণী ছিল, সেই শ্রামা ঠাকুরাণীটী ভাঁহার উপজীবিকার একমাত্র উপায় ছিল ৷ লোকে সেই ঠাকুরাণীর পূজা দিত; তাহাতে তাঁহার গুজ্রান হইত। এক দিন সন্ধার সময় তিনি গাঁজাটী টেনে দেবালয়ের দ্বারে বসিয়া আছেন, মনে হইল, দেবী ঘরের ভিতর হইতে তাঁহার সঙ্গে কথা কহিতেছেন ৷ দেবতারা কখনই ভাষায় কথা কহেন ৰা, দেববাণী সংস্কৃততেই কথা কহিয়া থাকেন! তিনি ত

সংস্কৃত জানেন না, অতএব দেবীকে বলা হইল, "মা! আমি
অতি মূঢ়, ভাষায় আজা হউক !" এই "ভাষায় আজা হউক"
কথাটা আমাদের শিখে রাখতে হবে; ইংরাজী শব্দ মিশাইয়া
কেহ বাঙ্গলা বলিলেই ঐ কথা বলিতে হইবে!

শুদ্ধ গ্রন্থ লেখা ও ক্থোপকথনে হীন অনুকরণ দৃষ্ট रुप्त, এমন নছে; সকল বিষয়েই ঐ হীন অনুকরণ দৃষ্ট হয় ৷ একটা সামান্য পত্ৰ লিখিতে হইলে তাহা ইংৱা-জীতে লেখা হয় ৷ কোন ইংরাজ, ফেঞ্চ অথবা জর্মাণ ভাষায় স্বদেশীয় লোককে পত্র লিখে? যে সকল ছাত্রেরা ইংরাজী লিখিতে শিখিতেছেন, তাঁহারা ঐ ভা্যায় লেখ্য অভ্যাস করিবার জন্য ইংরাজীতে পত্রাদি লিখিতে পারেন, কিন্তু বয়ক্ষ লোকে এরপ করেন কেন? বাঙ্গালীর সভায় ইংরাজীতে বক্তা করা হয় কেন ? ইহার মানে কি ? যে সভার সভ্যেরা বাঙ্গালী, সে সভার কার্য্য বিবরণ ইংরাজীতে রাখা হয় কেন ? ডিবেটিং ক্লব, জুবিনাইল ক্লব প্রভৃতি সভা, যাহার উদ্দেশ্য हे श्राकी ठाउँ। এবং हे श्राकी निकार्थी वाल कहा या हा ह সভ্য, সে সকল সভার সভ্যেরা ইংরাজী ভাষা আয়ত্ত করি-বার জন্য সভার কার্য্য বিবরণ ইংরাজী ভাষাতে রাখিতে পারেন, কিন্তু প্রবীন লোকের স্ভা যাহা অন্য উদেশ্তে সংস্থাপিত হইয়াতে, তাহার সভ্যেরা তাহার কার্য্য বিবরণ ইংরাজীতে রাখিয়া মাতৃভাষার কেন অবমাননা করেন, ইহার অর্থ কিছুই বুঝিতে পারি না! যদি জিজ্ঞাসা করেন যে, এই সকল অকিঞ্চিৎকর বিষয়ে এত বাক্যব্যয় কেন? তাহার উত্তর এই যে, যাহাতে জাতীয় গৌরবেচ্ছা সঞ্চারিত হয়, তাহা ক্ষন অকিঞ্জিৎকর হইতে পারে না ! এই সকল ক্ষুদ্র ক্ষুদ্র বিষয়ে জাতীয় গোরবৈছা সঞ্চারিত হইতে হইতে মহৎ বিষয়ে জাতীয় গোরবৈছা সঞ্চারিত হইবে ! আর এক কথা এই, যাহা মাতৃভাষা সম্বন্ধীয়, ভাষা আমরা আদোবেই অকিঞ্জিৎকর জান করি কেন ?

উপজীবিকা मद्रास এই বলা আবশ্যক, যে এক্ষণে যেমন ইউরোপীয় অভাব সকল দিন দিন বাড়িতেছে, তেমনি তাহা মোচনের ইউরোপীয় উপায় অর্থাৎ শিম্প ও বাণিজ্য বিশিষ্ট রূপে অবলম্বিত হইতেছে না! ইওরোপে এত শিশ্প বাণিজ্যের উন্নতি, এখানে কেবল মাত্র এক চাকরী দ্বারা কি এত ভদ্র-লোকের জীবিকা নির্মাহিত হইতে পারে ? হাইকোর্টের একজন উকীল সম্প্রতি শামলা মাথায় দিয়ে প্রত্যত হাইকোর্টে বেরিয়ে কিছু হয় না দেখে শেষে বলিতে বাধ্য হইয়াছিলেন, যে ধোপার কাজের এক কারখানা খুলিলে ইহা অপেক্ষা অধিক লাভ হয় ! বস্তুতঃ জগৎশুদ্ধ লোক কি কখন কেরাণী অথবা স্থল-মাষ্টর অথবা উকীল হইতে পারে? শিপ্প বাণিজ্যের দিকু দিয়া কেছ পথ চলে না ৷ অনেকে বারিষ্টার অথবা সিবিলি-য়ান হইবার জন্য বিলাতে যাইতেছেন, কিন্তু কয় জন সেখানে শিশ্প অথবা যম্ভবিছা শিখিতে যান? শিশ্প ও বাণিজ্যের প্রতি অমনোযোগ জন্য দিন দিন আমরা দীন হইয়া পডি-, তেছি ৷ ইংলতের উপর আমানিগের নির্ভর দিন দিন বাডি-তেছে ৷ কাপড় পরিতে হইবে, ইংলও হইতে কাপড় না আইলে আমরা পরিতে পাই না। ছুরি কাঁচি ব্যবহার ক্রিতে হইবে, বিলাত হইতে প্রস্তুত না হইয়া আসিলে আমরা

তাহা ব্যবহার করিতে পাই না। এমন কি, বিলাত হইতে লবণ না আসিলে আমরা আহার করিতে পাই না. দেসলাইটা পর্যন্ত বিলাভ হইতে প্রস্তুত হইয়া না আসিলে, আমরা আগুণ জালিতে পাই না! দেশ হইতে কিছুই হইভেছে না! বাহিরে শেকুদপীয়র, মিল্টন ও ডিফরেনুশিয়ল কেলকুলদের চাক্চিকা, ভিতরে সব ভুগয়া! আমাদের সকল বিষয়েই সাহেবদের উপর নির্ভর, তাহাদের সাহায্য ভিন্ন কিছুই করিতে পারি না 1 শেষকালে ইংরাজেরা আমাদের মুখে অল তুলে দিবেন, তবে কি আমরা আহার করিব ? তাঁহারা বিদেশীয় লোক, তাঁহারা আমাদের জন্য যতটুকু করেন, আমাদের ভতচুকুই ভাল ৷ তাঁহাদের উপর আমাদের জোর কি ? এই সকল ভারি গভীর বিষয়, এ সকল বিষয়ে অতি প্রগাঢ চিন্তা আবশ্যক। কিসে আমানের জাতিত্ব থাকে, কিসে যায়, ভাহার প্রতি দৃষ্টি রাথিয়া আমাদের চলা আবশ্যক, নতুবা অত্যন্ত অনিষ্ট হইবার সম্ভাবনা !

উপজীবিকার বিষয় বলিয়া একণে আমাদিগের সমাজের বিষয় বলিতে প্রবৃত্ত হইতেছি! আমাদিগের সমাজ এখনও প্রকৃতরূপে সংগঠিত হয় নাই! তাহার একটা সামান্য প্রমাণ নিতেছি। প্রত্যেক জাতিরই একটা নির্দ্দিক্ত পরিচ্ছদ আছে; সেইরূপ পরিচ্ছদ সেই জাতীয় সকল ব্যক্তিই পরিধান করিয়া থাকেন, কিন্তু আমাদিগের বাঙ্গালী জাতির একটা নির্দ্দিক্ত পরিচ্ছদ নাই! কোন মজ্লিসে যাউন এক শত প্রকার পরিচ্ছদ দেখিবেন, পরিচ্ছদের কিছুমাত্ত সমানতা নাই! ইহাতে এক একবার বোধ হয়, আমাদিগের কিছুমাত্ত

জাতিত্ব নাই। বস্তুতঃ ঐক্য না থাকিলে প্রকৃত জাতিত্ব क्तिरा मः गठि इहेर । आंगा निरंगत कांन विषय केंका ইহার উপার আমরা আবার অনুকরণ-প্রিয় ৷ বাঙ্গালী জাতি অত্যন্ত অনুকরণ-প্রিয়; আমরা সকল বিষয়েই সাহেবদের অনুকরণ করিতে ভাল বাসি ৷ বিবেচনা করি না যে সে অনুকরণ আমাদের দেশের উপ-যোগী কি না, আর তদ্বারা আমাদিগের দেশের প্রকৃত উপকার সাধিত হইবে कि ना? সাহেবেরা পর্যান্ত বে সাঁহেবীপ্রথা এদেশের উপযোগী নহে মনে করেন, তাহাও আমরা অবলম্বন করিতে সঙ্কৃচিত হই না। সাহেবেরা নিজে ৰলিয়া থাকেন, সাহেবী পোশাগ এ দেশের কোনমতে উপযুক্ত নয়, কিন্তু আমাদিগের দেশের কোন কোন ব্যক্তি ঐ পোশাগ ব্যবহার করিতে সক্ষৃতিত হয়েন না। আমাদিগের দেশের কোন বিখ্যাত ব্যক্তি ভূতপূর্ব্ব লেফ্টেনেণ্ট গবর্ণর বিডন সাহে-বের সহিত ধুতি চাদর পরিয়া দেখা করিতে যাইতেন, তাহাতে গবর্ণর সাহেব বিরক্তি প্রকাশ করিতেন ৷ একবার ' প্রীম্মের সময় দেখা করিতে গিয়াছেন, গিয়া দেখেন যে, গব-র্বর সাহেব ঢিলে পাজামা ও পাতলা কামিজ পরিয়া বদিয়া আছেন! আয়াদিগের বন্ধুকে দেখিবামাত্র তিনি विल्लिब,—"তোমাকে দেখিয়া আমার হিংসা হচ্চে, ইচ্ছা করে তোমাদিগের ন্যায় পরিচ্ছদ পরিয়া থাকি ৷" আমাদি-গের বন্ধু উত্তর করিলেন,—"তাই কেন কৰুন না?"। বিডন मारहर बिलिटलन,—"अक्रेश পরিচ্চদ পরিধান করা আঘা-क्टिंगत क्यांठात विकक्ष, युख्तां क्यम करत कति ?"। आया-

দিগের বন্ধু উত্তর করিলেন,—"আপনাদিগের বেলা দেশাচার বলবৎ, আর আমাদিগের বেলা ভাষা কিছুই নহে, আপনারা **अक्र** विरिवर्ग करतन कन ?"। ह्यू किरक शीन अनुकत-ণের প্রবলতা দৃষ্ট হইতেছে ৷ প্রতি পদেই অনুকরণ, ইহাতে পাস্তরিক দারবতার হানি হইতেছে, বীর্য্যের হানি হইতেছে, আমরা অন্য সমাজীয়দের ক্রীতদাস হইয়া পড়িতেছি ! कि लाक्ष्य । मार्टित्र यादा कतिर्दन, जादाहे जान, आत সব মন্দ! এ উপলক্ষে একটা গুল্প মনে পড়িল। কতকগুলি লোক এক বাসায় থাকিত! তাহারা এক দিন একটা কাঁঠাল ক্রয় করিল ৷ তাহাদের মধ্যে একজন বড় ইংরাজ-ভক্ত এবং কাঁঠালভক্তও ছিলেন; আর আর সঞ্চীদিগের ইচ্ছা হইল যে তাঁহাকে কাঁঠালের ভাগ ফাঁকি দেয় ৷ এক-জন উহার মধ্যে বলিয়া উঠিল, "ইংরাজেরা কাঁঠাল খায় না।" তিনি অমনি কাঁঠাল ভক্ষণে বিরত হইলেন, আর আর বন্ধুরা সমুদয় কাঁঠাল থাইয়া ফেলিল ৷ ইংরাজেরা না थाकिल कां म महा कां कि ना। देश्ता कता होन ना विनल कांन कार्यात मृला इस ना। मकल कार् ताकामूरथत वार्तिय हारे ! এ विषया आत अकही गण्य गत्म रहेल ! अक-বার এক ব্যক্তি আর একজনকে বলিতেছিল, "ওদের বাটীতে পূজার বড় ধূম, গোরায় লুচি ভাজ্ছে।" যে কার্য্য গোরায় করে তাহার ভারি মূল্য ৷ এখন আমাদের সকল কার্য্যেই গোরার দারা লুচি ভাজান চাই! সমাজিক বিষয়েতেও मार्ट्यिंगित माहाया हाई! मार्ट्यता हिन्दूमगांक मन्नसीय বিষয়ে যেরপ বিজ্ঞতা ফলান্, তাহা দেখিলে আমার হাসি

উপস্থিত হয় ৷ কয়েক বৎসর পূর্বের বঙ্গদূত নামক এক থানি সম্বাদ পত্র ছিল ৷ তাহার সহিত্ত সংবাদ প্রভাকরের ঝগড়া হঁইয়াছিল ৷ আপনারা জানেন্, সংবাদপত্ত সম্পাদকেরা কিরপ বিবাদপ্রিয়। তাঁহাদের ঝগড়া দেখিয়া ফেও অব ইতিয়া সম্পাদক ভাহার মধ্যস্থতা করিতে গেলেন ৷ বঙ্গদূত বলিল, "হচ্ছিল ভোলাময়র৷ ও নীলু রামপ্রদাদে, এ আবার আণ্টুনি ফিরিঙ্গী কোথা থেকে এল ?" সেই অবধি হুর্ধর্ষ ক্ষেও একেবারে চুপ্ । এইরপ অনেক সময় হিন্দুসমাজের আন্দোলনে সাহেবদিগের বিজ্ঞতা ফলান দেখিয়া আমরাও विनाति वाधा हहे (य, "हिष्ट्न जिलामश्रता अ नीनुताम श्रमाप्त, আবার আণ্ট্রনি ফিরিঙ্গী কোথা হতে এলো?" আমাদের অর্থ সম্বন্ধীয় মোকদমায় বিলাতে আপীল হয়, এখন সামা-জিক বিষয়েতেও বিলাত আপাল হইতেছে! সম্প্রতি এক বাঙ্গালী ধর্মসম্প্রদায়ের লোকের মধ্যে সমাজিক কোন বিষয় লইয়া বিবাদ হইতেছিল। তুই পক্ষ বিলাতের লোকদিগের নিকট আপীল করিলেন, ভাঁহারা এক পক্ষে ডিক্রী দিলেন! যে পক্ষ জিজিলেন, তাঁহাদের কতই বা আনন্দ! যে পক্ষ হারিলেন, ठाँहारित कछरे वा विवाप! याँशांता विलाख यान नारे, তাঁহারা বিলাতের এইরূপ পক্ষপাতী। যাঁহারা বিলাতে গিয়া-ছिলেন, डाँशामित उ कथारे नारे। वाक्रानीता এখন क्रमागड বিলাতে যাইতেছে। যেমন কাশীতে ও প্রয়াগে বাঙ্গালী পাড়া হইয়াছে, তেমনি লণ্ডনে এক বাঙ্গালী পাড়ানা হইয়া উঠে! লোকে যেমন কাশীতে মরিলে আপনাকে কতার্থ মনে করে. ভেমনি সম্প্রতি বিলাভের ফেরত একজন যুবক ডাক্তার অভ্যস্ত

পীডিত হইয়া লওনে মরিবার ইছা করিয়া বিলাতে গিয়াছি-লেন ৷ তাঁহার মনক্ষামনা সিদ্ধ হইয়াছিল; তিনি যেমন কালীধামে পৌছিলেন, অমনি তাঁহার প্রাণত্যাগ হইল। পুর্বে যেমন যুবকেরা পশ্চিমে পলাইভ, এক্ষণে ভেমনি ভাছারা বিলাতে পলাইতে আরম্ভ করিয়াছে! যে সকল যুবক কোমল-স্বভাব এবং এরপ ভীৰু যে, অন্ধকারে এ মর হইতে ও ঘরে একেলা যাইতে অক্ষম, তাহারা পর্যান্ত বিলাতে যাইতেছে ! যেমন কুলকামিনীদিগের উপর জগন্ধাথের ভোর নামিলে ভাহারা পুরী যাইতে কোন বাধা বিদ্ন মানে না, ইহাঁরাও সেইরূপ বিলাতে शहित्क कीन वांश विश्व गातिन ना , अँ एन इ छे पत दांध हत. বলরামের ডোর নামে! বলরামের সহিত ইংরাজদিণের তিন বিষয়ে সাদৃশ্য আছে ৷ প্রথম, ত্বর্ণ বিষয়ে, দ্বিতীয়, ত্বল বিষয়ে, তৃতীয়,—মদ্যপান বিষয়ে৷ মহাভারতে উক্ত আছে, অর্জ্রন অস্ত্রবিদ্যা শিক্ষার নিমিত্ত দেবলোকে গিয়াছিলেন! এক্ষণে আমাদিগের দেবলোক বিলাত ৷ এক্ষণে বাঙ্গালীরা বিলাতে বিছাশিকা করিতে যান! শ্রুত হওয়া যায়, এই দেবলোকে দেবকন্যারা নাকি যোহিনীয়ম্ব জানেন ৷ তাঁহারা वाक्रांनीत्मत जुनाहेशा तात्थन। এই জन्য পিতার সর্বাদ। তয়, পাছে দেবকন্যাদিগের অনুরাগ প্রভাবে পুত্রের মন হইতে মানব কন্যার প্রতি অনুরাগ তিরোহিত হইয়া যায় ৷ আমি বিলাতে যাইবার প্রতিপক্ষ নহি! বিলাতে যাইলে অনেক উপকার আছে; কিন্তু ফুংখের বিষয় এই যে, যাঁহারা বিলাভ হইতে ফিরিয়া আইদেন, তাঁহারা হিন্দুসমাজের সহিত একবারে সম্বন্ধ পরিত্যাগ করেন ৷ যাঁহারা একণে বিলাভ হইতে ফিরিয়া

আইসেন, হিন্দুসমাজ তাঁহাদিগকে নোকসানের খাভায় লিখিতে বাধ্য হয়েন! বাবু বিলাভ হইতে সাহেব সাজিয়া कितिया आजित्नन, ना कांडाता मदक (शांभारा मिल, ना কাহারো সঙ্গে ব্যবহারে মিলে! কোখায় তাঁহারা যে জ্ঞানো-পার্জ্জন করিয়া আইলেন, সেই জ্ঞানালোকে খদেশীয়দিগকে বিভূষিত করিবেন, না একবারে সমাজ ছাড়া হয়ে বস্লেন ! তাঁহারা উভয় দলের ত্যজ্য হয়েন! বান্সালীদিগের দঙ্গে তো তাঁহাদিগের মিলে না, ইংরাজেরাও তাঁহাদিগকে অনুকরণ-কাঁরী শাখামুগ বলিয়া মৃণা করে! কেন যে আমাদিগের **(मरामंत्र) लाक देश्त्रांक्रमिरा**शत এত । रागाँ ए। हरात, किंडू वृत्रिराक পারা যায় না ৷ কৃষ্ণনগর কলেজের অধ্যক্ষ বিজ্ঞবর লব সাহেব বলেন, "আমাদের রীতি নীতি এমন দোষাশ্রিত যে, দিন দিন ভাছার পরিবত্তন ও সংশোধন আবশ্যক হইতেছে 1 বাঙ্গালীরা কেন সে সকল নির্দোষ মনে করিয়া নির্মিকার চিত্তে তাহার অনুকরণ করে, বুঝিতে পারি না!" এই ইংরাজী অনুকরণের দৰুণ সমাজ সংস্কারের গতি বিপখগামী হইতেছে ! • প্রকৃত গতিতে যদি সমাজসংস্কারের স্রোত প্রবাহিত হইত, তাহা হইলে সমাজসংস্থার কার্য্য এতদিন যে কত অগ্রসর হইত, তাহা বলা যায় না ৷ আমাদের দেশের সমাজসংস্কারকেরা যদি অদেশীয় ভাবকে পত্তনভূমি করিয়া সমাজ সংস্থারে প্রবৃত্ত হয়েন, তাহা হইলে কৃতকার্য্য হইতে পারেন সন্দেহ নাই। মহাত্মা রামমোহন রায়, জীয়ুক্ত বাবু দেবেজ নাথ ঠাকুর ও এীযুক্ত ঈশ্বরচন্দ্র বিভাসাগর মহাশয় ইহাঁরা এই ভাবে সমাজ সংস্কার আরম্ভ করিয়া কিয়ৎপরিমাণে ক্লভকার্য্য

হইরাছেন ৷ বিজাতীয় ভাষা, বিজাতীয় ভাষ, বিজাতীয় ধর্ম, কখন এ দেশে স্থায়ী হইবে না, এ বিষয়ে শ্রীযুক্ত বাবু চন্দ্রশেখর বস্থ মহাশয় একখানি উৎকৃষ্ট পুস্তক প্রকাশ করিয়াছেন, ভাষার নাম "অধিকারতত্ত্ব ।" সেই গ্রন্থ হইতে কিয়দংশ উদ্ধৃত করিয়া পাঠ করিতেছি ।

"ইংরাজদিগের রীতি, নীতি, ভাবভঙ্গী, অমুকরণ করার ইচ্ছা আমাদিগের মুবকগণের মনে বলবতী হইয়া উঠিয়াছে! কিন্তু অনর্থক কতিপায় ভাবভঙ্গী রীতি নীতির অনুকরণ করা কেবল হীনতা মাত্র! তাহাকে উদ্ধার বলে না, তাহা হাঁন অনুকরণ শব্দের বাচ্য। ইংরাজী বিছার যোগে এ দেশে যাহা আসিতেছে, অনেকে তাহাই অনুকরণ করিতেছেন ৷ ইংরাজেরা শিক্ষা দিলেন, ভূত প্রেত নাই, তাহারাও ভূত প্রেত মানিলেন না ; পশ্চাৎ ইংরাজী পুস্তকে লিখিল, ভূত প্রেত আছে, আবার মানিলেন ৷ এদেশের লোক মছপায়ী ছিল না, যুবাপুৰুষেরা ইংরাজদিগের অনুকরণে পান করিতে শিখিলেন; পশ্চাৎ ইংরাজেরা সুরাপাননিবারণী সভা করিতেছেন, দেখিয়া তাঁহারাও সভা করিলেন। একেশ্বরবাদী খৃষ্টানগণ কহি-লেন যে, য্রীশুকে মানব ধর্মের আদর্শ সরপ গ্রহণ না করিলে মুক্তি নাই; তাঁহারাও য়ীতকে অবলম্বন করিলেন ! আবার যদি ইংরাজেরা কহেন, য়ীতকে ধর্মের মধ্যে রাখা উচিত নহে, তখন তাছারাও যীশুকে ত্যাগ করিবেন 1 হিন্দুশাসন কালে আমাদের দেশের স্ত্রীগণ এখনকার ন্যায় शृद्ध कक्षा थाकिएजन ना। गुनलगानितरात जनूकत्ररा ্বা ভয়ে আমাদের বর্তমান অস্তঃপুর নির্মিত হইল। এখন

"কিন্তু হে স্বদেশ হিতৈবি! তুমি এমন মনে করিও না যে, সমুদায় ভারতবর্ষ এরপ ইংরাজী ভাবে অনুবাদিত হইয়াছে! * * *
শ্বজাতীয় ভাবে মানবের স্বাভাবিক অধিকার! সে অধিকার
হইতে স্বভাবতঃ কেহই এই হইবেক না! যদি ইংরাজেরা
ঋণক্ত স্বজাতীয় ধর্মাধিকারে হইতে এই না হন, তবে আমরাই
কি এত হীন হইয়াছি যে, ভারতমৃত্তিকার উৎ্পন্ন ধর্মভাব

[&]quot;* এই বর্ত্তমান সময়েই সাহেবেরা তাঁহাদের অতিরিক্ত জ্রী-স্বাধীনতায় বিরক্ত হইয়া প্রাচীন কালের শাসন প্রণালীর পুনরাগমন প্রার্থনা করিতেছেন।

^{&#}x27;Saturday Review, vide Englishman, 6th May, 1871."

হইতে পরিজ্ঞী হইব ² যদি ইংরাজেরা ছুলধর্ম প্রতিপাদক বাইবেল ত্যাগ না করেন্, তবে আমরাই কি এত মূঢ় হইরাছি যে, ভারতমৃত্তিকার মঙ্গলপ্রস্থানস্বরূপ ব্রদ্ধপ্রতিপাদক বৈদ বেদান্ত উপনিষদাদি শাস্ত্র ত্যাগ করিব ? এই সকল ধর্মভাব, এই সকল ব্রদ্ধজান শাস্ত্র, যাহার গুরুভারের সহিত শতকোটি বাইবেল, ইঞ্জিল, তত্তরেৎ, জবুর, কোরাণ ও আবেস্তা এবং পার্ কর্, নিউম্যান, কাণ্ট, কুজিন প্রভৃতির স্তুপায়মান গ্রন্থ সমূহ সমতুল্য হয় না, তাহাতে আমাদের যে আত্মীয় ও স্বজাতীয় এই দ্বিধি অধিকার যুগপৎ আছে, তাহা মনে করিলেও পিতামহ পুরাণ পরমের্শ্বরকে শতশত ধন্যবাদ প্রদান করিতে হয় 1"

উল্লিখিত মহাশাস্ত্র সকলকে মূল করিয়া ধর্মসংক্ষার কার্য্যে আমাদিণের প্রবৃত্ত হওয়া কর্ত্তর । ধর্ম ও সমাজসংক্ষারের এমন একটী কার্য্য নাই, উহা সম্বন্ধীয় এমন একটী বিশুদ্ধ মতৃ নাই ধাহার প্রমাণ আমাদিণের শাস্ত্রে না পাওয়া যায় । ধর্ম-বিষয়ে এমন একটি সন্তুপদেশ নাই যাহা আমাদিণের ধর্ম এবে পাওয়া যায় না; সমাজসম্বন্ধে এমন একটী প্ররীতিনাই, যাহা প্রাচীন ভারতবর্ষে প্রচলিত ছিল না এবং যাহা একণে হিন্দুভাবে প্রচার না করা যাইতে পারে । হিন্দুভাব রক্ষা করিয়া আমরা ধর্ম ও সমাজসংক্ষার কার্য্যে প্রবৃত্ত ছইলে, আমরা ঐ কার্য্যে সুসিদ্ধ হইতে পারি ।

চরিত্র বিষয়ে একালে ছুইটা বিষয়ে উন্নতি দেখা যাইতেছে ৷
এক উৎকোচ গ্রহণে বিরতি আর এক স্বদেশপ্রিয়তা ৷
সেকালে ঘূব লওরা একটা বড় দোব বলিয়া গণ্য হইত না ৷

কারণ বড় ছোট প্রায় সকল লোকেই উহাতে কিছু না কিছু লিপ্ত খাকিতেন ৷ এখন স্থানিকতদলের মধ্যে ঘূষ লওয়া বিশেষ নিন্দ-নীয় বলিয়া পরিগণিত হইডেছে ৷ সে কালের লোকদিগের খাদেশের প্রতি একটা কর্ত্তব্য বোধ ছিল না , এখন ক্রমে ক্রমে লোকের মনে সে কর্ত্তব্য বোধ জন্মিতেছে, বলিতে হইবে ৷ চরিত্র সম্বন্ধে যেমন তুই একটা বিষয়ে উন্ধতি দৃষ্ট হইতেছে, তেমনি তৎসম্বন্ধে আনেক দোষ জন্মিতেছে, তাহা অতি শোচনীয় ৷

ু চরিত্র সম্বন্ধে এক্ষণকার লোকের প্রথম দোষ, পিতৃভক্তির হ্রাস। নিজ কর্মস্থলে বৃদ্ধ পিতা আসিলে তাঁহাকে পিতা বলিয়া লোকের নিকট পরিচয় দিতে বাবু লজ্জিত হয়েন ও কোন কোন বাবু বাবার পরিবার অর্থাৎ মাকে খেতে দিতে হয় বলিয়া আক্ষেপ প্রকাশ করেন এইরূপ গণ্প সকল শুনিতে পাওয়া যায় ! এই সকল গম্প সম্পূর্ণরূপে সত্য না ছউক, তথাপি এই সকল গম্প উঠা এইক্ষণকার লোকের মনের ভাবের পরিচয় প্রদান করে! আমি স্বচক্ষে দেখিয়াছি, রদ্ধ পিতা ছাষ্টচিত্তে তাঁহার এক বৃদ্ধ বন্ধুকে উপযুক্ত কীর্ভিমান পুত্রের সঙ্গে আলাপ করাইয়া দিবার জন্য লইয়া গেলেন; পিতা ও তাঁহার বন্ধু গদির নীচে বসিলেন, আর পুত্র গদির উপর বসিয়া রহিলেন ৷ • চানক্য শ্লোকে উক্ত আছে যে,—"পুত্র ষোড়শ বৎসর প্রাপ্ত হইলে তাহার নঙ্গে বন্ধুবৎ ব্যবহার করিবে ৷" উপযুক্ত পুত্রের সহিত পিতার এইরূপ ব্যবহার করা কর্ত্তব্য ; কিন্তু পুত্রের উচিত হয় না যে, পিতার প্রতি কোন অসম্মানের চিহ্ন প্রদর্শন করেন! কিন্তু পিতার প্রতি অসম্মানের চিহ্ন প্রকাশ করিতে এক্ষণে অনেক যুবককে দৃষ্টি করা যায় **।**

এক্ষণকার লোক পান ও পূর্বাপেক্ষা অধিকতর বেশ্যাসক্ত ! মছপান যে আমাদের বর্ত্তমান সমাজে অতি ভীষণ অনি-ষ্টপাতের কারণ হইয়াছে, তাহার সন্দেহ নাই 1 অনেকে বলেন, পরিমিত মৈছপানে দোষ নাই। কিন্তু ইহা যে কুদৃষ্টান্ত হরপ হইয়া কত অনিষ্ট সাধন করে, তাহার অন্ত নাই! পিতা কিয়া শিক্ষক পরিমিত মছপায়ী হইলেও বাবা কিম্বা মান্টার মদ খান ত আমি খাব না কেন, এইরপ বিবেচনা করিয়া যুবকেরা মছপানে প্রবৃত্ত হয় ! কিন্তু তিনি যে পরিমিতরূপ পান করেন, তাহা বিবে-চনা না করিয়া আশু অপরিমিত পানে প্রবৃত হয়। এ বিষয়ে বাবা ও মাফারেরও অধিক দিন সাবধান থাকা কঠিন। ভাঁছারাও অধিক দিন মিতপায়ী থাকিতে পারেন না ৷ পরিমিত মুগুপান কেমন, না,—বাঁধে একটা ছিদ্র রাখা 1 সেই ছিদ্র দিয়া জল প্রবেশ করিয়া ক্রমে বাঁধ যেমন নম্ট করে, সেইরূপ পানদোষ পরিমিত পানরপ হিজ দিয়া প্রবেশ করিয়া ক্রমশঃ বৃদ্ধি হইয়া পরি-শেষে মনুষ্যের সর্বনাশ করে। আমি শুনিয়া আহ্লাদিত হই-লাম, যে পূর্বেক কলেজের ছাত্রেরা এই দোষে যেরূপ লিপ্ত ছিলেন এক্ষণকার ছাত্রেরা সেরপ লিপ্ত নহেন! যেমন পানদোষ বৃদ্ধি পাইতেছে তেমনি বেশ্বাগমনও বৃদ্ধি হইতেছে। সে কালে লোকে প্রকাশ্যরপে বেশ্যা রাখিত। বেশ্যা রাখা বাবুগিরির অঙ্গ বলিয়া পরিগণিত হইত; এক্ষণে তাহা প্রচ্ছনভাব ধারণ করি-য়াছে, কিন্তু সেই প্রচ্ছন্নভাবে তাহা বিলক্ষণ বৃদ্ধি পাইতেছে। বেশ্যাগমন বৃদ্ধি পাইতেছে, তাহার প্রমাণ বেশ্যাসংখ্যার বৃদ্ধি ! পূর্বের প্রামের প্রান্তে ছই এক ঘর বেশ্যা দৃষ্ট ইইত; এক্ষণে পলিআমে বেশ্যার সংখ্যা বিলক্ষণ রৃদ্ধি পাইতেছে।

এমন কি, ক্ষুলের বালকদিগের মধ্যেও এই পাপ প্রবলাকার ধারণ করিয়াছে! যেমন পানদোষ বৃদ্ধি পাইতেছে, তেমন বেশ্যাগমনও বৃদ্ধি হইতেছে! ইহা কিন্তু সভ্যতার চিহ্ন! যতই সভ্যতা বৃদ্ধি হয়, ততই পানদোষ, লাম্পট্য ও প্রবঞ্জনা তাহার সঙ্গে সঙ্গে বৃদ্ধি হইতে থাকে। *

এক্ষণকার লোকেরা পূর্ব্বকার লোক অপেক্ষা অধিক অসরল। এখন পদে পদে খলতা, অসরলতা; এখন লোকের
সঙ্গে কথা কহিয়া শীদ্র বুঝিবার যো নাই যে তাহার মনের ভাব
কিং? এখন বাহিরে, "আসিতে আজ্ঞা হউক," "ভাল আছেন"
"মহাশয়" ইত্যাদি দাঁতবাহির করা সভ্যতা কিন্তু ভিতরে
ভিতরে পরস্পর এমনি কোশল চলিতেছে যে, তুমি যদি "বেড়াও
ডালে ডালে, আমি বেড়াই পাতায় পাতায়।" এক্ষণে ছঅ
ব্যবহার অতিশয় প্রবল। এ বিষয়ে বহরমপুর নিবাসী সুকবি
রামদাস সেন এক্ষণকার লোকদিগের প্রতি লক্ষ্য কবিয়া যাহা
লিথিয়াছেন, তাহা খুব সত্য।

"কত ভাবে ভ্রম তুমি কত সাজ পর।
বঙ্গরঙ্গুলাগারেতে অভিনয় কর ॥
দেশের হিতের জন্য করি প্রাণপণ!
এখানে সেখানে ফের মহাব্যস্ত মন ॥
পীযুষবর্ষণ মুখে হাদে ক্ষুরধার!
মরি কি বঙ্গের স্কুত চরিত্র তোমার!॥"
এক্ষণে প্রভারণা অভ্যস্ত বৃদ্ধি হইয়াছে। পূর্বে এক ধর্ম-

প্রকৃত সভাতা কাছাকে বলে তল্পন্য আনার প্রণীত ''ছিন্দু ধর্মের শ্রেষ্ঠতার" ৩৫ ও ৬ পৃষ্ঠা দেখ।

সাক্ষী অথবা স্থ্যসাক্ষী তমঃস্থকে কাজ চলিত, বোধ হয় কোন কোন পুরাতন বাড়ীর পুরাতন কাগজ পত্র খুঁজিলে তাহার মধ্যে এরপ তমঃস্ক এখনো পাওয়া যাইতে পারে। ভিস্ত এক্ষণে চারিদিকে আঁটাআঁটি করিলেও লোকের প্রতারণা নিবা-রিত হয় না!

এখনকার লোকদিগের স্বার্থপরতা বড প্রবল। একাল অপেক্ষা সেকালে পল্লির লোকদিগের মধ্যে পরস্পর সহারুভৃতি অধিক ছিল। পূর্বে গ্রামসম্পর্ক পাতান হইত ও যাহার সহিত যেরপ সম্পর্ক পাতান হইত তাহার প্রতি লোকে তদনুরূপ ব্যবহার করিত: তাঁহারা "দেহ সম্বন্ধ হতে আম সম্বন্ধ সাঁচা"* জ্ঞান করিতেন। বাটীতে কোন কার্য্য উপস্থিত হইলে পাডার লোকে আসিয়া সমস্ত কার্য্য নির্বাহ করিত ; এমন কি, গৃহমার্জনী পর্য্যস্ত লইয়া গৃহমার্জন করিত! পূর্মকার লোকেরা আপদ বিপদে পাডার লোক সকলের বিশেষ সহায়তা করিতেন, এখন তেমন দেখা যায় না। দূরস্থ পলিগ্রামে সে কালের ভাব এখনও দৃষ্ট হয়। দেকালে কলিকাতার নিকটস্থ কোন আমে একটী সম্পন্ন ব্যক্তি ছিলেন ৷ তিনি প্রত্যহ প্রাতে ছাতি হাতে করিয়া বাড়ী বাড়ী ভ্রমণ করিয়া কে কেমন আছে, কাহার কি হইয়াছে, এই সব তত্ত্ব লইতেন ! সে গ্রামের যে সকল চাকুরে লোক-দিগকে সর্বাদা বিদেশে থাকিতে হইত, তাঁহার উপরে তাহারা সগুহের আবশ্যক কর্মের ভার দিয়া নিশ্চিম্ব থাকিত ৷ তিনি তাহা স্থন্দর রূপে নির্বাহ করিতেন ৷ এমন কি, কাহারো বাড়ীতে পুকরিণী খনন হইতেছে, বাড়ীর কর্ত্তা বিদেশে, তিনি

टेठ्डना চরিতামৃত।

রে) দের সময় ছাতী ঘাড়ে করিয়া বসিয়া খনন কার্য্যের তত্ত্বা-বধান করিতেছেন ! তাঁহার বাডীতে এক স্বপ্নান্ত ঔষধ ছিল; **দেশবিদেশ হইতে রোগী সকল তাহা লইতে আসিত। তিনি** কখন কখন তাহাদের মলমূত্র পর্যান্ত সহত্তে পরিকার করিতেন। এমন পরহিতৈষিতা এখন কোথায় দেখা যায় ? এক্ষণে আতি-থেয় ধর্মেরও হ্রাস হইয়া আদিতেতে ! সে কালের এমন সকল গম্প শুনা আছে যে, এক এক লোকের বাডীতে রাশীকত অন্ন পাক হইত: নেই রাশীকৃত অন্নের উপর ঘি ঢালিয়া দেওয়া ক্ষেত্ৰ! কেবল বাডীর কর্ত্তা যিনি? তিনিই যি খাবেন, এ বড খারাব কথা, সেই সমূত অন্ন অতিথি অভ্যাগত সমুদায় লোককে ভোজন করান হইত ৷ এখন এমনি হইয়া উঠিয়াছে, বাগান হইতে আত্র আইলে তাহার মধ্যে হিসাব মত কয়েকটা রেখে বাকী বাজারে বিক্রয় করিতে দেওয়া হয়। পূর্বের বাটীতে লোক আইলে তিনি যাহাতে অধিক দিন থাকেন, লোকে এমন আগ্রহ প্রকাশ করিত, পূর্ব্বে ঘটি বাঁধা দিয়া লোকে অতিথি-দেবার ব্যয় নির্দাহ করিত, এক্ষণে অতিথি বাটী হইতে বেৰুতে পারিলে বাঁচে। এখনও কলিকাতা অপেক্ষা পল্লি-গ্রামে অধিক আতিথেয় আছে! যেমন অন্য দেশীয় লোক অপেক্ষা স্বদেশীয় লোক নিকটভর, ভেমনি অন্য স্বদেশীয় লোক অপেক্ষা আগ্রীয় কুটুম্ব নিকটতর ৷ এই নিকটতর সম্পর্কবোধ ক্রমে হ্রাস হইতেছে ৷ পূর্ব্বকার লোকেরা আত্মীয় সজনের যেমন সম্বাদ লইতেন, এক্ষণকার লোকে তেমন লয় না। বদানতা বিষয়েও একালের লোকদিগের হীনতা দৃষ্ট হয় ৷ এক্ষণকার বদান্যতা চাঁদাপুস্তকগত বদান্তা,

আন্তরিক বদান্তা নহে। পূর্বকার বদন্তা আড়ম্বরশূনা ছিল; এক্ষণকার বদান্তা সাড়ম্বর। এখনও পল্লিপ্রামে অনেক আড়ম্বরশূন্য বদান্তার কার্য্য হইয়া থাকে; তাহা সাহেবদের গোচর হয় না। তাঁহারা অনুমান করেন যে বাঙ্গালীদিগের বদান্তা নাই। যাহা হউক, গড়ে একালে স্বার্থপরতার অতিশ্র বৃদ্ধি হইতেছে সন্দেহ নাই। বর্ত্তমান সভ্যতার অপর নাম স্বার্থপরতা বলিলে অত্যুক্তি হয় না। পূর্বে যে ব্যক্তি পোনের টাকা মাসে উপার্জ্জন করিত, সে আট টাকা পরিবার প্রতিপালনে বয় করিয়া বাকি সাত টাকা পরোপকারে বয় করিতে সক্ষম হইত, এক্ষণে নেই সাত টাকা সভ্যতার অনুরোধে বিলাধ্যর দ্বের বয় করিতে বায় হয় ।

ক্রতজ্ঞতাধর্মেও এক্ষণকার লোকদিগকে পূর্বকার লোক আপেক্ষা হীন দেখা যায়। পূর্বকার লোকে যেমন সরলতা পূর্বক উপকার সীকার করিতেন, এক্ষণকার লোকে সেরপ্ করে না! স্বকীয় গোরব নাশের আশস্কায় তাহারা তাহা গোপন করিতে চেক্টা করে! এক্ষণকার একজন স্থবিখ্যাত ব্যক্তি বলেন, যে তিনি যাহার যত উপকার করিয়াছেন, তিনি তাহা হইতে তত অনিফ প্রাপ্ত হইয়াছেন; এক্ষণে তিনি স্থানেশীয় ব্যক্তিদিগের উপার একবারে এমনি চটিয়া গিয়াছেন যে, কাহারও উপকার করিতে ইচ্ছু ক নহেন। এরপ চটিয়া বিদয়া থাকা অন্যায় কিন্তু এরপ চটিবার বিশেষ কারণ আছে, তাহাও অস্বীকার করা যাইতে পারে না! আমরা যে বিখ্যাত ব্যক্তির কথা বলিতেছি, তিনি বস্ততঃ চটিয়া বিদয়া থাকেন না, তাহার হৃদয় তাঁহাকে চটিয়া থাকিতে দেয় না!

এক্ষণে মুখপ্রিয়তা, বিলাসপ্রায়ণতা ও বাবুগিরির অত্যন্ত প্রাত্মভাব হইয়াছে! এমন শুনাগিয়াছে, পূর্বকালের কোন দেওয়ান নে কা হইতে উচিয়া বাডী যাইবেন; যেখানে নোকা হইতে নামিলেন, সেখান হইতে তাঁহার বাটী ১০ 1 ১২ ক্রোশ দূর ! পালকা আসিয়া পৌছে নাই; তিনি হাঁটি-রাই চলিয়াই গেলেন ৷ এখন তুপা হাঁটিতে হইলে সম্পন্ন লোকে বিপদ জ্ঞান করে! সেতুবন্ধ রামেশ্বরের লোকেরা বাবুকে "জবডজঙ্গু" বলিয়া ডাকে; বাবুর এমন উপযুক্ত আখ্যা আর কোন খানে শুনি নাই ! দেওয়ান বাটীতে গিয়া দেখিলেন তাঁহার ভাতৃবধূর প্রদববেদনা উপস্থিত হইয়াছে; স্থতিকা গুহের জন্য কাষ্ঠ চাই ! কিন্তু দেখেন ভূত্যেরা কোন কারণ বশতঃ কেহ উপস্থিত নাই ; কি করেন, নিজেই কাঠ চেলা করিতে আরম্ভ করিলেন ! এক্ষণকার লোকে এরপ শারীরিক পরিশ্রম •করিতে অত্যন্ত বিমুখ! এখন লেখাপড়া শিখিলেই কেবল বাবু হইবার চেফা। কোন বিখাতি ব্যক্তির নিকট শুনিয়াছি, তিনি স্বীয় আমের ক্যকদিগের নিমিত্ত রাজনিক বিছালয় স্থাপন করিয়াছিলেন, কিন্তু দেখিলেন, তাহাতে উল্টা ফল উৎপত্তি হইতে লাগিল ! ছেলের পিতারা সকলে বলিতে লাগিল. "মহাশয়! আমার ছেলৈকে আর পডিতে দেওয়া হবে না! আমাদের বাপ পিতামহের প্রথা চাসবাস করা, ছেলেরা তাহাতে সাহায্য করিয়া থাকে ৷ এখন স্কুলে দেওয়া অবধি আমার ছেলে এমনি বাবু হয়ে পড়েছে যে, কেবল মোজা আর ইংরাজী জুতা পরিবার জন্য ব্যগ্র; আমার কোন কর্মেই সে সাহায্য করে না ।" এই কথা অনেক স্থলের নাইটস্কুলের ছাত্রদিগের পক্ষেই খাটে ৷

চরিত্র বিষয়ে বর্ত্তমান বঙ্গদমাজের আর এক অবনতির চিহ্ন, যুবকদিগের অশিষ্ট ব্যবহার। সে কালে যেমন প্রবীন ব্যক্তির সমান ছিল, যেমন প্রত্যেক পাডায় এক জন করিয়া কর্ত্তা থাকিন তেন সকলেই তাঁহাকে সন্মান করিত, সকলেই তাহার বশবদ থাকিত, সেরপ ভাব এখন দৃষ্ট হয় না ৷ এখন সকলেই স্ব স্থ প্রধান, কেই কাহাকে মানে না, কেই কাহার ভোয়াক্তা রাখে না ৷ স্বাধীনতার ভাব ভাল ভাব, কিন্তু বয়সের প্রতি, বিজ্ঞতার প্রতি উপযুক্ত সম্মান করা কর্ত্তব্য ৷ ঔদ্ধত্যের ভাব কখনই প্রশং-সনীয় হইতে পারে না ৷ যুবকেরা অত্যন্ত মান্য ব্যক্তির বিষয়েও কথোপকথনের সময়—"তিনি" শব্দ ব্যবহার বান করিয়া "সে" শব্দ ব্যবহার করিয়া থাকে; "করিয়াছেন" শব্দ ব্যবহার না করিয়া "করিয়াছে" শব্দ ব্যবহার করিয়া থাকে ! নিউটন ও বেকনও এই অশিফাচার হইতে অব্যাহতি পান না ৷ কিন্তু আপনার স্ত্রীর প্রতি তাহাদিগকে এরপ অসম্বান প্রকাশ' করিতে কখন দৃষ্ট হয় না। পায়ে পা ঠেকিয়াছে, হয় ইংরাজী শিষ্টাচার অনুসারে "বেগ ইওর পার্ডন" বল, অথবা বাঙ্গালী প্রথা অনুসারে "নমস্কার" কর, ইহার কিছুই করে না 1 রাস্তায় মান্যব্যক্তির সহিত দেখা হইলে, হয় ইংরাজী প্রথা অনুসারে মাথা নোয়াও অথবা বাঙ্গালী প্রথারুদারে নমস্কার কর, কিন্ত কিছুই করা হয় না। ভাহার প্রতি এমনি ব্যবহার করা হয়, যেন ভাঁহার সঙ্গে কোন কালে আলাপ নাই। কোন কোন যুবককে গুৰুতর ব্যক্তি যে কেদারায় বদিয়া আছেন, তাহার উপর ইংরাজী কেতা অনুদারে পা রাখিতে দৃষ্ট হয়। অশি-ফতা ইহা অপেক্ষা অধিক গ্রমন করিতে পারে না।

এই ত পুৰুষদিগের কথা গেল! একণে একালের স্ত্রীলোক-দিগের কথা কিছু বলিতে চাই! সেকালের স্ত্রীলোকেরা একা-লের স্ত্রীলোক অপেকা অধিক প্রমনীলা ছিলেন ৷ একণে সম্পন্ন मानूरवत वांगीरकं खीरलारकता रयमन नाम नामो ও পाठक পাচিকার প্রতি সম্পূর্ণ নির্ভর করেন, স্বহস্তে মৃছকার্য্য করিতে विषुष, (मकात्नत खीरनारकता (मक्रश हिलन ना। (मकात्नत বড় বাড়ীর দ্রীলোকেরা পর্যান্ত অনেক পরিমাণে গৃহকার্য্য নিজ হত্তে সম্পাদন করিতেন। বর্তমান সময়ে আমাদিণের দেশৈর শিক্ষিত জ্রীলোকেরা গৃহকার্য্য করিতে, শারীরিক পরিপ্রম ুকরিতে অনিচ্ছু। এ বিষয়ে বিলাতের শিক্ষিত জ্রীলোকদিগের নিকট উপদেশ গ্রহণ করা তাঁহাদিগের কর্ত্ব্য ! তাঁহারা এরপ বাবু নহেন ।* এক্শকার ধনাত্য ব্যক্তিদিগের জ্রীদিগের न्यात्र (म कात्नत बनांग व्यक्तिपिशत खीता खश्ख शाक कता অসমানের কার্য্য মনে করিভেন না! বিলাতে মধ্যে সম্পন্ন লোকের স্ত্রীরা পাক ক্রিয়ার প্রতি অত্যম্ভ অমনোযোগী হইয়া-ছিলেন; একণে ভাঁহারা তজ্জন্য অসুতাপ করিতেছেন। ' এক্ষণে মহা প্রদর্শনের ক্ষাটিক গৃহে একজন স্থপশাস্ত্র-বিশারদ ব্যক্তি এ শাস্ত্র বিষয়ে উপদেশ দিতেছেন; অনেক বিবি তাহা

^{* &}quot;বুদ্ধিনান ব্যক্তি জানৈন, নৈদর্শিক নিয়ম কথন কাল মাহান্ত্রের পরিবর্ত্তিত হয় না। যদি আধুনিক বাঙ্গালিরা বহুরোগী এবং অল্পায়ু হইয়া থাকে, তবে তাহার অবলা নৈদর্শিক কারণ আছে, সন্দেহ নাই। আধুনিক প্রস্থৃতিগণের শ্রমবিরতিই সেই সকল নৈদ্-র্ণিক কারণের মধ্যে অগ্রগণ্য।"

শুনিতে যান। একণে পাক ক্রিয়ার উন্নতি সাধন জন্য স্ত্রীলোক-দিগের একটা সভা সংস্থাপিত হইয়াছে, সেই সভার কর্তৃ तागीत এक कना। आभामित्रांत तम्भ अक्तर्ग मकल विष्रा বিলাতের অনুবর্ত্তী! যখন বিলাতে এবিষয়ে মনোযোগ প্রদত্ত হইতেছে, তখন ভরুদা হইতেছে, এখানেও ঐ বিষয়ে মনোযোগ প্রদত্ত হইবে ৷ সম্প্রতি বিলাতের একটা বিবি বাঙ্গালি দ্বারণ সম্পাদিত কোন ইংরাজী সমাদপত্তের সম্পাদককে লিখিয়া পাঠাইয়াছেন, যে ভারতবর্ষীয় স্ত্রীলোকেরা চিরকাল পাক-ক্রিয়ার প্রতি মনোযোগ জন্য বিখ্যাত, এ বিষয়ে তাঁহাদিগের मरनारयोश रयन कुन ना इस, छाडा करेला उड्डाना विलाएछ। বিবিরা একণে যেমন অনুভাপ করিতেছেন, সেইরূপ অনুভাপ করিতে হইবে। সে কালের জ্রালোকেরা একণকার জ্রালোক অপেকা আঝনি র্বশালিনী ছিলেন! তাঁহারা শিশু সন্তানের সামান্য সামান্য রোগে চিকিৎসকের উপর এত নির্ভর করিতেন না, নিজে চিকিৎ দা করিতেন ! এ বিষয়ে দে কালের স্ত্রীলোক-দিগের যে জ্ঞান ছিল, তাহা অবজ্ঞা করা আমাদের উচিত হয় না ৷ এখনও সে কালের যে সকল গিমিবামি জীবিত-বান আছেন, ভাঁহাদিগের নিকট হইতে ঐ সকল ঔষধ জানিয়া লইয়া তদ্বিয়ে একখানি পুত্তক প্রফাশ করা কর্ত্তরা! শিশু-সন্তাননিগকে তেজস্বর বিদেশীয় ঔবধ প্রয়োগ তাহাদিগের কণ্ন প্রকৃতি ও দৌর্বল্যের প্রধান কারণ ৷ সে কালের স্ত্রীলোকেরা এক্ষণকার স্ত্রীলোক অপেক্ষা স্বেহশীলা ও দয়াশীলা ছিলেন। সামীর ও পুত্রের প্রতি, স্ত্রীলোকের ত স্বভাবতঃ স্নেহ হইয়া থাকে ৷ স্বামী ও পুত্র ব্যতীত অপরের প্রতি দয়া ও ম্বেছ করাই

ধর্ম ৷ সে কালের ধনাত্য ব্যক্তিদিগের স্ত্রীরা বাটীস্থ আত্মীয় পরিজন ভূত্য সকলের ভাল করিয়া আহার হইল কি না, ভাহা নিজে সম্পূর্ণ মনোযোগ পূর্বাক দেখিতেন। ব্যক্তিদিগের স্ত্রীরা সেরূপ দেখেন না! পতিভক্তি ও পতিনিষ্ঠা আমাদিগের হিন্দু জীদিগের প্রথান গোরব ছল! এ বিষয়েও এ কালের স্থালোক্দিগের হীন্তা দুট হইতেছে। কাল্ব প্রেরি প্রদার্কাত উপরে ভক্ত স্ত্রীপুরুষদিগের চিত্র इस्ल 1 ভদলোকেরী পরপ, তথন ছোটলোকের ভাল থাকিবে ইয়া विकाल প্রত্যাশ केता याई के लीति । अस्योमितात प्राप्तत ছোটলোকেরা অন্যান্য দেশের ছেটিলেনক অপেকা গাঁর, সং, সে প্রান্থিত বিশ্বাসী ও ধর্মতার টুইরোপ খণ্ডের ছোটলোকেরা কাওজানবিশ্বাসী ও ধর্মতার টুইরোপ খণ্ডের ছোটলোকেরা কাওজানবিশ্বাসী ও ধর্মতার বিলিলে হয়, ইহার প্রমাণ জাহাজী ও সৈনিক
শ্বাস গুর্মিক বিলিলে হয়, ইহার প্রমাণ জাহাজী ও সৈনিক
ভাষ্য প্রাণ্ডির বিলিলে হয়, ইহার প্রমাণ জাহাজী ও সৈনিক त्राविक्तित्र क्षिण्डले ज्ञामिति क्षेत्र क्षिण्डले क्षिण्डले क्षेत्र পারে প্রভাৱতির মধ্যে বেরপ একটা স্বেহ ভার দুইট ইইছ, প্রতিষ্ঠানে বিমান কাণ্ড পারে আন ক্রিটিনিক প্রিয়ান একগো ভাররিও হাস হইয়া প্রাসিডেছে । প্রভূদিগের রাবহার ইহার একাট প্রধান কারণ বলিতে হইবৈ ৷ ভাহারা ভূত দিগের স্পান্ত্র প্রতি সে কালের লোকের মত সদয় ব্যবহার করেন মা. ইংরাজী চলনে চলেন ৷ ইংরাজেরা ভারতবর্ষে ভতাদিগের প্রতি ফেরপ ব্যবহার করিয়া থাকেন ইহারাও সেইরপে করিয়া পাকেন।

উপরে প্রদর্শিত চিত্র অবলোকন করিলে প্রতীতি হইবেক যে, চরিত্র বিষয়ে আমাদিগের সমাজ ক্রমে অবনতি প্রাপ্ত হই-তেছে ৷ আমরা আমাদের পুরাতন গুণগুলি হারাইতেছি. অংচ ইংরাজদিগের সদ্ধাণ সকল অমুকরণ করিতেছি না ৷ বিলাতের অনেক ভদ্র ইংরাজেরা চরিত্র বিষয়ে আমাদিগের অনুকরণ স্থল হইতে পারেন ! এমন শুনা গিয়াছে, তাঁহারা ত্রাণ্ডি পান করেন না, ভাঁহারা ত্রাভির নাম পর্য্যন্ত ভদ্রলোকের নিকট উচ্চারণ করা অশিষ্টাচার জ্ঞান করেন! তাঁহাদের স্বার্থপরতা অংশ, আতিথেয়তা বিলক্ষণ আছে সরলতা বিলক্ষণ আছে, কুল্ড-তাও বিলক্ষণ আছে ৷ কৈ বিলাতের ভদ্র ইংরাজ্দিগের এই সকল ভদ্রতণ ভ আমরা অনুকরণ করি না? কৈ নাধারণ ইংরাজধর্গের সাহস, অধ্যবসায়, দ্যু প্রতিজ্ঞতা ও শ্রমশীলতা ত আমরা অনুকরণ করি না ০ ভাঁছাদের যত মন্দগুণ, তাই অনু-করণ করি! এদিকে এই অধম প্রবৃত্তি, ওদিকে সমস্ত হিন্দু আচার ব্যবহারের প্রতি সম্পূর্ণ অনাস্থা, এই হুইটা একত্র মিলিত হইয়া যে কি অনিষ্ট সম্পাদন করিতেছে, তাহার ইয়তা করা যায় না তালরদ রক্ষের অভাস্তরে থাকিয়া, নৈদর্গিক নিয়মানুদারে পরিমিত ভূর্য্যকিরণ দেবনে মধুর গুণ প্রাপ্ত হয়, কিন্তু ভাহা বহির্গত করাইয়া অনৈসর্গিক রূপে অপ-রিমিত সূর্য্যকিরণ সেবন করাইলে, ভাড়িতে পরিণত হয়, সেই-রূপ যদি হিন্দুসমাজ আপনাতে আপনি থাকিয়া অর্থাৎ আপ-नात भगामा ना शाताहेशा श्रीश आणात वावशात मकलाक পাশ্চাত্য আলোক স্বাভাবিক ক্রমে দেবন করায়, তাহা হইলে তাহা উৎকর্ম লাভ করিতে পারে। কিন্ত তাহা না করিয়া

উহা আপনাতে আপনি না থাকিয়া ঐ সকল আচার ব্যবহারকে ঐ আলোক অস্বাভাবিক আতিশয্যের সহিত সেবন করাইতেছে; ইহাতে কেবল এই ফল হইতেছে, যে উক্ত সমাজ গাঁজিয়া উঠিয়া জঠীচার রূপ জঘন্য তাড়ি উৎপন্ন করিতেছে ৷ আবার যাঁহারা এই জঘন্য তাড়ি পান করেন, তাঁহাদের মত্ততাই বা কত ?

চরিত্র বিষয়ে দেশস্ত লোকের অবনতির কারণ তাহাদিগের ধর্ম বিষয়ে অবনতি ৷ ধর্মের প্রধান উপাদান ঈশ্বরের প্রতি ভক্তি ও পরকালের ভয় ৷ সে কালের লোকের বিশ্বাস যেরূপ থাকুক না কেন, ঈশ্বরের প্রতি বিলক্ষণ শ্রাদ্ধা ও ভক্তি ও পর-কালের ভয় ছিল; এক্ষণকার লোকদিগের দেরপ দৃষ্ট হয় না l বিদ্যানুশীলনের প্রাত্নর্ভাব বশতঃ ধর্ম বিষয়ে সত্যজ্ঞান প্রচারিত হইতেছে বটে, কিন্তু ধর্মের প্রধান উপাদান শ্রদ্ধা, ভক্তি ও পর-কালের ভয়, সে সকল ক্রমে তিরোহিত হইতেছে। "একণকার সাকার উপাসকদিগের আপনাদিগের উপাসিত দেব দেবীতে তত বিশ্বাস নাই : তাঁহাদিগের মধ্যে ধর্ম এক্ষণে কেবল তামসিক ব্যাপার হইয়া উঠিয়াছে। এক্ষণকার নিরাকার উপাসকদিগকে জিজ্ঞান এই যে, সরলচিত্ত বিশ্বানী সাকার উপাদকেরা যেমন ভাঁহাদের দেবতাকে সাক্ষাৎ দেখেন, ভাঁহারা কি নিরাকার ঈশ্ব-রকে মেইরপ সাক্ষাৎ দেখিয়া তাঁহার উপাসনা থাকরেন ? সে কালের পেতিলিকেরা যেরূপ তাঁহাদিগের ধর্মের নিয়ম সকল পালন করিতেন, ভাঁছারা কি ভাঁছাদের ধর্মের নিয়ম, বিশেষতঃ उंशाननात नियम म्हेंक्रिश शीलन कतिया शास्त्रन १ शूर्ककारलत লোকেরা যেমন সকল কার্য্যে পরকালের ভয় করিতেন, ভাঁহারা কি সেইরপ করিয়া থাকেন? সে কালের লোকেরা যেরপ ধর্ম-

ভীক, সরল, স্বেহনীল, দয়াশীল ছিলেন, তাঁহারা কি সেইরূপ ধর্মভীক, স্নেহণীল ও দয়াশীল ? এক্ষণে সভা, বক্তৃতা, উৎসব রূপ ধর্মামোদের প্রতি লোকের অধিক দৃষ্টি কিন্তু ধর্ম সাধ-নের প্রতি তত দৃষ্টি নাই ৷ এক্ষণে ধর্মবিষয়ে উপদেশের আশ-স্কারিক সৌন্দর্য্যের প্রতি লোকের অধিক দৃষ্টে, কিন্তু সেই উপদেশাসুদারে কার্য্যের প্রতি তত দৃষ্টি নাই ৷ লোকে ধর্মোপদেশ শুনিয়া বলে, "বেদ বক্তা করিয়াছে,—বেদ বক্তা করিয়াছে !' কিন্ত বে উপদেশ শুনা হয়, তাহা কার্য্যে পরিণত করিতে, অতি অপ্প লোকেই চেটিত হয় ৷ এই অবস্থায় যে একণে এই দেশে কেবল ধর্মোদাসীনের দল,—কেবল ধর্মশুন্য লোকের দল বাড়িবে তাহার সন্দেহ্ কি ? ধর্ম সমাজ রক্ষার পত্তনভূমি ৷ যে সমাজে ধর্মের প্রতি শ্রেদা নাই, সে সমাজের কি উন্নতির আশা করা যাইতে পারে? নান্তিকতা ও ভজ্জনিত পাপাচরণ জন্য অত বড় क्राप्मत कि वर्कनाई ना इहेल? (यथात वर्ष नाई, मिथातन धेक्रेश इक्नेश हे घटि ।

বত্তমান বঙ্গনমাজের রাজ্য বিষয়ক অবস্থাও সংখ্যেষজনক, নহে । আমরা নিশ্চয় জানি যে, আমরা আঅশাসনে অক্ষম । আমাদিগকে একণে অনেক দিন পরাধীন হইয় থাকিতে হইবে ৷ এক প্রভু গিয়া আর এক প্রভু হইতে পারে, কিন্ত হয়ত দেই প্রভু, আমাদিগের বর্তমান প্রভুরা যত ভাল, তত্তভাল না হইতেও পারেন ৷ অতএব এতদেশে ইংরাজদিগের রাজুর স্থায়ী হয়, আমরা ঈশ্বরের নিকট কায়মনোবাক্যে প্রার্থনা করিয়া থাকি ৷ কিন্ত ছ্থেবর বিষয় এই যে, আমাদি

গের ইংরাজ রাজপুরুষেণা আঘানিগের ন্যাণ্য আশা পূর করেন না! পূর্ণের সাহেবেরা এতদেশীয়দিগের প্রতি যেরূপ সদৃয় ব্যবহার করিতেন, এক্ষণে প্রায় সেরপ ব্যবহার করেন না। এক্ষণে ইংলণ্ড গমনের স্থবিধা হওয়াতে এ দেশের প্রতি সাহেবদিগের পুর্দ্নাপেক্ষা মমতা কমিয়া গিয়াছে, আর সেরপ বাঙ্গালী কর্মচারীর বাড়ীতে গিয়া কোন সাহেব তাহার কুশল জিজ্ঞাসা করেন না এবং ভাহার সন্তানদিগকে আদর করেন না। সে কালের বাঙ্গালীরা তাঁহাদিগের রাজ্য সম্বন্ধীয় অব-স্থায় সন্তুট ছিলেন ৷ তাঁহারা তত ইংরাজী শিক্ষা লাভ করিতেন না, ভাঁছারা রাজতেত্ব তত স্থানরূপে বুঝিতেন না, আর নাহেবেরাও তাঁহাদিগের প্রতি সদয় ব্যবহার করিতেন! এই সকল কারণে তাঁহারা তাঁহাদিগের রাজ্য সম্মীয় অবস্থায় भक्षके थाकिरजन! अक्तरा नाना काहरा ठजू फिरक अमरस्राव टिक ইইতেছে। ইংরাজী শিক্ষার দ্বারণ আমাদিগের হৃদয়ে উচ্চ উচ্চ বাসনার উত্তেক হইতেছে, কিন্তু রাজপুরুষেরা আমা-দিগের সেই সকল বাসনা পূর্ণ করিতেছেন না! আমরা গবর্ণ-মেন্টের দোষ সকল বিলক্ষণ ব্ঝিতে পারিতেছি, কিন্তু আমা-দিগের হাত পা বাঁধা, দে সকল দোষ সংশোধন বিষয়ে আমা-দিগের কোন কথাই চলে না। এীক পুরাণে লিখিত আছে যে, ট্যান্টেলস্ নামক এক ব্যক্তি নরকে একটা অন্ত শাস্তি প্রাপ্ত হইয়াছিল। পিপাদায় আকুল, কিন্তু যেমন দে জ্রোতের জল পান করিতে যায়, তেমনি জ্বল তার ওষ্ঠদ্বয় হইতে প্লায়ন করে, আমাদিগের দশা সেইরূপ্ হইয়াছে! আমরা যখন মনে করি যে, রাজ্য সম্বন্ধীয় কোন স্থ লাভ করিলাম,

অমনি সেই স্থ আমাদিগের নিকট হইতে পলায়ন করে! আমরা ইংরাজী শিক্ষা না করিতাম, এ বিভ্রনা অপেকা সে বরং ভাল ছিল! কোন ইংরাজী কবি বলিয়াছেন:———

> "When ignorance is bliss," "Tis folly to be wise."

"যখন অজ্ঞতার সুখ, তখন বিজ্ঞ হওয়া অজ্ঞতার কর্ম।' এ বিষয়ে আরো অনেক বলা যাইতে পারে। কিন্তু বক্তা আরো দীর্ঘ হইবে বলিয়া তাহা হইতে বিরত হইলাম।

এক্ষণে সকলে বিবেচনা কৰুন, — যখন আমরা শারীরিক বলবীর্য্য হারাইতেছি.—যখন দেশীয় স্থমহৎ সংস্কৃত ভাষা ও শান্তের চর্চ্চা হ্রাস হইতেছে,—যখন দেশীয় সাহিত্য ইংরেজী অনুকরণে, পরিপূর্ণ,—যখন দেশের শিক্ষা প্রণালী এত অপক্ষেউ যে, তদ্বারা বৃদ্ধি বৃত্তির বিকাশ না হইয়া কেবল স্মৃতি শক্তির বিকাশ হইতেছে,—যখন বিচালয়ে নীতি শিক্ষা প্রদত্ত হইতেছে না,—যখন স্ত্রীশিক্ষার অবস্থা অত্যন্ত অনুন্নত,—যখন উপজীবিকার আহরণের বিশিষ্ট উপায় সকল অবলম্বিত হইতেছে না,—যখন সমাজ সংস্কারে আমরা যথোচিত কতকার্য্য হইতে পারিতেছি না,—যখন চতুর্দ্ধিকে পানদোষ, অসরলতা, স্থার্থপরতা ও স্থাপ্রিয়তা প্রবল,—খখন আমাদিগের রাজ্য সমন্ধীয় অবস্থা শোচনীয়,—বিশেষতঃ যখন ধর্মের অবস্থা অত্যন্ত হীন,—তখন গড়ে আমাদিগের উন্নতি কি অবনতি হইতেছে, ভাহা মহাশয়েরা বিবেচনা ককন!

কিন্ত আমাদিগের নিরাশ হওয়া কর্ত্তব্য নহে ! আশা অবলম্বন করিয়া থাকিতেই হইরে, যে হেতু আশাই সকল উন্ন-

ভির্মল। যখন যান্ধালী দ্বারা কোন কালে অনেক কার্য্য সাধিত হইয়াছিল, তখন এমত আশা করা যাইতে পারে মে, সেই বাঙ্গালী দ্বারা প্ররায় অনেক কার্য্য সাধিত হইবে। সমুদ্র দেন, চন্দ্র দেন, প্রভৃতি রাজারা যাঁহারা পাওবদিগের সঙ্গে ঘোরতর সংগ্রাম করিয়াছিলেন, তাঁহারা বাঙ্গালী ছিলেন ! রাজকুমার বিজয়সিংহ যিনি পিতা কর্ত্তক স্থদেশ হইতে বহি-ক্ষুত হইয়া কতকগুলি অনুচরের সহিত সমুদ্রপোতে আরোহণ পুরুক সিংহলে গমন করিয়া উক্ত উপদ্বীপ জয় করিয়াছিলেন এবং যাঁহার সিংহ উপাধি হইতে ঐ উপদ্বীপ সিংহল নামে আখ্যাত হইয়াছে তিনি এক জন বান্ধালী ছিলেন। । । । থনপতি ও এীমন্ত সত্নাগরেরা, ঘাঁহারা সমুদ্রে গমনাগমন পুর্মক বাণিজ্য কার্য্য সমাধা করিতেন, ভাঁহার; বাঙ্গালী ছিলেন ৷ দেবপাল, ভূপাল, মহীপাল প্রভৃতি সার্কভৌম সঁমাট, খাঁহারা কণাট হইতে ভিকাত পাৰ্যাল দেশ সকলকে করপ্রদ করিয়াছিলেন, ভাঁহারা বাঙ্গালী ছিলেন !

> "যশোর নগর গাম, প্রভাপ আ'দিত্য ন।ম. মহারাজা বস্তুজ কারতঃ"

যিনি জাহাসীর পাদৃশার দেনাপতিদিগকে হিম্সিমু খাওয়াইয়াছিলেন, তিনি এক জন বাসালী ছিলেন। বাঙ্গালীদিগের
বর্ত্তমান অবস্থা অত্যন্ত হীন: কিন্তু যথন এই বর্ত্তমান হীন
অবস্থাতেও তাহারা কিছু কিছু কার্য্য করিতে সক্ষম হইতেছে,
তথন এমন আশা করা যাইতে পারে বে, ভবিষ্যতে তাহারা
অধিক কার্য্য করিতে সক্ষম হইবে! বর্ত্তমান কালের এক জন
বাঙ্গালী সাহেবদিগের মধ্যে 'Pighting Moonsiff" অর্থাৎ

যুদ্ধপ্রিয় মুন্দেফ উপাধি লাভ করিয়াছিলেন এবং সিপাহীদিগের বিদ্রোহের সময় ইংরাজ রাজপুরুষদিগের পক্ষে যুদ্ধ করাতে গবর্ণমেন্ট হইতে জায়গির প্রাপ্ত হইয়াছিলেন। বাঙ্গালীরা এক্ষণে ভীষণ সমুদ্র-তরঙ্গ পার হইয়া ইংলণ্ডে গমন পূর্ব্বক তথায় মহা সম্মান প্রাপ্ত হইতেছে! বাঙ্গালীরা একণে সিবিল সর্বিসের পরীক্ষা দিয়া কলির ত্রান্ধণ মণ্ডলীর মধ্যে স্থান লাভ ্যরিতে সক্ষম হইতেছে। ভারতবর্ষে যেখানে বাঙ্গালীরা ্মন করিতেছে, সেইখানে একটা কারখানা করিয়া ভূলিতেছে 1 যথা,—অযোধ্যায়, জয়পুরে, কাশ্মীরে। বাঙ্গালীরা এক্ষণে ধর্ম ও রাজ্য বিষয়ক আন্দোলনে ভারতবর্ষে অগ্রবর্তী স্থান অধি-কার করিতেছে ৷ অভএব বাঙ্গালী দ্বারা যখন এভটুকু হই-য়াছে, ভখন যে অধিক হইবে না, ইহা কি প্রকারে বলা যাইতে পারে ? ঈশ্বরের অসাধ্য কিছুই নাই! তিনি নীচকে উচ্চ করিতে পারেন ও উচ্চকে নীচ করিতে পারেন। এই বাঙ্গালী জাতি এক্ষণে সকলের নিকট ঘণিত; কিন্তু হয়ত এই বাঙ্গালী জাতি যাহা করিবে, ভারতবর্ষের আর কোন জাতি তাহা করিতে সক্ষম হইবে না । হয়ত এই গ্রন্মল বাঙ্গালী জাতি ভবি-ষ্যতে পৃথিবীর মধ্যে এক প্রধান জাতি হইয়া উঠিবে ৷ ঈশ্বর সেই দিন শীঘ্ৰ আনয়ন কৰুন!

